Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

University Diploma সঙ্গে নিশ্চিত চাকরী M : 8981472170
Graphic Web Design Video Editing Animation Digital Marketing
Chadni Chowk, 15, C.R.Avenue, Kol-72
www.imagic.net.in

বর্ষ ৪০ সংখ্যা ২০ কলকাতা বুধবার, ১১ ডিসেম্বর ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৪ অগ্রহায়ণ ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## দিল্লি মেট্রোয় ১৪৬১ চাকরি

বিভিন্ন পদে ১,৪৬১ জন কর্মী নিয়োগ করবে দিল্লি মেট্রো রেল কর্পোরেশন। নিয়োগ হবে এক্সিকিউটিভ ও নন-এক্সিকিউটিভ ক্যাটেগরিতে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, জুনিয়র ইঞ্জিনিয়ার, মেইন্টেনার-সহ বিভিন্ন পদে। প্রথমে ট্রেনিং। পরে ২ বছরের প্রবেশন। কিছু পদের ক্ষেত্রে চুক্তিতে নিয়োগ হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর DMRC/HR/Rectt./I/2019.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিবরণ: **সেকশন বি: নন-এক্সিকিউটিভ:** পোস্ট কোড: RNE10: **কাস্টমার রিলেশনস অ্যাসিস্ট্যান্ট:** ৩৮৬টি (সাধারণ ১৮৭, তফসিলি জাতি ৫৮, তফসিলি উপজাতি ৪৬, ও বি সি ৫৭, আর্থিকভাবে অনগ্রসর ৩৮)। এর মধ্যে ৫৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনে অন্তত দেড় মাস মেয়াদের কোর্স করে থাকতে হবে।

পোস্ট কোড: RNE01: **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল):** ২৬টি (সাধারণ ১১, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ২, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড: RNE02: **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স):** ৬৬টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস, ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স বা মাইক্রোপ্রসেসর বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড: RNE03: **জুনিয়র**

এরপর সাতের পাতায়

## ইস্ট কোস্ট রেলে ১২১৬
### তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ১,২১৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইস্ট কোস্ট রেলওয়ে। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের অধীনস্থ বিভিন্ন ওয়ার্কশপ ও ইউনিট ট্রেনিং দেওয়া হবে মেশিনিস্ট, ওয়েল্ডার, ফিটার, ইলেক্ট্রিশিয়ান, টার্নার, কার্পেন্টার, ড্রাফটসম্যান-সহ বিবিধ ট্রেডে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড দেওয়া হবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর ECoR/RRC/Act Appr/2019.

**ওয়ার্কশপ/ডিভিশন ও ট্রেড অনুসারে আসনসংখ্যার বিন্যাস: ইস্ট কোস্ট রেলওয়ে হেডকোয়ার্টার: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট:** ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)।

**ক্যারেজ রিপেয়ার ওয়ার্কশপ, মঞ্চেশ্বর, ভুবনেশ্বর:** **ফিটার:** ৮০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ২০, ও বি সি ২২, আর্থিকভাবে অনগ্রসর ৮)। **শিট মেটাল ওয়ার্কার:** ২০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। **ওয়েল্ডার:** ৩৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১০, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৪)। **মেশিনিস্ট:** ১২টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **মেকানিক (এম ভি):** ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **কার্পেন্টার:** ৩০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৮, আর্থিকভাবে অনগ্রসর ৩)। **ইলেক্ট্রিশিয়ান:** ৩০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৮, দৈহিক প্রতিবন্ধী ৩)। **রেফ্রিজারেশন অ্যান্ড এ সি মেকানিক:** ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ওয়্যারম্যান:** ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **পেইন্টার:** ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর

এরপর পনেরোর পাতায়

## ক্লার্কশিপের পরীক্ষা জানুয়ারির শেষে

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে লোয়ার ডিভিশন ক্লার্ক নিয়োগের পরীক্ষা হবে জানুয়ারির শেষভাগে। পরীক্ষা নেবে পাবলিক সার্ভিস কমিশন। ৪,০০০ শূন্যপদের জন্য প্রায় ৭ লক্ষ দরখাস্ত জমা পড়েছে বলে সূত্রের খবর। দরখাস্ত পরখ করার কাজ শেষ হয়েছে। প্রথম দফার লিখিত পরীক্ষা নেওয়া হবে জানুয়ারির শেষে।

উল্লেখ্য, এবছরের ক্লার্কশিপ পরীক্ষার দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ছিল ২৫ মার্চ।

ক্লার্ক নিয়োগের লিখিত পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংরেজি (৩০ নম্বর), পাটিগণিত (৩০ নম্বর) এবং জেনারেল স্টাডিজ (৪০ নম্বর) বিষয়ে। এই পরীক্ষায় সফল হলে মেন পরীক্ষায় বসার ডাক পাওয়া যাবে। দ্বিতীয় দফার পরীক্ষায় ৫০ নম্বরের ইংরেজি (হিন্দি, উর্দু, নেপালি, সাঁওতালি) ও ৫০ নম্বরের বাংলার প্রশ্ন হবে। বিশদে উত্তর লিখতে হবে। মেন পরীক্ষায় উত্তীর্ণ হলে টাইপিং টেস্ট নেওয়া হবে।

আরও চাকরির খবর ভেতরের পাতায়

## রাজ্যের ডাকবিভাগে ৫৭৭৮ গ্রামীণ ডাক সেবক

**হাইকোর্টের নির্দেশ অনুসারে শুধুমাত্র ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব মাদ্রাসা এডুকেশন (দশম শ্রেণি উত্তীর্ণ) প্রার্থীরা অনলাইন আবেদন করতে পারবেন**

পশ্চিমবঙ্গ জুড়ে ৫,৭৭৮ জন গ্রামীণ ডাক সেবক নিয়োগের জন্য মাদ্রাসা উত্তীর্ণদের আবেদনের নতুন সময়সীমা নির্ধারণ করল ভারতীয় ডাকবিভাগ। আবেদন করতে হবে অনলাইনে। ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব মাদ্রাসা এডুকেশন থেকে দশম শ্রেণি উত্তীর্ণ যেসব প্রার্থী ইতিমধ্যে অফলাইনে আবেদন করেছেন, তাঁদের আর নতুন করে দরখাস্ত করতে হবে না। পুরুষ-মহিলা উভয়ই আবেদন করতে পারেন। নিয়োগ হবে ওয়েস্ট বেঙ্গল পোস্টাল সার্কেলের বিভিন্ন ডিভিশনে— ব্রাঞ্চ পোস্ট মাস্টার, মেল ডেলিভারার, মেলম্যান, প্যাকার এবং স্ট্যাম্প ভেন্ডর পদে। দেশের প্রত্যন্ত অঞ্চলগুলিতেও ডাক পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে দেশজুড়ে গ্রামীণ ডাক সেবক নিয়োগের এই সিদ্ধান্ত নিয়েছে ভারতীয় ডাক বিভাগ।

উল্লেখ্য ৫-৪-২০১৮ তারিখে ডাক বিভাগের তরফে এই নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল। সেই

এরপর পনেরোর পাতায়

## নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ১৩৭

বিভিন্ন পদে ১৩৭ জন কর্মী নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। বিভিন্ন শাখায় নিয়োগ করা হবে স্টাইপেন্ডারি ট্রেনি, টেকনিশিয়ান-বি, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি ও ড্রাইভার পদে। প্রার্থীদের কর্নাটকের কাইগা সাইটে নিয়োগ করা হবে। ট্রেনি পদের ক্ষেত্রে দু'বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NPCIL/Kaiga Site/HRM/02/2019.

**শূন্যপদের বিন্যাস: টেকনিশিয়ান-বি:** সার্ভেয়র: ২টি। ইলেক্ট্রিশিয়ান: ১টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক/ইলেক্ট্রনিক্স: ১টি। ফিটার: ১টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১টি। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** ২১,৭০০ টাকা।

এরপর সাতের পাতায়

## সাইয়ে ১৩০

বিভিন্ন বিভাগে ১৩০ জন কর্মী নেবে সাই (স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া)। এটি কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাডমিনিস্ট্রেশন, ফিনান্স, স্পোর্টস ম্যানেজমেন্ট, ল, জেনারেল ম্যানেজমেন্ট, ইঞ্জিনিয়ারিং-সহ বিভিন্ন বিভাগে নিয়োগ করা হবে। প্রাথমিক ভাবে ২ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। ভালো কাজের নিরিখে আরও ২ বছরের জন্য চুক্তির মেয়াদ বাড়ানো হতে পারে।

এরপর সাতের পাতায়

## মেডিক্যাল সায়েন্সেসের স্নাতক কোর্সের সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা ৩ মে

**নিট ২০২০**

দেশের বিভিন্ন মেডিক্যাল কলেজগুলিতে মেডিক্যাল, ডেন্টাল, আয়ুর্বেদ, সিদ্ধা, ইউনানি এবং হোমিওপ্যাথির স্নাতক কোর্সে ভর্তির সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা 'ন্যাশনাল এলিজিবিলিটি-কাম-এন্ট্রান্স টেস্ট, ২০২০' (নিট) নেওয়া হবে ৩ মে। জাতীয় স্তরে পরীক্ষাটি নিচ্ছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা বায়োটেকনোলজি-সহ উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। পাশাপাশি ইংরেজি বিষয়ে পাশ করা বাধ্যতামূলক। **বয়স:** ৩১-১২-২০২০ তারিখে ১৭ থেকে ৩-৫-২০২০ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের ১৮০টি মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি (বটানি ও জুলজি) বিষয়ে। সময় ৩ ঘণ্টা। প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক স্তরের। পরীক্ষা দুপুর ২টো থেকে বিকেল ৫টা পর্যন্ত। পশ্চিমবঙ্গের (কোড: ১৯) পরীক্ষাকেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে সিটি কোড নম্বর): উত্তর ২৪ পরগনা (৪৬০১), আসানসোল (৪৬০২), বর্ধমান (৪৬০৩), দুর্গাপুর (৪৬০৪), হুগলি (৪৬০৫), হাওড়া (৪৬০৬), খড়্গপুর (৪৬০৭), কলকাতা (৪৬০৮) এবং শিলিগুড়ি (৪৬০৯)। রাজ্যের পরীক্ষার্থীরা ইংরেজি এবং বাংলায় ছাপানো প্রশ্নপত্র পাবেন।

এরপর পনেরোর পাতায়

LAL BAHADUR SHASTRI INSTITUTE OF MANAGEMENT, DELHI
25 JUBILEE
Approved by AICTE, Ministry of HRD, Govt. of India

POST GRADUATE DIPLOMA IN MANAGEMENT (GENERAL) FULL TIME (NBA APPROVED)
POST GRADUATE DIPLOMA IN MANAGEMENT (FINANCE) FULL TIME (NBA APPROVED)
POST GRADUATE DIPLOMA IN MANAGEMENT (RESEARCH AND BUSINESS ANALYTICS) FULL TIME
POST GRADUATE DIPLOMA IN MANAGEMENT (LOGISTICS AND SUPPLY CHAIN MANAGEMENT) FULL TIME

ANNOUNCES ADMISSION 2020

ADMISSION PROCEDURE
- Eligibility: Graduation or equivalent degree in any discipline from a recognized university. Students graduating in 2020 may also apply. Refer Institute's website for more details.
- Candidates can apply either online at https://forms.lbsim.ac.in on payment of Rs.1,250/- or through duly filled in application forms available at the Institute for Rs.1,250/-.
- PLACEMENT: Consistent strong placement record since the inception of the institute.
- HOSTEL: Lal Bahadur Shastri Hostel available separately for boys and girls.

- State-of-the-Art Infrastructure.
- Service Oriented and highly resourceful Library.
- 12 Terminals based Bloomberg Lab, IBM SPSS and SAS Analystics Lab.
- Ranked 28th and 30th in India by The Week and India Today 2019 respectively
- 4000+Vibrant Alumni Globally

Last date for applying 15 DECEMBER 2019
Member Of AACSB International

Apply to: Admission Coordinator
Lal Bahadur Shastri Institute of Management
Plot No.11/7, Sector-11, (Near Sector-11 Metro Station)
Dwarka, New Delhi - 110075, Phone: 011-25307700
Email: admission@lbsim.ac.in
Website: www.lbsim.ac.in
Follow us:

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


# কর্মক্ষেত্র

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ২০ □ ১১ ডিসেম্বর ২০১৯



**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com


## কর্মখালি

**SBI / HDFC / UCO YES BANK ও** অফিসিয়াল পদে 156 জন স্মার্ট বাংলাভাষী MP-MA (18-36) M/F সরাসরি নিয়োগ। বেতন: 11,856/- – 35,927/- (PF+INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

**There is a call for 'Project** Assistant' in a DST-CSRI funded project in the Department of Genetics, University of Calcutta, Kol-19. For details, check university website.

□

**NEED, M/F Sales & Back office.** Salary: 10k-16k. Carrion, 10B, Dr. Lalit Banerjee Sarani, Kolkata-73. M : 98314-76897 / 033-2236-0750

□

### স্টার হোটেলে চাকরি

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

### হোটেলে স্থায়ী চাকরি

কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি/বাইরে ট্রেনিং, রেজিঃ ফি ছাড়া অনূর্ধ্ব ৩০ সরাসরি জয়েনিং। ৮,০০০/- থাকা খাওয়া ফ্রী + উন্নতি। গড়িয়া-কলকাতা: 92316-80651 / bshm.co.in

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে বাংলা** ভাষায় কথা বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 70440-49492, 90880-93059.

□

**এয়ারপোর্টে গ্রাউন্ড স্টাফ, ব্যাঙ্ক ও বিভিন্ন** অফিসে বিভিন্ন পোস্টে চাকরির সুবর্ণ সুযোগ। আমরা আপনাদের চাকরি পেতে বিগত ৪ বছর ধরে সহায়তা করে আসছি। চাকরি করতে ইচ্ছুক পাত্র ও পাত্রীরা সরাসরি Interview-এর জন্য আসুন। যোগ্যতা: VIII Passed থেকে। Job Consultancy, Add: AC-5, Prafulla Kanan East Kestopur, Kol-700101 Near Desopriya Balika Vidyalaya. যোগাযোগ: Ph: 98749-42181.

□


কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৪ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৫ ডিসেম্বর কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২১ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।


## কর্মখালি

### স্টার হোটেলে 6 - 17,500/-

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি, 99322-25700.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি, ব্যাঙ্কের Payroll ও** ব্যাক অফিস PF + ESI (MP-MA) হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল 93304-27198 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 বনগাঁ ও বিরাটী: 84208-88113 দমদম ও গড়িয়া: 86976-16060. N. C.

□

### 3-5 স্টার হোটেলে কাজ

**Salary: 10700/- – 19900/-** থাকা-খাওয়া Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

### Airport ও মেট্রোতে ২১৬ জন মহিলা ও পুরুষ চাই

লাইসেন্স নং: **227G14J,** বেতন: 16,500/- - 38,200/-, Tag বয়, ট্রলিবয়, SV, চেকিং, লোডার, Cargo, ড্রাইভার, Road কনস্ট্রাকশন, ইলেক্ট্রিক্যাল, মেন্টেন্যান্স পদে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে নিয়োগ। ESI, PF-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। (M): 75578-74680. N. D, গড়িয়া, Kol-94.

□

### কাজের গ্যারান্টি

সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে স্থায়ী কাজের সুযোগ। বেতন: 16,000/- – 35,500/-. C. G. Kol-14, M: 70470-38421.

□

### ২০১৯-এর চাকরির শূন্যপদ Airport ও মেট্রোতে

কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে ১৪২ জন M/F নিয়োগ। Govt. Regd. No.-EWK/56CCU/L5, যোগ্যতা : ৮ম থেকে স্নাতক। পদ: SV, চেকিং, Tag boy, ট্রলিবয়, Cargo, টোকেনবয়। বেতন: 16,200/- – 42,700/- থাকা ও খাওয়া ফ্রিঃ। T. S. বালিগঞ্জ, Kol-39. (M): 75578-74863.

□

### জরুরি বিজ্ঞপ্তি

কন্ট্রাক্টরের মাধ্যমে এয়ারপোর্টে সরাসরি জয়েনিং। স্ট্যাম্প পেপারে লিখিত-সহ ১৩৫ জন M/F চাই। বয়স: ১৮-৪৫, বেতন: ১৮,৭০০/- - ৪৫,৫০০/-, থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। দমদম স্টেশন, P. V. T, Kol-54, (M): 98605-94752.

□

### VACANCY PVT. LTD

**পর্লেজী, হিন্দুস্থান লিভার, আমূল, ডাবর** Co.-তে 84 জন Male চাই। বেতন: 13,700/- – 26500/-. বয়স: 18-40. M:70744-15080. R. G., CIT Road, Kol-14.

□

### ভবিষ্যৎ গড়ার সঠিক ঠিকানা বহু পুরাতন ঠিকানা

**জরুরি ভিত্তিতে কন্ট্রাক্টরের অধীনে** মেট্রোরেল ও এয়ারপোর্টে Pvt. Bank-গুলোতে কর্মপ্রার্থী নিয়োগ। সম্পূর্ণ বিনা ডোনেশনে। যোগ্যতা: অষ্টম থেকে স্নাতক। বেতন: 16,500/- – 42,800/- + PF, ESI, OT-সহ থাকা খাওয়া + বোনাসের সুযোগ। Vacancy Limited. শীঘ্রই যোগাযোগ করুন। D. J. S, Dum Dum, Kol-54. (M): 86979-63138.

□

### নো ডোনেশন

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে স্থায়ী** কাজে M/F চাই। বেতন 16,500/- – 35,500/-. + ESI + PF + OT, R. E. Kolkata-1, (M): 83270-48508.

□

## কর্মখালি

### কন্ট্রাক্টরের মাধ্যমে এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে পার্মানেন্ট চাকরি

**গভঃ স্বীকৃত Airport মেট্রো কন্ট্রাক্টরের** অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 16,700/- – 47,300/- ও অন্যান্য সুবিধা। Ex-আর্মির বিশেষ ছাড়। S. R. C Pvt. Ltd, Sodpur, Kol-110. (M): 97320-36558.

□

### বহু পুরাতন সংস্থা Govt. Regd. Office

**কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেলে ও** এয়ারপোর্টে কর্মপ্রার্থী নিয়োগ। সম্পূর্ণ বিনা ডোনেশনে। যোগ্যতা: নামসই-স্নাতক, বেতন: 16,700/- – 34,500/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া + বোনাস। P. E, কলি-56. M: 96472-60375.

□

### সরাসরি 7 দিনে স্থায়ী চাকরি

**গভঃ রেজিঃ নং: 254/01,** কোনও ডোনেশন লাগে না। যোগ্যতা: নামসই-স্নাতক। সরাসরি কোং-পে রোলে উঃবঙ্গ-সহ 23টি জেলায় স্থায়ী জব। বেতন: 14,500/- – 37,500/-, পদ: ক্লার্ক, ম্যানেজার, SV, ASV, ইনচার্জ, পিওন, ATM, টাওয়ার, ব্যাঙ্ক (DSA), Ex-ম্যান, গানম্যান। (কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল, এয়ারপোর্ট, জাহাজে, মার্চেন্ট নেভিতে) OT, ছুটি, PF, বোনাস, থাকা, খাওয়া (সাঁওতাল, আদিবাসী, মুন্ডাদের) ST, SC, OBC-দের সুবিধা। G. C. A, B. B. N 24 Pgs, 99335-27495, 80136-07954.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি বিনা ডোনেশনে ডাইরেক্ট জব

**কন্ট্রাক্টরের অধীনে সরকারি স্ট্যাম্প** পেপারে লিখিত-সহ Airport, মেট্রো ব্যাঙ্কে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 17,200/- – 47,300/- সত্বর যোগাযোগ করুন; সোদপুর, কোল-১১০, (M): 74309-99656. A. C.

□

### কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে ডাইরেক্ট জব

**সম্পূর্ণ বিনা ডোনেশনে এয়ারপোর্ট,** মেট্রো ও ব্যাঙ্কে (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 16,400/- – 48,300/-. থাকা খাওয়া ফ্রী। DLC, S.K.B Sarany, Kol-01. (M): 96477-93172.

□

**এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ও Bank** (DSA)-তে পার্মানেন্ট জব। L. No.: EWK-80082. স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সম্পূর্ণ বিনা ডোনেশনে Air Port ও Bank (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : 14,400/- – 48,500/-. বয়স: 18-48. এছাড়া অন্যান্য সুবিধা। ফর্ম দেওয়া চলছে। L. J. S. দমদম, Kol-74, (M): 70768-51322.

□

### সরাসরি নিয়োগ স্থায়ী কাজ MNC, টাওয়ার, Pvt. Bank

**লাইসেন্স নং: WBK7501,** বয়স : ১৮-৫০, উঃবঙ্গ-সহ পঃবঙ্গের প্রতিটি জেলায় যোগ্যতা অনুযায়ী SV, পিওন, ATM গার্ড, ক্লার্ক, SK, ইনচার্জ, ম্যানেজার, Office বয় পদে নিয়োগ। বেতন: 14,200/- – 29,500/-. ঠিকানা: লালবাজার, ডালহৌসি, কলি-০১। DJS: 75578-79624.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**নিজ যোগ্যতায় কন্ট্রাক্টরের অধীনে** এয়ারপোর্ট ও ব্যাঙ্ক (DSA)-তে বিভিন্ন অফিসিয়াল পদে নিয়োগ চলছে। (১) আপনার যোগ্যতানুযায়ী কী কাজ পাবেন? (২) বেতন কত হবে? আপনার মূল্যবান সাক্ষাতের মাধ্যমে জানাতে হবে। আপনার বায়োডাটা-সহ শিক্ষাগত যোগ্যতার ডকুমেন্টস নিয়ে যোগাযোগ করুন: L. P. 195 F. R. Rd, Kol-56, M: 95644-01360.

□


**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

**পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), থাকা, খাওয়ার ব্যবস্থা আছে। (M): 89728-69872, M.J.S, Kol-9.

□

### কন্ট্রাক্টরের অধীনে দমদম এয়ারপোর্ট ও মেট্রোতে নিয়োগ

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport,** মেট্রো ও ব্যাঙ্কে (DSA) কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 16,700/- – 47,300/-, থাকা খাওয়া ফ্রী। B. S. দমদম, Kol-74, (M): 96477-89343.

□

### সরাসরি কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোতে Direct নিয়োগ

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও** মেট্রোতে সরাসরি কন্ট্রাক্টরের অধীনে 147 জন পুরুষ/মহিলা কর্মী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 14,640/- – 47,600/-. B. C, C.I.T Rd, Kol-85. M: 97320-36474.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide বেলঘরিয়া** CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

**18 বছরের অভিজ্ঞ জয়ন্ত রায়, গড়িয়া ও** শিয়ালদহে, WBCS, Bank, Rail, Cgl. ইত্যাদির Maths, G.I, G.K - Montly 500/-. 87772-17803.

□

**WBCS পড়াই। Group A ও B-তে ৮** জন ইন্টারভিউ দিল। সাগর স্যার: 98740-69897. কোর্স ফি 45,000/- (3 বছরের), হাওড়া ময়দান-711 101.

□

**নিশ্চিন্ত সাফল্যর জন্য আসুন— WBCS** 2020, PSC, Rail, NTPC-তে ভর্তি চলছে মাসিক মাহিনাতে। Mock Test ও Optional Subject-এর জন্য যোগাযোগ করুন: 91237-08492 / 82828-09818. MITRA'S, 154, Rabindra Nagar East, Garia, Kolkata-700 153. Free Seminar in January, 2020.

□

### নার্সিং ট্রেনিং

**পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত (STVT),** 2 Years Diploma in Nursing, Hospital Practice যুক্ত, Placement Assistance, Nursing কোর্সে ভর্তি চলছে। রবীন্দ্র পাঠ ভবন, 83350-66916 / 83350-66915.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং

**Pre-Primary & Primary Teachers** Training approved by BSS (Govt. of India) সরাসরি ভর্তি চলছে। Placement Assistance. রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 83350-66915 / 033-2541-2244 কল্যাণী: 033-2502-5475 / 94323-65899.

□

### নার্সিং কোর্সে ভর্তি

**Last Chance GNM ও B. Sc (N) P.** S. B.Sc সরাসরি ভর্তির জন্য যোগাযোগ: 98303-88027 (11-4 PM). Gurukul Nursing Institute, বারুইপুর-144.

□

### Math & Eng সোনারপুর

**WBCS, PSC, SSC, ক্লার্ক Gr. D,** Rail, Bank, প্রাইমারি (Spl.) পুলিশ, S. I, শর্টকাট, সেকেন্ডে কৌশল, Alakes Sir, 98360-45234.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Installment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

### নার্সিং ট্রেনিং

**ভর্তি চলছে। ANM Nursing Training** (2 Yrs). Approved by BSS / NCVT/ NSDC (Govt. of India), Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285.

□

### প্যারামেডিক্যালে ভর্তি

**যে-কোনও শাখায় দ্বাদশ উত্তীর্ণদের** সরাসরি DMLT, ফিজিওথেরাপী, OT টেকনিসিয়ান ও ECG কোর্সে জানুয়ারি '20 সেশনে ভর্তি চলছে। ইন্টার্নশিপ, হোস্টেল ও প্লেসমেন্টের সহায়তা। বেহালা অ্যালায়েড, Ph: 98306-62930, 86974-88882/3, www.blahs.in

□

### প্যারামেডিকেল ও CMS & ED কোর্স

**CMS & ED (Allopathy), DRDP** (ডেন্টাল), DMLT (প্যাথলজী) DRHP (হোমিও), DPT (ফিজিওথেরাপি), ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। ক্লাস: শনি ও রবি, কেরিয়ার অ্যাকাডেমি অফ মেডিকেল, গড়িয়া স্টেশন রোড, ছোটবটতলা, কোলকাতা- 84. 82729-11322 / 70447-16334.


## স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৫০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাঁশি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর অশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# উলের বল তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** শীতের মরশুম শুরু হওয়ার সঙ্গে সঙ্গেই উলের চাহিদা বাড়তে থাকে। সোয়েটার, টুপি, মাফলার, চাদর প্রভৃতি শীতবস্ত্র তৈরির জন্য উলের প্রয়োজন। এই মেশিনের সাহায্যে উলের বল তৈরি করে ওজন অনুযায়ী প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন।

**কীভাবে করবেন:** হরিদ্বার, বেনারস, লুধিয়ানা প্রভৃতি জায়গায় সস্তায় উল পাওয়া যায়। তবে অতদূর যাওয়া সম্ভব না হলে কলকাতার বড়বাজার অঞ্চল থেকে সস্তায় কেজি দরে উলের লাছি কিনে আনতে হবে। প্রথমে এই উলের লাছি মেশিনের ওপরের ববিনে লাগিয়ে দিতে হবে। এবার সেখান থেকে উল নিয়ে মেশিনের নির্দিষ্ট জায়গায় রেখে হস্তচালিত এই মেশিনটি চালালেই ওই উল সুন্দরভাবে জড়িয়ে উলের বল তৈরি হয়ে যাবে। এই মেশিনটি মোটরের সাহায্যেও চালানো যায়। মোটর লাগবে ½ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** হস্তচালিত উলের বল তৈরির মেশিনটির দাম পড়বে ২৫,০০০ টাকা। ওই মেশিনটি মোটরচালিত হলে মোটরসমেত মেশিনটির দাম পড়বে ৪০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক’টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।**

□ *আমি মাধ্যমিক পাশ তরুণী। আমি বিউটিশিয়ানের কাজ শিখে স্বাবলম্বী হতে চাই। কম খরচে আমার ঠিকানার কাছাকাছি কোনও নির্ভরযোগ্য প্রতিষ্ঠানের কথা জানালে খুবই উপকৃত হব। —মিলি মণ্ডল, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

□□ পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট নিখরচায় বিউটিশিয়ানের প্রশিক্ষণ দেবে রাজ্যের বিভিন্ন কেন্দ্রে। উত্তর ২৪ পরগনার বসিরহাটও একটি কেন্দ্র। প্রশিক্ষণ হবে এই ঠিকানায়: গোপালপুর মোড়, ঘোড়ারাশ, কুলীন গ্রাম, উত্তর ২৪ পরগনা। প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও ফি লাগবে না। প্রশিক্ষণ শেষে স্টাইপেন্ড ও সার্টিফিকেট পাওয়া যাবে। ভর্তির জন্য আধার কার্ড, মাধ্যমিকের সার্টিফিকেট বা মার্কশিট এবং ব্যাঙ্কের পাসবইয়ের দরকার হবে। প্রশিক্ষার্থীর অ্যাকাউন্টে স্টাইপেন্ডের টাকা জমা পড়বে। তথ্যের জন্য ফোন করতে পারেন এই দুই নম্বরে: ৮৯১৮৭-৮৩৭৯৮, ৮১৭০০-১৯২২৭।

□ *প্লাস্টিকের ক্যারিব্যাগ ও শপিং-ব্যাগের ব্যবহার কমতে থাকায় পাট দিয়ে তৈরি ব্যাগের চাহিদা বাড়ছে। আমি পাট দিয়ে তৈরি শপিংব্যাগের ব্যবসা করতে চাইছি। ‘কর্মক্ষেত্র’য় আগে পাটের ব্যাগ তৈরির প্রশিক্ষণ বিষয়ে পড়েছি। প্রশিক্ষণ নেওয়ার সুযোগ হয়নি। পরবর্তী প্রশিক্ষণ কোর্স সম্পর্কে জানতে চাই। —প্রসূন দত্ত, বাটানগর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ পাটের ব্যাগ তৈরির সরকারি প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। প্রশিক্ষণ দেয় ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি। পরবর্তী প্রশিক্ষণ শুরু হবে ১৩ জানুয়ারি, চলবে ২৫ জানুয়ারি পর্যন্ত। সকাল ১০টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ক্লাস। ফি ১,২০০ টাকা। চাইলে প্রতিষ্ঠানের হস্টেলে থেকে প্রশিক্ষণ নেওয়া যায়। দৈনিক ৫০ বা ১০০ টাকার বিনিময়ে হস্টেলে থাকা যায়। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হয়। যোগাযোগের ঠিকানা: ১২, রিজেন্ট পার্ক (রানীকুঠি বাসস্টপ), কলকাতা-৪০। ফোন: ২৪২১-২১১৫/২৪২১-২১১৬।

□ *পশ্চিমবঙ্গ থেকে কি মধু রপ্তানি হয়? আমি মধু রপ্তানির নিয়মকানুন সম্পর্কে জানতে চাই। কোনও রপ্তানি-কারকের সন্ধান দিলে খুবই উপকার হয়। —সজল দত্ত, হাবরা, উত্তর ২৪ পরগনা।*

□□ বিভিন্ন সংস্থা পশ্চিমবঙ্গ থেকে মধু রপ্তানি করে। আপনি এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির ওয়েবসাইটে পশ্চিমবঙ্গের মধু রপ্তানিকারকদের তালিকা পাবেন। ওয়েবসাইটের ‘এক্সপোর্টার্স’ উইন্ডোতে ক্লিক করবেন। ওয়েবসাইট: www. apeda.gov.in


MSME-Technology Development Centre, Meerut
Central Government Approved Course
Industry Relevant Professional & JOB Oriented Courses on
FIRE & SAFETY MANAGEMENT (in Association with MNG Academy)

| Course | Eligibility | Duration | Fees |
|---|---|---|---|
| Diploma in Fire Technology & Safety Management | 10+2 | 1 Year | 47600.00 |
| Diploma in Industrial Safety | 10+2 | 1 Year | 47600.00 |
| PG Diploma in Fire Safety Management | Graduation | 1 Year | 57900.00 |

Courses Highlight
❖On Job Practical Training ❖Affordable Course Fees
❖Placement Assistance ❖AC Classroom
Limited Seats
Admission at: MNG ACADEMY
Admission going on
9/5 Feeder Road, Belghoria, rathtala, Kolkata-700056
Tel: +91-033-2544 3355/ Web: www.mngacademy.in
Training Venue :
Belghoria- 7980191435, Burdwan- 8240995219, Gariahat- 6290508669





Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*যদি সূর্যের মতো উজ্জ্বল হয়ে উঠতে চাও, তাহলে আগে তোমাকে সূর্যের মতো পুড়তেও হবে।*
*— এ পি জে আব্দুল কালাম*
*(ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি)*

***✓সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি ২০১৭-য়। একটি বেসরকারি কনস্ট্রাকশন সংস্থায় চাকরি করছি দেড় বছর যাবৎ। সরকারি চাকরির খবর জানতে চাই।***
*শিবাজি দত্ত, ভদ্রেশ্বর, হুগলি।*

☐ বিভিন্ন সরকারি সংস্থায় চাকরি আছে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত থাকুন।

***এখনই আবেদন করতে পারেন:*** বেশ কিছু সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নেবে পশ্চিমবঙ্গ সরকারের পুরবিভাগ। প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখার ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। ডিপ্লোমায় অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ৪ ডিসেম্বর সংখ্যায়, 'মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। **৩১ ডিসেম্বরের** মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org

> বেশ কিছু সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নেবে পশ্চিমবঙ্গ সরকারের পুরবিভাগ। প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখার ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। ডিপ্লোমায় অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নিয়োগ করা হয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। আপনি আবেদন করতে পারবেন। রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। সি পি ডব্লু ডি এবং বিভিন্ন রাজ্যের পাবলিক ওয়ার্কস বিভাগে সিভিল ইঞ্জিনিয়ারদের চাকরি আছে। এ ছাড়া রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থায় জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও নানা চাকরির খবর পাবেন।

***✓আমি একজন পাস-গ্র্যাজুয়েট। উচ্চতা ১৭০ সেমি। পুলিশে সাব-ইনস্পেক্টর পদে চাকরি করতে চাই। আমি এই পদে দরখাস্ত করতে পারব তো?***
*সব্যসাচী দাশ, বেহালা চৌরাস্তা, কলকাতা।*

☐ শিক্ষাগত যোগ্যতা ও উচ্চতার নিরিখে আপনি পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশের সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** ১২৫জন স্টাফ অফিসার-কাম-ইনস্ট্রাক্টর নেবে পশ্চিমবঙ্গ পুলিশ। নিয়োগ হবে রাজ্যের ডিজাস্টার ম্যানেজমেন্ট এবং সিভিল ডিফেন্স দপ্তরে। শিক্ষাগত যোগ্যতা স্নাতক। পুরুষদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে অন্তত ১৬৭ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে ৭৮ ও ৮৩ সেমি। 'কর্মক্ষেত্র'-র ২৭ নভেম্বর সংখ্যায়, 'রাজ্য পুলিশে ১২৫ স্টাফ অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। **২৪ ডিসেম্বরের** মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpolice.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** সরাসরি ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিসের অফিসার র‌্যাঙ্কে চাকরি করার আগ্রহ থাকলে ডব্লু বি সি এস পরীক্ষায় বসতে পারেন। গ্রুপ 'বি'-র পরীক্ষায় সফল হলে ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিসে অফিসার র‌্যাঙ্কের চাকরি হয়।

> ১২৫জন স্টাফ অফিসার-কাম-ইনস্ট্রাক্টর নেবে পশ্চিমবঙ্গ পুলিশ। নিয়োগ হবে রাজ্যের ডিজাস্টার ম্যানেজমেন্ট এবং সিভিল ডিফেন্স দপ্তরে। শিক্ষাগত যোগ্যতা স্নাতক। পুরুষদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে অন্তত ১৬৭ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে ৭৮ ও ৮৩ সেমি।

চাইলে গ্র্যাজুয়েট যোগ্যতার অন্যান্য বিভিন্ন চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন।

***✓পড়াশোনা ক্লাস এইট পর্যন্ত। বয়স ২৩ বছর। নানারকমের কাজের মাধ্যমে জীবিকা নির্বাহ করি। সরকারি চাকরির সুযোগ আছে কি?***
*সুমন মণ্ডল, নিউ ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

☐ সরকারি চাকরি পাওয়ার জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তাই লিখিত পরীক্ষার জন্য পড়াশোনা করে প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** রিষড়া পুরসভায় কিছু হেল্পার ও মজদুর নেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট পাশ। অর্থাৎ আবেদন করতে পারছেন। 'কর্মক্ষেত্র'-র ৪ ডিসেম্বর সংখ্যায়, 'রিষড়া পুরসভায় চাকরি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। যে কোনও একটি পদে আবেদন করবেন। যে কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে দরখাস্তের বয়ান সরাসরি সংগ্রহ করতে হবে রিষড়ার পুরসভার অফিস থেকে। ঠিকানা: The Chairman, Rishra Municipality, 49/56/57, Rabindra Sarani, Rishra, Hooghly-712 248. প্রয়োজনীয় নথিপত্র-সহ ডাকে **১৬ ডিসেম্বরের** মধ্যে দরখাস্ত জমা দিতে হবে উপরোক্ত ঠিকানায়।

***✓ইংরেজি অনার্স পড়ছি প্রথম বর্ষে। টাইপিং জানি। রেলের চাকরিতে খুব আগ্রহ। চাকরির খবর জানতে চাই।***
*রাজর্ষি মৈত্র, বাঙ্গুর, কলকাতা।*

☐ বর্তমানে চাকরির আবেদন করতে চাইলে আপনি উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। গ্র্যাজুয়েশনের পরে চাকরির সুযোগ আরও বাড়বে। টাইপিং জানা থাকায় কিছু চাকরির ক্ষেত্রে আপনার সুবিধাই হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, সর্টিং অ্যাসিস্ট্যান্ট, লোয়ার ডিভিশন ক্লার্ক, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। মিনিটে অন্তত ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ২৭ নভেম্বর সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার উচ্চমাধ্যমিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। **১০ জানুয়ারির মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in

২০৪জন জুনিয়র অ্যাসিস্ট্যান্ট নেবে সি বি এস ই। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। কম্পিউটারে মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। আপনি এই চাকরিটির জন্য আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২০ নভেম্বর সংখ্যায়, 'সি বি এস ই-তে ৩০৮ অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার ও অ্যাকাউন্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। **১৬ ডিসেম্বরের মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cbse.nic.in

## পেশাদারি জ্ঞান থাকলে কাজের বাজারে মূল্য পাবেন



**প্রফেসর অনির্বাণ বসু রায়চৌধুরী**, বিভাগীয় প্রধান, জার্নালিজম ও মাসকমিউনিকেশন বিভাগ, নোডাল অফিসার, বি ভোক প্রোগ্রাম, ডিরোজিও মেমোরিয়াল কলেজ

ছাত্রাবস্থাতেই কেরিয়ার তৈরির ব্যাপারে সচেতন থাকা জরুরি। কোন বিষয় নিয়ে পড়াশোনা করবেন, সেই বিষয়ের সঙ্গে পেশার সম্বন্ধ কতটা, কতটা পড়াশোনা করে পেশার জগতে পা রাখা যেতে পারে, এরকম সব প্রশ্নের উত্তর সম্পর্কে আপনাকে অবহিত থাকতে হবে।

সাধারণভাবে উচ্চমাধ্যমিকের পরে বেশিরভাগ ছেলেমেয়ে বিভিন্ন বিষয়ে সাম্মানিক বা সাধারণ (জেনারেল) স্নাতক কোর্স পড়া শুরু করেন। যেনতেনপ্রকারেণ গ্র্যাজুয়েশনের চৌকাঠটা পেরনোই এক্ষেত্রে প্রধান লক্ষ্য। স্নাতকোত্তর কোর্স পড়ার সুযোগ পান তুলনামূলকভাবে অল্প সংখ্যক ছাত্রছাত্রী। তাহলে ব্যাপারটা কী দাঁড়াল? বহুসংখ্যক ছাত্রছাত্রীর প্রথাগত পড়াশোনার সমাপ্তি ঘটল গ্র্যাজুয়েশনের স্তরেই। তারপর কী? তারপর খোলা থাকে কিছু সরকারি চাকরির দরজা। কিন্তু দরজা পেরিয়ে অন্দরমহলে পা রাখাটা মোটেই সহজ কাজ নয়। তবে পরিশ্রম করে প্রস্তুতি নিতে পারলে, অটুট ধৈর্য থাকলে সরকারি চাকরি পাওয়া যেতে পারে অবশ্যই। কিন্তু যত প্রার্থী তত শূন্যপদ নেই। যত লোকের চাকরি হবে তার কয়েকগুণ কর্মপ্রার্থীর চাকরি হবে না। তাঁদের ফের কোমর বাঁধতে হবে পরের পরীক্ষার জন্য। ততদিনে নতুন চাকরিপ্রার্থীদের আগমন ঘটেছে। সুতরাং প্রতিযোগিতার তীব্রতা কমার সম্ভাবনা নেই।

এদিকে প্রথাগত নানা বিষয়ের স্নাতকদের সরাসরি পেশাদারি কাজের কোনও প্রশিক্ষণ নেই। বুকঠুকে বলতে পারবেন না, 'আমি অমুক কাজটা ভালো করে পারি।' বেসরকারি কাজের বাজারে যে-কথাটা হামেশাই শুনতে পাবেন, তা হ'ল, শিক্ষিত কর্মপ্রার্থী প্রচুর, কিন্তু শিল্পের উপযুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা নগণ্য। অর্থাৎ পেশাদারি কাজ জানা লোকের চাহিদা রয়েছে, কিন্তু প্রয়োজন অনুসারে জোগান নেই।

হ্যাঁ, এটা ঠিক, গ্র্যাজুয়েশনের পরেও পেশাদারি কোর্স করে নিজেকে কাজের উপযোগী করে গড়ে নেওয়ার সুযোগ রয়েছে। সেটা করা গেলে একটা উপায় হয়। সেক্ষেত্রেও গ্র্যাজুয়েশনের পরে কী ধরনের কোর্স করলে আপনার চাকরি পেতে সুবিধা হবে, সে বিষয়েও আপনাকে অবহিত হতে হবে। এক্ষেত্রে আপনার পছন্দ-অপছন্দ, স্বাচ্ছন্দ্য ইত্যাদিও গুরুত্ব পাবে।

আরেকটা দিক আছে। উচ্চমাধ্যমিকের পরেই পেশাদারি বিষয় নিয়ে পড়াশোনা করা। এখন ভোকেশনাল শাখায় গ্র্যাজুয়েশন করার সুযোগ তৈরি হয়েছে। বি এ, বি এসসি, বি কমের মতো স্নাতক ডিগ্রির সমতুল এই কোর্সগুলি। আধুনিক নানা পেশাদারি বিষয় পড়া যায় ভোকেশনাল শাখার ডিগ্রি কোর্সগুলিতে। এ বিষয়ে একটু খোঁজখবর নিতে পারেন। বি ভোকের বিষয়গুলির তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.ugc.ac.in/B.Voclist আমাদের কলেজে ব্রডকাস্ট জার্নালিজম এবং প্রিন্টিং ও বুক পাবলিশিংয়ের বি ভোক কোর্স পড়ানো হয়।

> টাইপিং জানা থাকলে উচ্চমাধ্যমিক যোগ্যতায় রেলে চাকরি হতে পারে এই সব পদে: অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র টাইম কিপার। এছাড়াও উচ্চমাধ্যমিক যোগ্যতায় রেলের কমার্শিয়াল-কাম-টিকিট ক্লার্ক এবং ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করা যায়। এই দুই পদের ক্ষেত্রে টাইপিং জানা বাধ্যতামূলক নয়।

***পরে আবেদন করতে পারবেন:*** টাইপিং জানা থাকলে উচ্চমাধ্যমিক যোগ্যতায় রেলে চাকরি হতে পারে এইসব পদে: অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র টাইম কিপার। এ ছাড়াও উচ্চমাধ্যমিক যোগ্যতায় রেলের কমার্শিয়াল-কাম-টিকিট ক্লার্ক এবং ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করা যায়। এই দুই পদের ক্ষেত্রে টাইপিং জানা বাধ্যতামূলক নয়।

গ্র্যাজুয়েশন সম্পূর্ণ করার পরে রেলের অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস এবং ট্র্যাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করা যায়। টাইপিং জানা থাকলে সেই সঙ্গে জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট-কাম-টাইপিস্ট, সিনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট, সিনিয়র কমার্শিয়াল ক্লার্ক-কাম-টাইপিস্ট এবং সিনিয়র টাইম কিপার পদেও আবেদন করা যায়।

আপনি উচ্চমাধ্যমিক যোগ্যতায় পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অর্থসাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার মাধ্যমে। কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কী পড়বেন, কোথায় পড়বেন

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ভাষার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স




বিভিন্ন বিদেশি এবং ভারতীয় ভাষার সার্টিফিকেট, ডিপ্লোমা এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড লিঙ্গুইস্টিক্স। কোর্স শুরু হবে জানুয়ারিতে।

**ভাষাগুলি হল:** বাংলা, হিন্দি, সংস্কৃত, ফরাসি, জার্মান, স্প্যানিশ, ইতালিয়ান, পর্তুগিজ, কোরিয়ান, জাপানিজ, চাইনিজ এবং ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশ। এর মধ্যে বাংলা, ফরাসি ও জাপানিজ ভাষায় অ্যাডভান্সড ডিপ্লোমা এবং ইতালিয়ান, পর্তুগিজ, চাইনিজ ও ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশে শুধু সার্টিফিকেট কোর্স করা যাবে। ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশ কোর্সের মেয়াদ ৬ মাস। বাকি সবক'টি কোর্সের মেয়াদ ১ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় অন্তত উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্স পাশ করে থাকতে হবে।

**কোর্স ফি:** সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে ৩,০০০ টাকা, ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ৪,০০০ টাকা এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ৪,৫০০ টাকা। ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশের ক্ষেত্রে ফি ২,০০০ টাকা। ১৮ শতাংশ জি এস টি অতিরিক্ত। ক্লাস হবে সপ্তাহে দু'দিন বিকেল ৫টা থেকে রাত ৮টা।

বাছাই করা প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ৫ জানুয়ারি।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদ ১০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন সেন্টার থেকে। এ ছাড়াও আবেদনপত্র ডাউনলোড করে নিতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in সেক্ষেত্রে ফি জমা দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফটটি 'THE REGISTRAR, JADAVPUR UNIVERSITY'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২৮ ডিসেম্বরের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: Information Counter, Jadavpur University, 188, Raja Subodh Chandra Mallick Road, Kolkata-700 032.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## পূর্ব বর্ধমানে প্যারামেডিক্যাল ট্রেনিং

এক্স রে এবং ই সি জি টেকনিসিয়ান কোর্সে স্বল্পমেয়াদী প্রশিক্ষণ দেবে পূর্ব বর্ধমানের রুর‍্যাল ট্রেনিং সেন্টার। কোর্স শুরু হবে ২ জানুয়ারি থেকে। কোর্সের মেয়াদ ৬ মাস।

**আসনসংখ্যা:** কোর্স প্রতি ৪০টি। নিয়মানুসারে তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক পাশ। বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণদের অগ্রাধিকার। **বয়স:** ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **কোর্স ফি:** ৬,০০০ টাকা।

প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের বাছাই করা হবে মৌখিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৩ ও ২৪ ডিসেম্বর। নির্বাচিত প্রার্থী তালিকা প্রকাশিত হবে ২৭ ডিসেম্বর।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদে ৫০ টাকার বিনিময়ে যে-কোনও কাজের দিন প্রসপেক্টাস-সহ আবেদনের ফর্ম সংগ্রহ করা যাবে নির্দিষ্ট ঠিকানা থেকে। ফর্ম সংগ্রহের শেষ তারিখ ১৮ ডিসেম্বর, বিকেল ৪টে।

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন— ✓প্রার্থীর তিন কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ✓মাধ্যমিকের মার্কশিট ও অ্যাডমিট কার্ডের দু'কপি নকল। ✓ উচ্চমাধ্যমিকের মার্কশিটের দু'কপি নকল। ✓ আধার কার্ড বা প্যান কার্ড বা ভোটার কার্ড বা রেশন কার্ডের দু'কপি নকল। ✓ কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের দু'কপি নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓ ব্যাঙ্ক পাসবুকের প্রথম পৃষ্ঠার দু'কপি নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২০ ডিসেম্বর বিকেল ৪টের মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: রুর‍্যাল ট্রেনিং সেন্টার, এস টি ভি টি প্রোগ্রাম, খোস বাগান, পূর্ব বর্ধমান (সি এম ও এইচ অফিসের নিচে)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.purbabardhaman.gov.in ফোন: ৯৪৭৪১১৭৪৬৫, ৯৩৩২৬৪৯৯৭৪



## কলকাতা বিশ্ববিদ্যালয়ে আইনের পি এইচ ডি কোর্সে ভর্তি



আইনের পি এইচ ডি কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। কোর্সটি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের হাজরা ক্যাম্পাসে।

**আসনসংখ্যা:** ১৬টি। নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে ৮০ নম্বরের লিখিত পরীক্ষা এবং ২০ নম্বরের ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২২ ডিসেম্বর, দুপুর ১২টায়। সময় ২ ঘণ্টা। লিখিত পরীক্ষায় ৫০ শতাংশ নম্বর পেলে, তবেই সফল বলে বিবেচিত হবেন। প্রসঙ্গত, যাঁরা জে আর এফ বা নেট বা সেট পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাঁদের লিখিত পরীক্ষা দিতে হবে না।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন— ✓এস বি আই কালেক্টের মাধ্যমে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ফি জমা দিয়ে ই-রিসিপ্ট নিয়ে নেবেন। ✓প্রার্থীর তিন কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটো তিনটি আবেদনপত্র ও দু'টি অ্যাডমিট কার্ডে সেঁটে দেবেন। ✓ বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল। ✓ প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। ✓ প্রযোজ্য ক্ষেত্রে জে আর এফ বা নেট বা সেট সার্টিফিকেট।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২০ ডিসেম্বরের মধ্যে যে-কোনও কাজের দিন সকাল সাড়ে ১২টা থেকে বিকেল ৪টের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: University of Calcuuta, Department of Law, 51/1, Hazra Road, 1st Floor, Kolkata-700019.

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সে পাবলিক হেলথ অ্যান্ড হেলথ সার্ভিসেসের এম ফিল কোর্স



পাবলিক হেলথ অ্যান্ড হেলথ সার্ভিসেসের এম ফিল কোর্সে ভর্তি নিচ্ছে টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্স।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ (তফসিলি এবং ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) সোশ্যাল সায়েন্সের যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি বা সমতুল। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

প্রার্থী বাছাই করা হবে রিসার্চ অ্যাপ্টিটিউড টেস্ট (আর এ টি) ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষার তারিখ ১৪ ফেব্রুয়ারি।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://admissions.tiss.edu আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১০ জানুয়ারি। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে কমিউনিকেটিভ ইংলিশের অ্যাডভান্স সার্টিফিকেট কোর্স

কমিউনিকেটিভ ইংরেজির অ্যাডভান্স সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব স্টাডিজের সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ, ট্রান্সলেশন অ্যান্ড কালচারাল স্টাডিজ বিভাগ। কোর্সের মেয়াদ তিন মাস। এটি একটি সেল্ফ-ফিনান্সড ট্রেনিং প্রোগ্রাম। কোর্সটি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের কল্যাণী ক্যাম্পাস এবং শ্রীরামপুর গার্লস কলেজে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল।

**কোর্স ফি:** ৩,৫০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র ডাউনলোড করে নেবেন যে-কোনও একটি ওয়েবসাইট থেকে: www.wbnsou.ac.in, www.cltcsnsou.in আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৫ জানুয়ারি। ফি বাবদ জমা দিতে হবে ২০০ টাকা। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২০ জানুয়ারি।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## টু-হুইলার টেকনিশিয়ানের ৩ মাসের প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** টু-হুইলার টেকনিশিয়ানের প্রশিক্ষণ দেবে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের ট্রেনিং ইনস্টিটিউট 'সেডি'। ৩ মাসের এই প্রশিক্ষণ কোর্সটি ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন কর্তৃক স্বীকৃত।

শেখানো হবে ইঞ্জিন রিপেয়ারিং, ভেহিক্যল অ্যাসেম্বলিং, মেকানিক্যাল ব্রেক, ডিজিটাল কানেকশন, সেল্ফ স্টার্ট প্রভৃতি। প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়েছে, ওয়ার্কশপে নিউমেট্রিক গান ও র‍্যাম্পের মাধ্যমে হাতে-কলমে কাজ শেখানো হবে। প্রশিক্ষিতরা এন এস ডি সি-র সার্টিফিকেট পাবেন।

অন্তত ক্লাস এইট পাশ তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। ফি ১ হাজার টাকা। প্রশিক্ষণ শুরু হবে ২৬ ডিসেম্বর থেকে। ভর্তির শেষ তারিখ ২৩ ডিসেম্বর। ভর্তির জন্য যোগাযোগের ঠিকানা: সেডি, অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন, সাঁকরাইল, ধূলাগড়ী, হাওড়া। ফোন: ৯৬৮১৪-৬৪১৫৬/৮৫৩৬০-০৩১৭১।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ট্রান্সলেশনের সার্টিফিকেট কোর্স

'ট্রান্সলেশন অ্যাজ আ স্কিল' সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কম্প্যারেটিভ লিটারেচার বিভাগের দ্য সেন্টার ফর ট্রান্সলেশন অব ইন্ডিয়ান লিটারেচার্স (সি ই এন টি আই এল)। কোর্সের মেয়াদ ৬ মাস। ক্লাস হবে প্রতি সোম, বুধ ও শুক্র, বিকেল ৫টা থেকে ৭ টা।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ। প্রার্থীকে ইংরেজি এবং বাংলা বা হিন্দি জানতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার তারিখ ৩ জানুয়ারি, বিকেল ৫টা থেকে সন্ধে ৭টা পর্যন্ত।

**কোর্স ফি:** ৬,৫০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র ২০ ডিসেম্বরের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: The Office of the Department of Comparative Literature, Jadavpur University, (U G Arts Building, 1st Floor), 188 Raja S.C. Mallick Road, Kolkata-32. এ ছাড়া পূরণ করা আবেদনপত্র অনলাইনেও জমা দেওয়া যাবে ৩০ ডিসেম্বরের মধ্যে এই ই-মেল আই ডি-তে: centilju@gmail.com

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অথবা ফোন করতে পারেন এই নম্বরে: ৯৬৭৪৫২৬৫৪৪, ৮৯০০৬৬৪২৩৫।



## স্কলারশিপের খোঁজখবর

### এস টি এফ সি মেরিটোরিয়াস স্কলারশিপ প্রোগ্রাম

বাণিজ্যিক গাড়ি চালানোর কাজে যুক্ত এবং আর্থিকভাবে অনগ্রসর পরিবারের ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে শ্রীরাম ট্রান্সপোর্ট ফিনান্স কোম্পানি। কোনও পেশাদারি কোর্সে পাঠরত মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীরা আবেদন করতে পারেন।

**আবেদনের যোগ্যতা:** ডিপ্লোমা বা আই টি আই বা পলিটেকনিক কোর্সের প্রথম বর্ষে পাঠরতরা আবেদন করতে পারেন। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এ ছাড়া তিন বছরের স্নাতক কোর্স বা চার বছরের ইঞ্জিনিয়ারিং কোর্সে পাঠরতরাও আবেদন করতে পারেন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখের নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** আই টি আই বা পলিটেকনিক বা ডিপ্লোমা কোর্সে পাঠরতদের ক্ষেত্রে প্রতি বছরে ১৫,০০০ টাকা এবং স্নাতক ও ইঞ্জিনিয়ারিং পাঠরতদের ক্ষেত্রে প্রতি বছরের সর্বাধিক ৩৫,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/STFC1 আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

### অ্যালবার্ট আইনস্টাইন ইন্টারন্যাশনাল স্কলারশিপ টেস্ট ২০১৯

চতুর্থ থেকে দ্বাদশ শ্রেণি, কলেজে পাঠরত ছাত্রছাত্রী এবং কর্মরতদের স্কলারশিপ দেবে অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল স্কিল ডেভেলপমেন্ট। একটি সর্বভারতীয় প্রতিযোগিতার মাধ্যমে বাছাই করা প্রথম তিন জনকে স্কলারশিপ দেওয়া হবে। অন্যান্য প্রতিযোগীরা পার্টিশিপেশন সার্টিফিকেট পাবেন।

বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে।

পুরস্কার বাবদ প্রথম প্রার্থী পাবেন ৯৬,০০০ টাকা, দ্বিতীয় প্রার্থী পাবেন ২৫,০০০ টাকা এবং তৃতীয় প্রার্থী পাবেন ১০,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/AEI1 আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

*(তথ্য সহায়তা: buddy4study)*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## এস এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (১০+২) এক্সামিনেশন, ২০১৯'-এ কী কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন আসবে বিশদে জানাবেন। —পিনাকী ধর, রিষড়া, হুগলি।*

□□ স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (১০+২) এক্সামিনেশন, ২০১৯' হবে দু'টি পর্যায়ে— টিয়ার-ওয়ান এবং টিয়ার-টু। টিয়ার-ওয়ান কম্পিউটার-বেসড পরীক্ষা হয় ৪টি অংশে— ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল ইন্টেলিজেন্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক-বিষয়ক) এবং জেনারেল অ্যাওয়্যারনেস। প্রতি অংশে ২৫টি করে মাল্টিপল চয়েস অবজেক্টিভ টাইপ প্রশ্ন হয়। মোট ২০০ নম্বরের পরীক্ষা। প্রতিটি অংশে নম্বর ৫০। সময় ১ ঘণ্টা। ইংলিশ ল্যাঙ্গুয়েজ ছাড়া অন্য তিনটি অংশের প্রশ্ন হবে ইংরেজি ও হিন্দিতে। প্রতিটি বিষয়ে আলাদা করে কোয়ালিফাইং নম্বর পেতে হয়। নেগেটিভ মার্কিং থাকবে। টিয়ার-টুয়ে ডেসক্রিপ্টিভ অংশে থাকবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। এতে থাকে এসে রাইটিং, লেটার রাইটিং, অ্যাপ্লিকেশন রাইটিং। সময় ১ ঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি এবং প্রয়োজ্য ক্ষেত্রে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীরা ২০ মিনিট অতিরিক্ত সময় পান। লিখিত পরীক্ষায় পাশ করলে স্কিল টেস্ট/টাইপিং টেস্ট নেওয়া হয়। ওয়েবসাইট: http://www.ssc.nic.in

## ইউ পি এস সি

□ *ইউ পি এস সি আয়োজিত 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন' বিষয়ে বিশদে জানতে চাই। কোন কোন ইঞ্জিনিয়ারিং শাখায় নিয়োগ করা হয়ে থাকে? —উত্তম সরকার, নন্দীগ্রাম, পূর্ব মেদিনীপুর।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন'-এর মাধ্যমে সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি ইঞ্জিনিয়ারদের নিয়োগ করা হয়ে থাকে। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার ডিগ্রিধারীরা এই পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। এ ছাড়া ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর সেকশন 'এ', 'বি' পাশ অথবা ইনস্টিটিউশন অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর গ্র্যাজুয়েট মেম্বারশিপ পরীক্ষায় পাশ করে থাকলেও আবেদন করা যাবে। অথবা অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়ার অ্যাসোসিয়েট মেম্বারশিপ এক্সামিনেশন (পার্ট-টু, পার্ট-থ্রি অথবা সেকশন 'এ', 'বি') পাশ হতে হবে। বয়স হতে হবে নির্দিষ্ট তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। প্রার্থী বাছাই করা হয় লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। স্টেজ ওয়ানের পেপার-ওয়ানে থাকবে জেনারেল স্টাডিজ ও ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড এবং পেপার-টুয়ে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট ডিসিপ্লিন-সংক্রান্ত প্রশ্ন। অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। পেপার-ওয়ানের মোট নম্বর ২০০ (সময় ২ ঘণ্টা), পেপার-টুয়ের মোট নম্বর ৩০০ (সময় ৩ ঘণ্টা)। স্টেজ টুয়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে কনভেনশনাল প্রশ্ন হবে দু'টি পত্রে। প্রতি পত্রের নম্বর ৩০০, সময় ৩ ঘণ্টা করে। অর্থাৎ লিখিত পরীক্ষার মোট নম্বর ১,১০০। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তৃতীয় পর্যায়ে পার্সোন্যালিটি টেস্ট হবে ২০০ নম্বরের। বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## পি এস সি

□ *ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস রিক্রুটমেন্ট এক্সামিনেশন-২০১৯'-এ বসতে হলে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —তপোব্রত গাঙ্গুলি, গুসকরা, পূর্ব বর্ধমান।*

□□ ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস রিক্রুটমেন্ট এক্সামিনেশন-২০১৯'-এর মাধ্যমে রাজ্য সরকারে অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসের বিভিন্ন পদে কর্মী নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কমার্সে গ্র্যাজুয়েট অথবা এম বি এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা পাশ বা এ আই সি টি ই কর্তৃক স্বীকৃত ফিনান্সে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। অথবা সি এ বা আই সি ডব্লু এ। এর পাশাপাশি অবশ্যই বাংলায় লিখতে, পড়তে ও বলতে জানা চাই। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

## রেল

□ *লখনউ মেট্রো রেলে সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন বিভাগে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? পরীক্ষাকেন্দ্রগুলির নাম জানাবেন। —দ্বৈপায়ন দেবনাথ, দত্তফুলিয়া, নদিয়া।*

□□ লখনউ মেট্রো রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। কম্পিউটারভিত্তিক পরীক্ষায় ১৪০টি অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে— ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড কম্পিউটার অ্যাপ্লিকেশনস, লজিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং প্রার্থীর নিজস্ব বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। পরীক্ষাকেন্দ্রগুলি হল— লখনউ, কানপুর, আগ্রা, এলাহাবাদ, বেনারস, গোরখপুর, মীরাট, ঝাঁসি, বরেলি, নয়ডা (গৌতম বুদ্ধ নগর), গ্রেটার নয়ডা, গাজিয়াবাদ, আলিগড়, মোরাদাবাদ এবং মুজফফরনগর। ওয়েবসাইট: www.upmetrorail.com

## উচ্চশিক্ষা

□ *জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশনে মাস্টার ডিগ্রি আছে। সেট' পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছি। পরীক্ষা বিষয়ে বিস্তারিত জানাবেন। —অরিন্দম ঘোষ, দিনহাটা, কোচবিহার।*

□□ পশ্চিমবঙ্গের কলেজ সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত সেট পরীক্ষা দু'টি পেপারের। অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে। কোনও নেগেটিভ মার্কিং নেই। প্রথম পেপারে থাকবে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্ন। ৫০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নের মান ২। অর্থাৎ ১০০ নম্বরের পেপার। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা। দ্বিতীয় পেপারে থাকবে প্রার্থীর বিষয়ের ওপর প্রশ্ন। মোট ১০০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নে ২ নম্বর করে মোট ২০০ নম্বরের পেপার। ২ ঘণ্টার পরীক্ষা। পরীক্ষার বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbcsconline.in

## কোর্স, ট্রেনিং

□ *বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে এম বি এ কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —প্রিয়ঙ্কা বর্ধন, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা।*

□□ মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এম বি এ) কোর্সে ভর্তি নিচ্ছে বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ। কোর্সের মেয়াদ ২ বছর। প্রার্থীকে অবশ্যই ২০১৯ সালের ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। স্পেশ্যালাইজেশন করা যাবে এই সব বিষয়ে: মার্কেটিং, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, ফিনান্স, অপারেশনস ম্যানেজমেন্ট, ইনফর্মেশন টেকনোলজি। শুধু এম বি এ-আই বি কোর্সটির ক্ষেত্রে অতিরিক্ত স্পেশ্যালাইজেশন করা যাবে গ্লোবাল বিজনেস অপারেশনস বিষয়েও। আসনসংখ্যা ৫৯। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। এগ্রিকালচার, টেকনোলজি, মেডিসিন, এডুকেশন বা আইনের স্নাতক ডিগ্রি থাকলেও আবেদন গ্রাহ্য হবে। যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। প্রার্থীকে অবশ্যই ২০১৯ সালের ক্যাট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কোর্স ফি প্রথম বর্ষে ৪৯,৮০৭ টাকা এবং দ্বিতীয় বর্ষে ৪৯,১০৭ টাকা। প্রাথমিকভাবে ক্যাট পরীক্ষা ও শিক্ষাগত যোগ্যতার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bhuonline.in শেষ তারিখ ২৫ জানুয়ারি। অনলাইনে ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,০০০ টাকা)।

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে এম বি এ কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —প্রকাশরঞ্জন বল, বাহাদুরপুর, মুর্শিদাবাদ।*

□□ মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এম বি এ) কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিজনেস ম্যানেজমেন্ট বিভাগ। কোর্সটি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের আলিপুর ক্যাম্পাসে। কোর্সের মেয়াদ ২ বছর। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় অনার্স-সহ স্নাতক। ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা মেডিক্যাল সায়েন্স পেশাদারি কোর্স বা সমতুল কোনও বিষয়ে স্নাতক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। পাশাপাশি, কমন অ্যাডমিশন টেস্ট বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্ট বা জাতীয় স্তরের সমতুল কোনও পরীক্ষায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। কোর্স ফি: ১৬,৫০৮ টাকা। প্রার্থী বাছাই করা হবে জাতীয় স্তরের ম্যানেজমেন্ট প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত স্কোর, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন যে-কোনও একটি ওয়েবসাইট থেকে: www.bmcaluniv. org, www.caluniv.ac.in ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকার (তফসিলিদের ক্ষেত্রে ৭৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'University of Calcutta'-র অনুকূলে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২০২০-র ১৮ মে-র মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: Department of Business Management, University of Calcutta, Alipore Campus (6th Floor), 1, Reformatory Street, Kolkata-700 027.

## অন্যান্য চাকরি

□ *ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে টেকনিশিয়ান 'এ' পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —চন্দনা মণ্ডল, ব্রজবল্লভপুর, দক্ষিণ দিনাজপুর।*

□□ ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে টেকনিশিয়ান 'এ' পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি ট্রেডে আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। ট্রেডগুলি হল: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং, কম্পিউটার হার্ডওয়্যার, নেটওয়ার্ক টেকনিশিয়ান, ডেস্ক টপ পাবলিশিং অপারেটর, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক্স সিস্টেম, কম্পিউটার সফটওয়্যার অ্যাপ্লিকেশন মেইনটেন্যান্স, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং, আই টি অ্যান্ড কমিউনিকেশন সিস্টেম মেইনটেন্যান্স, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স মেকানিক, রেডিও অ্যান্ড টেলিভিশন মেকানিক, রেফ্রিজারেটর অ্যান্ড এয়ারকন্ডিশনার, মেকাট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল মেইনটেন্যান্স, ইলেক্ট্রিশিয়ান। পাশাপাশি, প্রার্থীর কম্পিউটার জ্ঞান থাকা বাধ্যতামূলক। প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে জানুয়ারি-ফেব্রুয়ারি মাস নাগাদ। পরীক্ষায় জেনারেল অ্যাওয়্যারনেস (জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক এরিথমেটিক), জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল সায়েন্স (কম্পিউটার সায়েন্স/ইনফর্মেশন টেকনোলজি/ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল বিষয়সমূহ) বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মোট নম্বর ৪০০। সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ২৩ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: https://ntrorectt.in, https://ntro.gov.in

□ *রাজ্য পুলিশের স্টাফ অফিসার পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —উদ্দীপন চ্যাটার্জি, নাওপালা, হাওড়া।*

□□ রাজ্য পুলিশের স্টাফ অফিসার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, ফাইনাল কম্পিটিটিভ পরীক্ষা এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রিলিমিনারি পরীক্ষা শুধু একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। ফাইনাল পরীক্ষা এবং ইন্টারভিউয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হবে। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের ১০০টি প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ (১০০ নম্বর), লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং (৫০ নম্বর) এবং অ্যারিথমেটিক (৫০ নম্বর) বিষয়ে। প্রতিটি প্রশ্নের মান ২। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা ৩০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৩ মিনিটে ৮০০ মিটার দৌড়। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণরা ফাইনাল লিখিত পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। ৩৫০ নম্বরের ফাইনাল পরীক্ষা নেওয়া হবে তিনটি পত্রে। পেপার-ওয়ানে প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ (১০০ নম্বর), লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং (২৫ নম্বর) এবং অ্যারিথমেটিক (২৫ নম্বর) বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। পেপার-টুতে থাকবে ইংরেজিতে ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, ইংরেজি ব্যাকরণ, বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি থেকে ইংরেজিতে ট্রানস্লেশন। মোট নম্বর ১০০। সময়সীমা দেড় ঘণ্টা। পেপার থ্রিতে (১০০ নম্বর) নেওয়া হবে বাংলা ভাষার পরীক্ষা। থাকবে রিপোর্ট লেখা এবং ইংরেজি থেকে বাংলা বা নেপালিতে অথবা হিন্দি বা উর্দু থেকে বাংলা ভাষায় ট্রানস্লেশন। সময় দেড় ঘণ্টা। ফাইনাল পরীক্ষায় সফলদের ডাকা হবে পার্সোন্যালিটি টেস্টের (৫০ নম্বর) জন্য। শেষে মেডিক্যাল এক্সামিনেশন। ওয়েবসাইট: www.wbpolice.gov.in

□ *ট্রেনিং দিয়ে বিমানবাহিনীর ফ্লাইং শাখায় অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সুন্দর সাহা, গৌরবাজার, বাঁকুড়া।*

□□ বিমানবাহিনীতে ফ্লাইং শাখায় অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৩ বছরের স্নাতক ডিগ্রি থাকতে হবে। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ৪ বছরের বি ই বা বি টেক ডিগ্রি থাকলেও আবেদন করা যায়। উভয়ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্সে ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ করে থাকতে হবে। পূর্বে কম্পিউটারাইজড পাইলট সিলেকশন সিস্টেম বা পাইলট অ্যাপ্টিটিউড ব্যাটারি টেস্টে ব্যর্থ হয়ে থাকলে আবেদন করা যাবে না। ৩০ ডিসেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করতে হবে যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: https://careerindianairforce.cdac.in, https://afcat.cdac.in

□ *ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজিতে আই টি ট্রেনিং অ্যান্ড সাপোর্ট এক্সিকিউটিভ পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —পৃথা চৌধুরি, মালদা।*

□□ ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজিতে আই টি ট্রেনিং অ্যান্ড সাপোর্ট এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: এম সি এ বা ডোয়েক 'বি' লেভেল কোর্স পাশ বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টে বি ই বা বি টেক বা ইলেক্ট্রনিক্স বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স বা আই টি-তে এম এসসি। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা বি সি এ বা ডোয়েক আই টি-এ লেভেল কোর্স পাশ বা আই টি-তে বি এসসি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা। ওয়েবসাইট: http://nielit.gov.in/delhi

□ *সেইলে মেকানিক্যাল শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা দরকার? —মনোরঞ্জন দাস, সাঁকরাইল, হাওড়া।*

□□ সেইলে মেকানিক্যাল শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড টুল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি, থার্মাল ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং প্রসেস অ্যান্ড অটোমেশন, মেকাট্রনিক্স, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, এনার্জি ইঞ্জিনিয়ারিং, মেশিন ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক। সেইসঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় 'এম ই' পত্রে উত্তীর্ণ হতে হবে। সেই সঙ্গে উচ্চতা থাকতে হবে ১৫৫ সেমি। ওজন হতে হবে অন্তত ৪৫ কেজি। নিয়মানুসারে উচ্চতা ও ওজনে ছাড় পাবেন। দৃষ্টিশক্তির ক্ষেত্রে মায়োপিয়া এবং হাইপার-মেট্রোপিয়া থাকলে প্রত্যেক চোখে ±৪.০০-এর মধ্যে থাকতে হবে। ওয়েবসাইট: www.sail.co.in

নাম : ..............................
ঠিকানা : ..............................
..............................
..............................

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দিল্লি মেট্রোয় ১৪৬১ চাকরি

*প্রথম পাতার পর*

**ইঞ্জিনিয়ার (সিভিল)**: ৫৯টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৫, আর্থিকভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড: RNE04: **জুনিয়র ইঞ্জিনিয়ার (এনভায়রনমেন্ট)**: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: সিভিল বা এনভায়রনমেন্টাল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড: RNE05: **জুনিয়র ইঞ্জিনিয়ার (স্টোর্স)**: ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা সিভিল ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড: RNE06: **ফায়ার ইনস্পেক্টর**: ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি, সঙ্গে এক বছরের ফায়ার সেফটি কোর্স পাশ।

পোস্ট কোড: RNE08: **অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার**: ২৩টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি সি এ বা ইলেক্ট্রনিক্স বা আই টি বা ম্যাথমেটিক্সে বি এসসি অথবা কম্পিউটার সায়েন্স অব অ্যাপ্লিকেশনে তিন বছরের ডিপ্লোমা। অথবা অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ডোয়েক এ লেভেল কোর্স পাশ। এর পাশাপাশি ই আর পি বা সফটওয়্যার ডেভেলপমেন্ট-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড: RNE11: **অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট**: ৪৮টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৩, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: বি কম, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড: RNE12: **স্টোর্স অ্যাসিস্ট্যান্ট**: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা সিভিল বা সমতুল বিষয়ে ডিপ্লোমা অথবা ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ বি এসসি। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড: RNE14: **অফিস অ্যাসিস্ট্যান্ট**: ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: বি এ বা বি এসসি বা বি কম, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা।

পোস্ট কোড: RNE15: **স্টেনোগ্রাফার**: ৯টি (সাধারণ ৬, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড সেক্রেটারিয়াল প্র্যাকটিস বা সমতুল বিষয়ে ১ বছরের কোর্স পাশ। এর পাশাপাশি শর্টহ্যান্ডে ইংরেজিতে প্রতি মিনিটে ৮০ টি শব্দ লেখা বা কম্পিউটারে প্রতি মিনিটে ৪০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। হিন্দিতে শর্টহ্যান্ডে লেখার দক্ষতা এবং কম্পিউটারে টাইপ করার দক্ষতা থাকলে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

পোস্ট কোড: RNE16: **মেইন্টেনার/ইলেক্ট্রিশিয়ান**: ১০১টি (সাধারণ ৪৯, তফসিলি জাতি ২৮, ও বি সি ১৪, আর্থিকভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ১৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। পোস্ট কোড: RNE17: **মেইন্টেনার/ইলেক্ট্রনিক মেকানিক**: ১৪৪টি (সাধারণ ৮৬, তফসিলি উপজাতি ৪৪, আর্থিকভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ২০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। পোস্ট কোড: RNE18: **মেইন্টেনার/ফিটার**: ১৮টি (সাধারণ ১৭, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা**: সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ।

বয়স: ১-১২-২০১৯ তারিখে জুনিয়র ইঞ্জিনিয়ার, ফায়ার ইনস্পেক্টর, কাস্টমার রিলেশনস অ্যাসিস্ট্যান্ট এবং মেইন্টেনার পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৮ এবং অন্যান্য পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে।

মেডিক্যাল স্ট্যান্ডার্ড: জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে এ-ওয়ান মানের হতে হবে (এ-থ্রি মানের নীচে হওয়া চলবে না)। অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার পদের ক্ষেত্রে বি-টু, কাস্টমার রিলেশনস অ্যাসিস্ট্যান্ট এবং ফায়ার ইনস্পেক্টর পদের ক্ষেত্রে এ-ওয়ান, অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট, স্টোর্স অ্যাসিস্ট্যান্ট, অফিস অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে সি-ওয়ান, মেইন্টেনার পদের ক্ষেত্রে বি-ওয়ান মানের হতে হবে। দৈহিক মাপজোক: ফায়ার ইনস্পেক্টর পদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৬৭ সেমি, ওজন অন্তত ৫১ কেজি, বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ সেমি ও ৮৬ সেমি।

বেতনক্রম: মেইন্টেনার পদের ক্ষেত্রে ২৫,০০০-৮০,০০০ টাকা এবং অন্যান্য. ক্ষেত্রে পদ অনুযায়ী ৩৭,০০০-১,১৫,০০০ টাকা ও ৩৫,০০০-১,১০,০০ টাকা।

**সেকশন সি**: এক্সিকিউটিভ: পোস্ট কোড: CE02: **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এস অ্যান্ড টি)**: ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা আই টি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড: CE03: **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (আই টি)**: ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার টেকনোলজি বা আই টি-তে বি ই বা বি টেক অথবা এম সি এ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড: CE04: **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সিভিল)**: ৭৩টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২০, আর্থিকভাবে অনগ্রসর ৭)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড: CE05: **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ফিনান্স)**: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: সি এ বা আই সি ডব্লু এ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এস এ পি বা ই আর পি বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার।

বয়স: ১-১২-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

**সেকশন ডি**: নন-এক্সিকিউটিভ: পোস্ট কোড: CNE01: **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)**: ১২০টি (সাধারণ ৫৪, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ১০, ও বি সি ২৭, আর্থিকভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ১৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে তিন বছরের ডিপ্লোমা।

পোস্ট কোড: CNE02: **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স)**: ১২৫টি (সাধারণ ৫৮, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ২৪, আর্থিকভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ১৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস ইন্ডাস্ট্রিজ ইন্টিগ্রেটেড, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স বা মাইক্রোপ্রসেসর বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস বা ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড: CNE03: **জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)**: ১৩৯টি (সাধারণ ৮১, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ১০, ও বি সি ১৬, আর্থিকভাবে অনগ্রসর ১৩)। এর মধ্যে ২০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে তিন বছরের ডিপ্লোমা।

পোস্ট কোড: CNE05: **আর্কিটেক্ট অ্যাসিস্ট্যান্ট**: ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: আর্কিটেকচারে ডিপ্লোমা।

**সেকশন এ**: এক্সিকিউটিভ ক্যাটেগরি: **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার**: পোস্ট কোড: RE01: **ইলেক্ট্রিক্যাল**: ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল শাখায় বি ই বা বি টেক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড: RE02: **সিগন্যাল অ্যান্ড টেলিকম**: ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফশিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা আই টি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড: RE03: **সিভিল**: ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল শাখায় বি ই বা বি টেক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পোস্ট কোড: RE04: **অপারেশনস**: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা মেকানিক্যাল বা সিভিল বা সমতুল শাখায় বি ই বা বি টেক। অথবা মার্কেটিং বা ইন্টারন্যাশনাল বিজনেস অপারেশনস বা লজিস্টিক্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। এম বি এতে অন্তত ৬০ শতাংশ নম্বর পেতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১-১২-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

সব ক্ষেত্রেই বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে ছাড় পাবেন।

সেকশন সি ও সেকশন ডি-এ উল্লিখিত শূন্যপদগুলিতে ২ বছরের চুক্তিতে প্রার্থী নিয়োগ করা হবে।

প্রার্থী বাছাই করা হবে ২টি পত্রের কম্পিউটার বেসড টেস্ট, প্রযোজ্য ক্ষেত্রে গ্রুপ ডিসকাশন, পার্সোন্যাল ইন্টারভিউ, সাইকো টেস্ট, স্কিল টেস্ট-এর মাধ্যমে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রথম পত্রের (১২০ নম্বর) পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন আসবে জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং প্রযোজ্য ক্ষেত্রে জেনারেল ইংলিশ বিষয়ে। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা ৩০ মিনিট। দ্বিতীয় পত্রের (৬০ নম্বর) পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন আসবে জেনারেল ইংলিশ বিষয়ে। নেগেটিভ মার্কিং রয়েছে। পরীক্ষার সময়সীমা ৪৫ মিনিট। মেইন্টেনার পদের ক্ষেত্রে শুধুমাত্র প্রথম পত্রের পরীক্ষা দিতে হবে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.delhimetrorail.com

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.delhimetrorail.com অনলাইন দরখাস্ত করা যাবে ১৪ ডিসেম্বর থেকে ১৩ জানুয়ারি পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো ও সই (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে, ৮০ কেবি সাইজের মধ্যে), বয়স এবং শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র (জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে, ১ এম বি সাইজের মধ্যে), কাস্ট বা ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধী ও আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ১ এম বি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে। ফাইলের সাইজ ১০০ কেবি-র মধ্যে হতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। অনলাইনে আবেদনপত্র সাবমিট করার পর একটি রেজিস্ট্রেশন নম্বর বা ব্যাঙ্ক রেফারেন্স নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দিতে হবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট এবং দরখাস্ত সাবমিট করে পাওয়া রেজিস্ট্রেশন স্লিপের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ১৩৭

*প্রথম পাতার পর*

**স্টাইপেন্ডারি ট্রেনি/টেকনিশিয়ান (এস টি/টি এম)**: সার্ভেয়র: ২টি। ইলেক্ট্রিশিয়ান: ৩টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক/ইলেক্ট্রনিক্স: ৩টি। ফিটার: ২টি। অপারেটর: ২৪টি। **বয়স**: ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড**: প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ১০,৫০০ টাকা ও ১২,৫০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতন: ২১,৭০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট-বি**: সিভিল: ১৯টি। ইলেক্ট্রিক্যাল: ৭টি। ইনস্ট্রুমেন্টেশন/ইলেক্ট্রনিক্স: ৩টি। মেকানিক্যাল: ১৫টি। কম্পিউটার সায়েন্স: ১টি। **বয়স**: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতন**: ৩৫,৪০০ টাকা।

**স্টাইপেন্ডারি ট্রেনি/সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (এস টি/এস এ)**: সিভিল: ৫টি। ইলেক্ট্রিক্যাল: ১৩টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক/ইলেক্ট্রনিক্স: ১১টি। মেকানিক্যাল: ১৭টি। হেল্‌থ ফিজিক্স: ৪টি। **বয়স**: ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড**: প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ১৬,০০০ টাকা ও ১৮,০০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতন: ৩৫,৪০০ টাকা।

**ড্রাইভার গ্রেড-ওয়ান**: ২টি। **বয়স**: ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতন**: ১৯,৯০০ টাকা।

৬-১-২০২০ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in দরখাস্ত করা যাবে ১৭ ডিসেম্বর সকাল ১০টা থেকে ৬ জানুয়ারি বিকেল ৪টে পর্যন্ত। বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীরা ১৭ ডিসেম্বর থেকে নজর রাখুন এই দু'টি ওয়েবসাইটে: www.npcilcareers.co.in. www.npcil.nic.in

## সাইয়ে ১৩০ *প্রথম পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে তিন বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স**: ২০-১২-২০১৯ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে।

**বেতন**: নির্দিষ্ট মাসিক ৪০,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://sportsauthorityofindia.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ ডিসেম্বর। বিশদে জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অসমে সরকারি প্রকল্পে ৩১৭ ডাক্তার

অসমে ন্যাশনাল হেলথ মিশন প্রকল্পে ৩১৭ জন ডাক্তার নিয়োগ করা হবে। নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NHM-31013 (11)/9/2018-HRD-NHM-Part (3)/24157.

শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, সঙ্গে মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ১-৪-২০১৯ তারিখে ৬২ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৫০,০০০ টাকা। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nhm.assam.gov.in দরখাস্তের শেষ তারিখ ২০ ডিসেম্বর। দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## পশ্চিম মেদিনীপুরের ভবঘুরে আবাসে চাকরি

ক্লার্ক-কাম-কম্পাউন্ডার, নার্স এবং জুনিয়র সোশ্যাল ওয়ার্কার পদে ৩ জনকে নেবে পশ্চিম মেদিনীপুরের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অফিস। চুক্তিতে নিয়োগ হবে সরকার পরিচালিত ভবঘুরে আবাসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 986/SW.

অনলাইনে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.paschimmedinipur.gov.in দরখাস্তের শেষ তারিখ ১৮ ডিসেম্বর। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার-এ স্টাইপেন্ড সহ সরকারি কোর্স
অপথালমিক কেয়ার টেকনোলজি সার্টিফিকেট প্রোগ্রাম
(মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি /MAKAUT , পূর্বে পরিচিত - ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ টেকনোলজি দ্বারা স্বীকৃত)
(১) জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট
(২) অ্যানেস্থেসিয়া টেকনিশিয়ান
(ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন/NSDC দ্বারা স্বীকৃত)
কোর্সের মেয়াদকাল : ৬ মাস।
শিক্ষাগত যোগ্যতা : ১২ পাশ।
বয়সসীমা : ১৮ থেকে ৩৫ বছর।
কোর্স ফি : ১০,০০০ টাকা।
৬ মাসের জন্য
স্টাইপেন্ড : ১,০০০ টাকা।
প্রবেশিকা পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ৮০% স্কলারশিপের ব্যবস্থা।
ট্রেনিং সেন্টার : সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার (সল্টলেক ও বহরমপুর)।
যোগাযোগ :
8622980053, 9875579240
email: hr.susrut@gmail.com
(সোম থেকে শনি- সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা)
হোস্টেলের ব্যবস্থা আছে

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৪ নভেম্বর-২ ডিসেম্বর

**২৪ নভেম্বর** ব্রিটেনের সাধারণ নির্বাচনের প্রাক্কালে নির্বাচনী ইস্তাহার প্রকাশ করলেন বিদায়ী প্রধানমন্ত্রী ও কনজারভেটিভ পার্টির নেতা বরিস জনসন। 'ব্রেক্সিট সফল করুন এবং বড়দিনের আগে করবিন-মুক্ত করুন ব্রিটেনকে'— এই শপথ নিয়েই ইস্তাহার প্রকাশ করলেন তিনি। ভারতের সঙ্গেও নিবিড় যোগাযোগ রক্ষার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে তাঁদের ইস্তাহারে। এ দিন শ্রপশায়ারের টেলফোর্ডের সভায় জনসন ঘোষণা করেন, ভোটে ক্ষমতায় এলে আগামী পাঁচ বছর আয়কর, জাতীয় বিমা ও ভ্যাটের হার বাড়াবেন না তিনি।

**প্রবীণ বিজেপি নেতা ও মধ্যপ্রদেশের** প্রাক্তন মুখ্যমন্ত্রী কৈলাস জোশী (৯০) প্রয়াত হলেন। কয়েক বছর ধরেই বার্ধক্যজনিত কারণে অসুস্থ ছিলেন তিনি। ১৯৭৭-৭৮ সালে তিনি মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী হন। ২০০৪ থেকে ২০১৪ পর্যন্ত ছিলেন ভোপালের সাংসদ।

## সস্ত্রীক ভারত সফরে সুইডেনের রাজা



**২ ডিসেম্বর:** সুইডেন থেকে এয়ার ইন্ডিয়ার বিমানে ভারতে এলেন সে দেশের রাজা কার্ল গুস্তাফ এবং রানি সিলভিয়া। দিল্লি বিমানবন্দরে সুইডেনের রাজা-রানিকে স্বাগত জানান সাংসদ বাবুল সুপ্রিয়। বিমানবন্দরে নেমে নিজেদের ব্যাগপত্র বইলেন নিজেরাই। এয়ার ইন্ডিয়া সেই ছবি টুইট করার পর অল্প সময়ের মধ্যেই তা ভাইরাল হয়। রাজা-রানির এই ব্যবহারে মুগ্ধ নেট ব্যবহারকারীরা। পাঁচ দিনের ভারত সফরে এসে এ দিনই তাঁরা বৈঠক করেছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে। **ছবি:** পি টি আই

**২৫ নভেম্বর** দেবেন্দ্র ফড়নবীশের শপথ নেওয়া সরকারের উপ-মুখ্যমন্ত্রী অজিত পাওয়ারের বিরুদ্ধে সেচ দপ্তরের দুর্নীতির ৯টি মামলা বন্ধ করে দেওয়া হল। অজিতের বিরুদ্ধে সেচ দুর্নীতির মোট ২০টি মামলা রয়েছে। টাকার অঙ্কে যা ৭০ হাজার কোটি টাকা। ২০টি মামলার মধ্যে ৯টিতে ছেদ পড়ল। বিষয়টি নিয়ে প্রশ্ন তুলেছেন বিরোধীরা। যদিও মহারাষ্ট্র দুর্নীতি দমন শাখার দাবি, মামলাগুলির সঙ্গে অজিত পাওয়ারের বিরুদ্ধে দায়ের হওয়া এফআইআরের সম্পর্ক নেই।

**বিক্ষোভে উত্তাল হংকংয়ের স্থানীয়** নির্বাচনে বিপুল জয় হল গণতন্ত্রকামীদের। হার হয়েছে হংকংয়ের প্রশাসনিক নেত্রী ক্যারি লামের। হংকংয়ের স্থানীয় নির্বাচনে এ বার ভোটও পড়েছে রেকর্ড সংখ্যক (৭১ শতাংশ)। আর সেই ভোটের জোরে ১৮টি জেলা কাউন্সিলের মধ্যে ১৭টি গণতন্ত্রপন্থী কাউন্সিলের দখলে। ফল বেরনোর পর ক্যারি লাম বিবৃতি দিয়ে বলেছেন, 'ভোটের এই ফল হংকংয়ের বর্তমান পরিস্থিতি নিয়ে মানুষের অসন্তোষ এবং গভীর সমস্যার প্রতিফলন। সরকার এ বার জনসাধারণের মতামত বিনয় এবং গুরুত্ব সহকারে শুনবে।'

**২৬ নভেম্বর** মহারাষ্ট্রে টিকল না বিজেপির সরকার। ২৭ তারিখ বিধানসভায় সংখ্যাগরিষ্ঠতার প্রমাণ দিতে হবে মুখ্যমন্ত্রীকে— এ দিন সুপ্রিম কোর্টের এই রায়ের পর প্রথমে ইস্তফা দেন উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ার। তার পরই ৮০ ঘণ্টার মুখ্যমন্ত্রিত্বে ইতি টেনে পদত্যাগ করেন ফড়নবীশও। নতুন সরকার গঠনের ব্যাপারে শিবসেনা-কংগ্রেস-এনসিপি বিধায়কদের বৈঠকে জোটের নেতা নির্বাচিত হয়েছেন শিবসেনা প্রধান উদ্ধব ঠাকরে।

**অযোধ্যা রায়ের পুনর্বিবেচনা চেয়ে সুপ্রিম** কোর্টে আর্জি পেশ করবে না বলে জানাল সুন্নি ওয়াকফ বোর্ড। বোর্ডের সদস্যদের বৈঠকের পর এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন বোর্ডের চেয়ারম্যান জাফর ফারুকি। পুনর্বিবেচনার আর্জি জানিয়ে সমস্যা জিইয়ে রাখলে তাতে আদতে মুসলিম সমাজেরই ক্ষতি হবে বলে মতপ্রকাশ করেছেন নাসিরুদ্দিন শাহ, শাবানা আজমি-সহ বিশিষ্ট মুসলিম ব্যক্তিত্বরা।

## মার্কিন ভাস্কর ডন 'নিক' ক্লিফোর্ড প্রয়াত



**২৬ নভেম্বর:** বিখ্যাত মার্কিন ভাস্কর্য মাউন্ট রাশমোর জাতীয় স্মারক বানিয়েছিলেন যাঁরা, সেই দলের শেষ জীবিত শিল্পী ডন 'নিক' ক্লিফোর্ড (৯৮) প্রয়াত হলেন। ১৯২৭ থেকে ১৯৪১ সালের মধ্যে সাউথ ডাকোটার ব্ল্যাক হিল এলাকায় স্মারকটি বানানো হয়। চার মার্কিন প্রেসিডেন্ট— জর্জ ওয়াশিংটন, টমাস জেফারসন, থিওডোর রুজভেল্ট এবং আব্রাহাম লিঙ্কনের মুখ পাথর খোদাই করে ফুটিয়ে তোলা হয় সেই স্মারকে।



"জলবায়ু পরিবর্তনের জেরে সভ্যতাই যখন সঙ্কটের মুখে এসে দাঁড়িয়েছে, তখন 'আশা' এবং 'আত্মসমর্পণ'-এর মধ্যে একটিকে বেছে নেওয়া ছাড়া মানবজাতির কাছে আর কোনও উপায় নেই।"

**আন্তোনিয়ো গুতেরেস,** *রাষ্ট্রপুঞ্জের মহাসচিব*

পরিবেশ সচেতনতার কথা সম্পূর্ণ ভুলে গিয়ে যে ভাবে মানুষ নানা কু-অভ্যাসের কাছে আত্মসমর্পণ করে চলেছে, তা নিয়ে ক্ষোভ প্রকাশ করে

## প্রয়াত ক্ষিতি গোস্বামী



**২৪ নভেম্বর:** পশ্চিমবঙ্গের প্রাক্তন মন্ত্রী এবং আরএসপি-র সাধারণ সম্পাদক ক্ষিতি গোস্বামী (৭৬) প্রয়াত হলেন। বাম জমানায় দীর্ঘদিন পূর্ত মন্ত্রী ছিলেন তিনি। প্রয়াত নেতার পরিবারকে সমবেদনা জানিয়ে শোক-বার্তা পাঠিয়েছেন মুখ্যমন্ত্রী। প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্রও বলেছেন, রাজনৈতিক মতপার্থক্য থাকলেও ইতি-বাচক উদ্যোগের পথে তা কখনও বাধা হয়ে ওঠেনি। সিপিএম পলিটব্যুরো বলেছে, ক্ষিতিবাবুর মৃত্যু সামগ্রিক ভাবে বাম আন্দোলনের ক্ষতি।

**২৭ নভেম্বর** ঢাকার গুলশনে অভিজাত রেস্তরাঁ হোলি আর্টিজান বেকারিতে হামলার দায়ে নব্য জেএমবি-র সাত জঙ্গিকে প্রাণদণ্ডের আদেশ দিয়েছে ঢাকার বিশেষ সন্ত্রাস-বিরোধী আদালত। প্রাণদণ্ড দেওয়া জঙ্গিদের মধ্যে রয়েছে খাগড়াগড় মামলার আসামি সোহেল মাফুজ ওরফে হাতকাটা নাসিরুল্লাও।

**গান্ধী হত্যাকারী নাথুরাম গডসেকে** দেশভক্ত আখ্যা দিলেন বিজেপি সাংসদ প্রজ্ঞা সিং ঠাকুর। তাঁর সেই মন্তব্যের জেরে লোকসভায় তুমুল হইচই শুরু হয়। প্রজ্ঞাকে ক্ষমা চাইতে হবে বলে বিরোধীরা দাবি তোলেন।

**তেলেঙ্গানার শামশাবাদ এলাকায় ২৬** বছর বয়সি এক তরুণীকে ধর্ষণ ও খুন করে পেট্রোল ঢেলে জ্বালিয়ে দিল চার দুষ্কৃতী। পেশায় পশুচিকিৎসক ওই তরুণী কল্লুরু গ্রামের একটি পশু হাসপাতালে কাজ করতেন। হায়দরাবাদে বাড়ি ফেরার সময় রাত ন'টার কিছু পরে শামশাবাদ টোল প্লাজার কাছে বর্বরোচিত হামলা চালায় দুষ্কৃতীরা। ২৯ নভেম্বর মহম্মদ আরিফ (২৬), জল্লু শিবা (২০), জল্লু নবীন (২০) এবং চিন্তকুন্ত চেন্নাকেশভুলু (২০) নামের দুষ্কৃতীদের গ্রেপ্তার করা হয়েছে। প্রত্যেকের বিরুদ্ধে ধর্ষণ, খুন এবং নির্ভয়া আইনের বিভিন্ন ধারায় মামলা করা হয়েছে।

**২৮ নভেম্বর** ইরাকে সেনা-বিক্ষোভকারী সংঘর্ষে ২৮ জন নিহত হলেন। একদিন আগে থেকেই নজাফে ভয়াবহ চেহারা নেয় ইরাকের সরকার বিরোধী আন্দোলন। ক্রমশ তা ছড়িয়ে পড়ে দক্ষিণের অন্য শহরগুলোতেও। নজাফের ইরানি কনসুলেটে হামলা চালায় ইরাকের সরকার-বিরোধী আন্দোলন-কারীরা। কনসুলেটের মূল ফটক ভেঙে ভিতরে ঢুকে আগুন লাগিয়ে দেয় তারা। উল্লেখ্য, ইরাকে সরকার-বিরোধী ক্ষোভের সূত্রপাত সাদ্দাম হোসেন গদিচ্যুত হওয়ার পর থেকেই। সাদ্দামের পতন পড়শি রাষ্ট্র ইরানের দরজা খুলে দেয় ইরাকে। অর্থনীতি, রাজনীতি, প্রতিরক্ষা— প্রতিটি ক্ষেত্রেই আধিপত্য বিস্তার করতে থাকে ইরান। তার ফলেই প্রতিবেশী দেশের বিরুদ্ধে ক্ষোভ ছড়াতে থাকে ইরাকিদের মধ্যে।

**হংকংয়ের গণতন্ত্রকামী আন্দোলনকারীদের** বিক্ষোভকে আইনি স্বীকৃতি দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কয়েকদিন আগেই হংকংয়ের গণতন্ত্রকামী আন্দোলনকে সমর্থন করে একটি বিল পাশ হয়েছিল মার্কিন সেনেটে। তাতে আনুষ্ঠানিক সই করেছেন ট্রাম্প। দীর্ঘ তিক্ততার পর চিনের সঙ্গে বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনা শুরুর কথা ছিল আমেরিকার। কূটনীতিকদের মতে ট্রাম্পের সইয়ের পর বিষয়টি নিয়ে জটিলতা তৈরি হতে পারে।

**পশ্চিমবঙ্গের তিন বিধানসভা কেন্দ্রের** উপনির্বাচনে জয়ী হল তৃণমূল। তিনটি কেন্দ্রেই বিজেপি দ্বিতীয় স্থান পেয়েছে। নদিয়ার করিমপুরে বিমলেন্দু সিংহ রায় ২৩,৯১০ ভোটে পরাস্ত করেছেন জয়প্রকাশ মজুমদারকে। মালদার কালিয়াগঞ্জে তপন দেবসিংহ ২৪১৪ ভোটে হারিয়েছেন কমলচন্দ্র সরকারকে। খড়্গপুর সদর কেন্দ্রে প্রদীপ সরকার ২০,৮৫৩ ভোটে হারিয়ে দিয়েছেন প্রেমচন্দ্র ঝা-কে।

**২৯ নভেম্বর** দেশের আর্থিক বৃদ্ধির হার আরও কমল। জুলাই থেকে সেপ্টেম্বরে জিডিপি বৃদ্ধির হার নেমে এসেছে ৪.৫ শতাংশে। সরকারি পরিসংখ্যান থেকেই জানা যাচ্ছে অক্টোবরে আটটি প্রধান পরিকাঠামো ক্ষেত্রের উৎপাদন সরাসরি ৫.৮ শতাংশ কমেছে। অন্য দিকে, অর্থ বছরের প্রথম সাত মাসেই রাজকোষ ঘাটতি ৭.২ লক্ষ কোটি টাকায় পৌঁছেছে, যা গোটা বছরের আনুমানিক রাজকোষ ঘাটতির পরিমাণের থেকে বেশি।

**৩০ নভেম্বর** মোদী জমানায় মুখ খোলার স্বাধীনতা না থাকা নিয়ে সরব হলেন শিল্পপতি। এ দিন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে লক্ষ্য করেই শিল্পপতি রাহুল বাজাজ প্রশ্ন ছোড়েন, 'মানুষের মুখ খোলার স্বাধীনতা নেই কেন?' দেশের অর্থনীতির বেহাল দশা দেখেও শিল্পপতিদের এই 'নীরবতা' নিয়ে এত দিন প্রশ্ন উঠেছিল। প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং দু'দিন আগেই বলেছিলেন, দেশের শিল্পমহল আতঙ্কে রয়েছে। আয়কর দপ্তর তদন্তকারী সংস্থার ভয় কাজ করছে। এর পরই মুখ খুলেছেন শিল্পমহলের প্রথম সারির মুখ রাহুল বাজাজ। কার্যত অমিত শাহের দিকেই আঙুল তুলে প্রশ্ন ছোড়েন তিনি, মোদী জমানায় কেন, 'বোলনে কি আজাদি' নেই। এ দিন মুম্বইয়ে এক অনুষ্ঠানে বাজাজ গোষ্ঠীর চেয়ারম্যান বলেন, 'ইউপিএ সরকারের আমলে যে কারও সমালোচনা করা যেত। কিন্তু আপনাদের বিরুদ্ধে বলতে লোকে ভয় পায়।'

## মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী হলেন উদ্ধব ঠাকরে



**২৮ নভেম্বর:** মহারাষ্ট্রের শিবসেনা-এনসিপি-কংগ্রেস জোট সরকারের মুখ্যমন্ত্রী হলেন উদ্ধব ঠাকরে। মুম্বইয়ের শিবাজি পার্কে জোটের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেন তিনি। উদ্ধব ছাড়াও শপথ নিয়েছেন ছয় মন্ত্রী। তিন দলের, দু'জন করে। বিধানসভায় শিবসেনার নেতা একনাথ শিন্দে, প্রয়াত বালাসাহেব ঠাকরের ঘনিষ্ঠ নেতা সুভাষ দেশাই মন্ত্রী হয়েছেন। এনসিপি থেকে শপথ নিয়েছেন প্রাক্তন অর্থমন্ত্রী ও পাওয়ার পরিবারের ঘনিষ্ঠ নেতা জয়ন্ত পাটিল। এছাড়াও এনসিপি প্রধান শরদ পাওয়ার মন্ত্রী করেছেন শিবসেনার দলত্যাগী নেতা ও একসময় সেখানে দু'নম্বর হিসেবে পরিচিত ছগন ভুজবলকে। কংগ্রেস থেকে মন্ত্রী হয়েছেন মহারাষ্ট্রের কংগ্রেস সভাপতি বালাসাহেব থোরাট এবং কার্যকরী সভাপতি নিতিন রাউত। **ছবি:** পি টি আই

**মহারাষ্ট্র বিধানসভায় আস্থাভোটে জয়ী** হল উদ্ধব ঠাকরের নেতৃত্বাধীন শিবসেনা-এনসিপি-কংগ্রেস জোট সরকার। ১৬২ জন বিধায়ক তাদের সমর্থন করেছেন বলে তিন দলের জোট আগেই জানিয়েছিল। এ দিন সরকারের পক্ষে ভোট দিয়েছেন ১৬৯ জন। এ দিনের আস্থাভোটের ফলে নিয়ম অনুযায়ী ছ'মাসের মধ্যে উদ্ধব সরকারকে আর সংখ্যাগরিষ্ঠতা প্রমাণ করতে হবে না। তবে মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরে বিধানসভার সদস্য নন। তাঁকেও ছ'মাসের মধ্যে নির্বাচিত হতে হবে।

**ইরাকে তীব্র সরকার-বিরোধী বিক্ষোভে** ইস্তফা দিতে বাধ্য হলেন সে দেশের প্রধানমন্ত্রী আদেল আব্দুল মহদি। সরকার-বিরোধী বিক্ষোভে উত্তাল হয়ে রয়েছে ইরাক। নিরাপত্তা বাহিনীর হাতে ৪০ জনেরও বেশি বিক্ষোভকারী মারা যাওয়ার পরে চাপের মুখে পদ ছাড়তে রাজি হন মহদি। ইরাকে শিয়াদের শীর্ষ ধর্মীয় নেতা আগেই সমর্থন তুলে নিয়েছেন মহদির উপর থেকে।

**১ ডিসেম্বর** সোমা রায় বর্মন দেশের নতুন কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস (সিজিএ) হলেন। তিনি দেশের ২৪তম সিজিএ এবং সপ্তম মহিলা, যিনি এই দায়িত্বে এলেন। এ দিন কেন্দ্রীয় অর্থ মন্ত্রক এক বিবৃতিতে তাঁর নিয়োগের কথা জানিয়েছে। দায়িত্ব পাওয়ার আগে অতিরিক্ত সিজিএ পদে ছিলেন তিনি। ১৯৮৬ ব্যাচের এই ইন্ডিয়ান সিভিল অ্যাকাউন্টস সার্ভিস অফিসার ৩৩ বছরের কর্ম জীবনে অর্থ, স্বরাষ্ট্র, শিল্প, তথ্য ও সম্প্রচার, মানবসম্পদ উন্নয়ন এবং জাহাজ, সড়ক পরিবহণ ও জাতীয় সড়কের মতো মন্ত্রকে কাজ করেছেন।

## মহাকাশে গেল উন্নত নজরদার উপগ্রহ 'কার্টোস্যাট-৩'



**২৭ নভেম্বর:** মহাকাশ থেকে আরও উন্নত নজরদারির জন্য 'কার্টোস্যাট-৩' উপগ্রহ উৎক্ষেপণ করল ইসরো। এ দিন সকালে সতীশ ধওয়ান মহাকাশ কেন্দ্র থেকে 'পিএসএলভি সি-৪৭' রকেটে চেপে পাড়ি দেয় 'কার্টোস্যাট-৩'। তার সঙ্গে আরও ১৩টি মার্কিন উপগ্রহকেও কক্ষপথে স্থাপন করা হয়। বর্তমানে ইসরোর বাণিজ্যিক শাখা হিসেবে নিউস্পেস ইন্ডিয়া লিমিটেড নামে একটি সংস্থা তৈরি করেছে। তার মাধ্যমেই বিদেশি উপগ্রহ উৎক্ষেপণের বরাত মিলেছে বলে ইসরো সূত্রে জানানো হয়েছে। সংস্থার চেয়ারম্যান কে শিবন বলেছেন, 'ভূমির উপরে নজরদারির জন্য তৈরি উপগ্রহগুলির মধ্যে 'কার্টোস্যাট-৩' সবথেকে উন্নত মানের।' এই উপগ্রহের উন্নত মানের ক্যামেরার সাহায্যে সীমান্ত এলাকায় জঙ্গি ঘাঁটি বা শত্রু শিবিরের ছবিও স্পষ্ট ভাবে পাওয়া যাবে বলে ইসরো সূত্রের খবর। **ছবি:** পি টি আই

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# তোমার প্রস্তুতির পরিশ্রম যেন ইন্টারভিউয়ারের চোখে ধরা পড়ে



**বিক্রমজিৎ ঘোষ**
জেনারেল ম্যানেজার
রিলায়েন্স জিও
ইনফোকম

পড়ার বইয়ের বাইরের অভিজ্ঞতা চাকরির প্রস্তুতির জন্য জরুরি। পড়াশোনা চলাকালীন ছুটির সময় বা কলেজ-জীবন শেষ হওয়ার পর একটুও বসে না থেকে যে-কোনও কাজ শুরু করে দাও। তাহলেই একমাত্র তুমি বাজারের সংস্পর্শে থাকতে পারবে। পাঠ্য বই বা বড়দের পরামর্শ অনেক সময় সময়োপযোগী হয় না। তাই কাজের বাজারের একেবারে সাম্প্রতিক ছবিটা জানতে হলে তোমায় নিজেকেই রাস্তায় হাঁটতে হবে।

### পড়াশোনার সঙ্গেই কাজের অভিজ্ঞতা

ম্যানেজমেন্ট ট্রেনি বা দামি ডিগ্রি কোর্স পড়ছে, এরকম ছেলেমেয়েদের জন্যই শুধু ইন্টার্নশিপ বা কোনও সংস্থায় আংশিক সময়ের কাজের সুযোগ থাকে, এই ধারনা এখন পুরনো হয়ে গিয়েছে। বর্তমান সময়ে টেলিকম-সহ বেশ কিছু বড় সংস্থা ছাত্রাবস্থাতেই ছেলেমেয়েদের আংশিক সময়ের চাকরি দিচ্ছে পড়াশোনায় ব্যাঘাত না ঘটিয়েই। সকাল সাতটা থেকে রাত দশটার মধ্যে যে-কোনও সময় তারা নিজেদের সুবিধা অনুযায়ী কাজ করতে পারে। কাজটা হচ্ছে কি না সেটাই সংস্থা দেখে, সময় নয়। সাধারণ কোর্সের ছাত্র-ছাত্রীদেরই নেওয়া হয় কাজে। কাজ সন্তোষজনক মনে করলে পাশ করে বেরোনোর পর সংশ্লিষ্ট সংস্থাই চাকরিতে নিয়োগ করে। একটু খোঁজখবর নিয়ে এই ধরনের কাজে যোগ দিতে পারো। তাহলে পড়াশোনার পাশাপাশি কাজের অভিজ্ঞতাও হয়ে যাবে।

> কোনও পরিস্থিতির উদাহরণ দিয়ে প্রার্থীকে বিচার করা ইন্টারভিউয়ারদের পছন্দের পদ্ধতি। সমস্যার সমাধান ঠিক হতেই হবে বা তার ওপরই নম্বর নির্ভর করছে, তা কিন্তু নয়। প্রার্থী সমস্যাটা ভালো ভাবে বুঝতে পারছে কি না সেটাই দেখা হয়।

আমার নিজের অভিজ্ঞতাও এখানে প্রাসঙ্গিক। পড়াশোনা চলাকালীন আমিও প্রথম তিন মাস কাজ করেছিলাম একটি সংস্থায়। চাকরি খোঁজার সময় খুব কাজে দিয়েছিল সেই আংশিক সময়ের চাকরির অভিজ্ঞতা।

### শুধু মুখস্থবিদ্যা নয়, বুদ্ধিও কাজে লাগাও

একটি ছেলের ইন্টারভিউ নিয়েছিলাম। তার পোশাক, ব্যবহার ইত্যাদি সবই যথাযথ ছিল। এমনকী তার পড়াশোনা এবং যোগ্যতাও আমাদের সংস্থার জন্য উপযুক্ত ছিল। প্রশ্নোত্তর পর্বে তাকে নাম ধরে সম্বোধন করে বললাম, তুমি তো দেখছি বি টেক কোর্স করেছ, তোমার নিজের সম্পর্কে কিছু বলো। এখানেই সে গোলমালটা পাকাল। বাঁধা গতে মুখস্থ করে এসেছিল এই প্রশ্নের উত্তর। ফলে, শুরু করল নিজের নাম, যোগ্যতার উল্লেখ-সহ। না ভেবে মুখস্থ করে যাওয়ার ফল এটাই হয় বেশির ভাগ সময়। এমনকী মুখস্থ করা অংশের কোনও একটি শব্দ বাদ গেলেও অনেকের খেই হারিয়ে যায়। ছেলেটি যদি একটু সচেতন থাকত বা নিজের উপস্থিত বুদ্ধি কাজে লাগাত, তাহলেই ওই পুনরাবৃত্তিটুকু বাদ দিয়ে অন্য ভাবে শুরু করতে পারত।

অনেকেই ভালো করে রপ্ত করে আসে উত্তর। তাতে বেঠিক কিছু নেই। কিন্তু সেই শেখাটা যেন অন্ধ ভাবে মুখস্থ করার পর্যায়ে না যায়, সেদিকে খেয়াল রাখতে হবে। নিজের বুদ্ধি সজাগ রেখে, প্রয়োজন অনুযায়ী শিখে আসা বিষয়কে কাজে লাগাতে পারলে তবেই সেটা তোমার কৃতিত্ব। না হলেই নম্বর কাটা যাবে।

### অভিজ্ঞতা ছাড়াও চাকরি হয়

কোনও পরিস্থিতির উদাহরণ দিয়ে প্রার্থীকে বিচার করা ইন্টারভিউয়ারদের পছন্দের পদ্ধতি। সমস্যার সমাধান ঠিক হতেই হবে বা তার ওপরই নম্বর নির্ভর করছে, তা কিন্তু নয়। প্রার্থী সমস্যাটা ভালো ভাবে বুঝতে পারছে কি না সেটাই দেখা হয়।

আগে কাজ করার অভিজ্ঞতা না থাকলেও, যদি একটু চেষ্টা করো চাকরি পাওয়া কিন্তু কঠিন নয়। যেমন, ধরা যাক, ক্রেডিট কার্ড বিক্রির চাকরি। হয়তো একেবারে নতুন প্রার্থী, কোনও পূর্ব অভিজ্ঞতা নেই। তার কাছে জানতে চাইলাম, এরকম কাজ তো আগে করোনি দেখছি, তাহলে কী করে বিক্রি করবে?

সে হয়তো বলল যে, প্রত্যক্ষ ভাবে কাজ না করলেও সে জানে এই ইন্ডাস্ট্রিতে কী ভাবে কাজ করা হয়, কী ভাবে ক্রেডিট দেওয়া হয়, কী ভাবে কিস্তিতে ফেরত হয়, বাকি পড়লে আদায়ের পদ্ধতি কী, এছাড়াও বাজারে কতগুলো ক্রেডিট কার্ড সংস্থা আছে, প্রতিযোগিতায় কে কোন সারিতে। এই সঙ্গে সে হয়তো যোগ করল, এগুলির মধ্যে সবচেয়ে ভালো জায়গায় আছে এই সংস্থা, তাই এখানে সে কাজ করতে চায়। কোন ক্ষেত্রে সংস্থাটি ভালো বলে তার মনে হয় এবং কেন, সেটাও অবশ্যই বলতে হবে। না হলে তা ফাঁকা প্রশস্তি হয়ে দাঁড়াবে।

এভাবে বললে ইন্টারভিউয়াররা বুঝতে পারেন, প্রার্থী ভালো ভাবে জেনে কাজ করবে বলেই প্রস্তুতি নিয়ে এসেছে। মোট কথা তোমার প্রস্তুতি যেন দেখা যায়। চাকরি পাওয়া আমাদের জীবনের একটি গুরুত্বপূর্ণ বিষয়। সেই বিষয়ক প্রস্তুতি নেওয়া নিয়ে অবহেলা দেখলে ইন্টারভিউয়ার ধরেই নেন যে, এর পক্ষে কাজের গুরুত্ব বোঝা সম্ভব নয়।

ফুরোবার আগেই সংগ্রহ করুন




কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

Aviation Connect
Company: **Aviation Connect**
Position Title: **Air Hostress & Ground staff In Airport**
Experience, Location: **Both Fresher & Experience, Kolkata, Bhubeneswar & Delhi**
Profile: Aviation connect provide 100% placement to our students after completion of the courses or workshop.Age : 18years to 27 years, Education : Min Higher Secondary, Salary : 11,000-34,000/Month, Fresher may apply.call on 9051941467/03346037102 & also Apply to : info@aviationconnect.in
To apply for this job, log on to www.shine.com

TRIUMPH
DECIDE...COMMIT...SUCCEED
Company: **National Level client of Triumph**
Position Title: **Electrical Engineer-Building**
Experience, Location: **3-5years, West Bengal**
Profile: We need B.Tech/Diploma(Electrical) for our different clients in India.Experience on building(High rise building) is required.Salary - Rs.15000/- to 20000/- per month (depending on experience).Opening for West Bengal /out of WB location.Send your CV to email-teamtriumph16@gmail.com.Call-8961790933
To apply for this job, log on to www.shine.com

IBM India Pvt. Ltd
Company: **IBM India Pvt. Ltd**
Position Title: **Package Consultant Oracle Retail**
Experience, Location: **3 to 10 Yrs, Kolkata**
Profile: Should have Technical and Functional experience in Oracle Retail (RETEK), Oracle Retail Merchandising System (RMS), Oracle Retail Data Warehousing (RDW)
To apply for this job, log on to www.shine.com and search using **10438988** as keyword.

The Wadia Group
Company: **The Wadia Group**
Position Title: **Project Coordinator**
Experience, Location: **2 to 4 Yrs,**
Profile: Organize office administration, operations and procedures;Raising Bills/ Invoices of all projects in consultation with Project Team Leaders and following up till realization of payment;Maintaining up to date project schedule/ project MIS/ project Budget etc., as required by HO and ensuring timely submission of the same
To apply for this job, log on to www.shine.com and search using **10363260** as keyword.

GLOBAL INDIA CONSULTANTS
Company: **GLOBAL INDIA CONSULTANTS**
Position Title: **Business Development/Sales Manager**
Experience, Location: **1 year & above, Kolkata**
Profile: We have Lots of opening in Sales and Marketing in various sectors. CTC : 2 to 8 lakhs PA. Education: Graduate/MBA. If interested, please Contact - Email: gic525@hotmail.com, Contact: Ruma-7685860069
To apply for this job, log on to www.shine.com

Teleperformance Global Services Pvt Ltd
Company: **Teleperformance Global Services Pvt Ltd**
Position Title: **Frontline Manager**
Experience, Location: **Freshers , Kolkata**
Profile: An individual doing a counter sales job is responsible for handling all sales function in a manner which is professional enough for the customers. They should also provide quick and efficient service to obtain maximum sales and also focus on customer satisfaction. Should be excellent while providing service to its customers.
To apply for this job, log on to www.shine.com and search using **10472442** as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203***
*Not for Candidates

shine.com
Great careers start here

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**General English**

1. Read the following sentences. In the following sentences, in which sentence adverbs modify the whole sentence rather than any particular word?
(a) Rekha runs quickly (b) Unfortunately no one was present there (c) This is a very sweet mango (d) Rekha reads quite clearly

2. Which of the following pairs does not match correctly?
(a) Sita sings delightfully-Adverb of manner (b) Sita sings pretty well- Adverb of degree (c) The weather is delightfully cool-Adverb of time (d) He seldom comes here – Adverb of frequency

3. Identify the sentence where relative adverb has been used:
(a) You are quite wrong (b) Why are you late ? (c) How brightly the moon shines? (d) I remember the house where I was born

4. Some adverbs have two forms, each of which has a different meaning and some adverbs have the same form as adjectives. Find the odd one out on the basis of foregoing statements.
(a) He worked very hard. He hardly works (b) I got up late this morning. I have not seen Tony lately (c) Ram is an early riser. Ram has to rise early (d) His end is near, He is nearly sixty

5. Fill in the gap with suitable preposition.
It's five minutes ____________ 10 o'clock.
(a) to (b) of (c) from (d) till

6. Fill in the gap with suitable preposition.
What have you done _________ your moustaches?
(a) of (b) in (c) to (d) at

7. Fill in the gap with suitable preposition.
Ram died ______ fatigue.
(a) of (b) from (c) for (d) in

8. Identify the kind of coordinating conjunction in the following sentence:
He was all right; only he was fatigued.
(a) Cumulative or Copulative (b) Adversative (c) Disjunctive (d) Illative

9. Subordinating conjunctions may be classified according to their meaning. Three options belong to a certain classification but not the fourth one. Identify the odd one.
(a) We eat so that we may live (b) I would die before I lied (c) I returned home after he had gone (d) Many things happened since I saw you

10. Fill in the gap with suitable coordinating conjunctions.
All precautions must have been neglected, _____ the plague spread rapidly.
(a) for (b) if (c) on account of (d) because

11. The correct passive voice of the following sentence will be:
Would you have tolerated such humiliation?
(a) Would such humiliation have been tolerated by you? (b) Would such humiliation having been tolerated by you? (c) Would you have been tolerated such a humiliation (d) How would you have been tolerated such a humiliation?

12. The correct passive voice of the following sentence will be: Let him sing a song.
(a) Let a song to be sung by him (b) Let a song be sung by him (c) Let him a song to be sung (d) You are requested to let him sing a song

13. Certain collective nouns, though singular in form are always used as plurals. Three of the following choices are such collective nouns while one is not. Find the one which is not.
(a) Cattle (b) Vermin (c) Trout (d) Gentry

14. The following sentence has been given in direct speech. Choose the correct indirect speech from among choices:
He said, 'I do not wish to see any of you: go away.'
(a) He said that he did not wish to see any of them and ordered them to go away (b) He said that I did not wish to seen any of you and said to go away (c) He said that he had not wished to see any of them and asked them to go away (d) He said that he does not wish to see any of them and asked them to go away

15. The following sentence has been given in direct speech. Choose the correct indirect speech from among choices: The professor said, 'Akbar won the respect of all races and classes by his justice.'
(a) The professor said that Akbar had won the respect of all races and classes by his justice (b) The professor said that Akbar won the respect of all races and classes by his justice (c) The professor said that Akbar must have won the respect of all races and classes by his justice (d) The professor said that Akbar would have won the respect of all races and classes by his justice

16. The following sentence has been given in direct speech. Choose the correct indirect speech from among choices:
He said, 'What a dreadful thing!'
(a) He exclaimed that it was a dreadful thing (b) He said that it was a dreadful thing (c) He said that it is a dreadful thing (d) He exclaimed that it is a dreadful thing

17. Fill in the gap correctly:
The shirt costs me ______.
(a) five thousand rupee (b) five thousands rupee (c) five thousand rupees (d) five thousands rupees

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

**প্রথম সেট**

1. একটি নলের দু'টি মুখ বায়ুনিরুদ্ধভাবে বন্ধ করা হল। আবদ্ধ বাতাসের চাপ:
(a) খুব কম (b) বায়ুমণ্ডলের চাপের চেয়ে সামান্য কম (c) বায়ুমণ্ডলের চাপের সমান (d) নলের দৈর্ঘ্যের ওপর নির্ভরশীল

2. কোন তলটি তাপের উত্তম শোষক?
(a) সাদা অমসৃণ তল (b) কালো অমসৃণ তল (c) সাদা মসৃণ তল (d) কালো মসৃণ তল

3. যখন আপাতন কোণ দু'টি মাধ্যমের সংকট কোণের সমান হয় তখন প্রতিসরণ কোণের মান:
(a) $0^\circ$ (b) $90^\circ$ (c) $45^\circ$ (d) আপাতন কোণের সমান

4. চাপ দিয়ে দুই বা ততোধিক বরফখণ্ডকে জুড়ে দেওয়ার পদ্ধতিকে বলে:
(a) কঠিনীভবন (b) বিকিরণ (c) পুনঃশিলীভবন (d) কোনওটিই নয়

5. একই তাপমাত্রায় দু'টি বল ধাক্কা খেলে যে রাশিটি সংরক্ষিত হয়, তা হল:
(a) তাপমাত্রা (b) বেগ (c) রৈখিক ভরবেগ (d) গতিশক্তি

6. তেজস্ক্রিয় ভাঙনের সময় যে তড়িৎচুম্বকীয় তরঙ্গ বিকিরিত হয়, তা হল:
(a) X রশ্মি (b) $\gamma$ -রশ্মি (c) আলট্রাভায়োলেট রশ্মি (d) ইনফ্রারেড রশ্মি

7. X রশ্মি যার মধ্য দিয়ে যেতে পারে না:
(a) মাংস (b) হাড় (c) লোহা (d) সোনা

8. তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে সঙ্গে কোনও অর্ধপরিবাহীর রোধ:
(a) প্রথমে বাড়ে, তারপর কমে (b) একই থাকে (c) বাড়ে (d) কমে

9. শব্দের বেগ সবচেয়ে বেশি:
(a) কঠিনে (b) তরলে (c) গ্যাসে (d) শূন্যস্থানে

10. ক্লোরিন-এর ব্লিচিং ক্রিয়া হল:
(a) বিয়োজন (b) হাইড্রোলাইসিস (c) বিজারণ (d) জারণ

11. দুধ হল একপ্রকার দ্রবণ যাকে বলা হয়:
(a) ইমালসন (b) জেল (c) ফেনা (d) সল

12. এল পি জি সিলিন্ডারের মধ্যে থাকে:
(a) বিউটেন ও আইসোবুটেন (b) বিউটেন ও প্রোপেন (c) আইসোবিউটেন ও প্রোপেন (d) বিউটেন, আইসোবুটেন ও প্রোপেন

13. ফুলারিন হল:
(a) কার্বনের একটি বহুরূপ (b) কার্বরান্ডামের অপর নাম (c) কৃত্রিম মেমারি (d) কার্বনের একটি যৌগ

14. 3-5% পরিমাণ যে পদার্থ দিয়ে রবার উত্তপ্ত করার প্রক্রিয়াকে বলে ভালকাইজেশন, তা হল:
(a) গন্ধক (b) চুন (c) ন্যাপথালিন (d) পটাশিয়াম পারম্যাঙ্গানেট

15. একটি বিক্রিয়া স্বতঃস্ফূর্ত হবে, যখন:
(a) $\triangle G = -\sqrt{e}$ (b) $\triangle H - \sqrt{e}$ (c) $\triangle S = +\sqrt{e}$ (d) $\triangle S = -e$

16. 1984-র ভোপাল গ্যাস দুর্ঘটনায় নীচের কোন গ্যাসটি নির্গত হয়েছিল?
(a) মিথাইল আইসোসায়ানাইড (b) মিথাইল আইসোসায়ানেট (c) মিথাইল আইসোক্লোরাইড (d) মিথাইল আইসোক্লোরেট

17. পলিটিন ক্রোমোজোম যে কোষ থেকে পাওয়া যায় সেটি হল:
(a) পতঙ্গ লার্ভার লালাগ্রন্থি কোষ (b) মানুষের যকৃৎ কোষ (c) পতঙ্গের স্নায়ুকোষ (d) কোনওটিই নয়

18. মাইটোসিসের কোন দশায় ক্রোমোজোমগুলি V J, L অথবা I আকৃতির হয়?
(a) প্রোফেজ (b) মেটাফেজ (c) অ্যানাফেজ (d) টেলোফেজ

19. প্রাচীন সংবহন কলাতন্ত্রবিশিষ্ট উদ্ভিদের স্টিলির প্রকৃতি ছিল:
(a) প্রোটোস্টিলি (b) সাইফোনোস্টিলি (c) ডিক্টিওস্টিলি (d) অ্যাটাক্টোস্টিলি

20. উদ্ভিদ কোষের মূল উপাদান যে কার্বহাইড্রেটটি, তা হল:
(a) সেলুলোজ (b) সুক্রোজ (c) স্টার্চ (d) লিগনিন

21. স্তন্যপায়ী প্রাণীর সারভাইক্যাল কশেরুকার সংখ্যা:
(a) সাত (b) সতেরো (c) সাতাত্তর (d) এগারো

22. হৃদপেশি ক্লান্ত হয় না, কারণ:
(a) কোষসমূহ ইন্টারক্যালেটেড চাকতি দিয়ে যুক্ত (b) বিপুল পরিমাণে

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

82(c): ধরি, B-এর বেতন 100 টাকা, তাহলে A-এর বেতন 150 টাকা
∴ B-এর বেতন A-এর থেকে 50 টাকা কম
∴ B-এর বেতন A-এর থেকে যত কম তার শতকরা হিসাব $= \frac{50}{150} \times 100 = 33\frac{1}{3}$.

83(b): ধরি, বালক সংখ্যা = x, বালিকা সংখ্যা = y
$x + y = 36$ ... (i) × 3
প্রতিটি বালক 3টি ও প্রতিটি বালিকা 4টি করে ফল পায়
∴ $3x + 4y = 125$ ... (ii) × 1
(i) নম্বর সমীকরণকে 3 দ্বারা ও (ii) নম্বর সমীকরণকে 1 দ্বারা গুণ করে পরস্পর বিয়োগ করে পাই—

$$\begin{aligned} 3x + 3y &= 108 \\ 3x + 4y &= 125 \\ \hline y &= 17 \end{aligned}$$

∴ বালিকার সংখ্যা = 17.

84(a): ধরি, A ও B ব্যাঙ্ক থেকে যথাক্রমে x ও y টাকা ধার নেয়
A-এর 5 বছরে যে টাকা শোধ করতে হবে তা হল $x + \frac{x \times 10 \times 5}{100}$ এবং B-এর 5 বছরে যে টাকা শোধ করতে হবে তা হল $y + \frac{y \times 10 \times 3}{100}$
∴ সূত্রানুযায়ী, $\frac{x + \frac{5x}{10}}{y + \frac{3y}{10}} = \frac{1}{1}$ ∴ $\frac{15x}{13y} = \frac{1}{1}$ বা, $\frac{x}{y} = \frac{13}{15}$
∴ তাদের ধার করা টাকার অনুপাত হল = 13 : 15.

85(c): ধরি, ব্যক্তিটির কাছে মূল টাকার পরিমাণ হল x
∴ খরচ করার পর তার কাছে টাকার পরিমাণ $\frac{(100 - 10) \times x}{100} = 0.9x$
এরপর সে 30% টাকা হারিয়ে ফেলে
ফলে যে পরিমাণ টাকা অবশিষ্ট থাকে তা হল $= (0.9 \times 0.7)x = 0.63x$
প্রশ্নানুযায়ী, $0.63x = 1260$ ∴ $x = \frac{1260}{0.63} = 2000$ টাকা।

86(d): ত্রিভুজের তিনটি বাহু যথাক্রমে $\frac{x}{20}, \frac{x}{15}, \frac{x}{12}$
ত্রিভুজের পরিসীমা $= \frac{x}{20} + \frac{x}{15} + \frac{x}{12} = 30$
বা, $\frac{3x + 4x + 5x}{60} = 30$ বা, $12x = 1800$ বা, $x = 150$
বাহুগুলি হল যথাক্রমে, (i) $\frac{1}{20} \times 150 = 7\frac{1}{2}$ সেন্টিমিটার
(ii) $\frac{1}{12} \times 150 = 12\frac{1}{2}$ সেন্টিমিটার
(iii) $\frac{1}{15} \times 150 = 10$ সেন্টিমিটার
∴ সর্বাপেক্ষা ক্ষুদ্র বাহু হল $7\frac{1}{2}$ সেন্টিমিটার।

87(a): ধরি, ক্ষুদ্রতর সংখ্যা = x
বৃহত্তর সংখ্যা = x + 15
প্রশ্নানুসারে, $\sqrt{(x + 15)} - \sqrt{x} = 1$ (উভয়পক্ষকে বর্গ করে পাই)
$x + 15 + x - 2\sqrt{x(x + 15)} = 1$
বা, $2x + 14 = 2\sqrt{x(x + 15)}$ বা, $x + 7 = \sqrt{x(x + 15)}$
বা, $x^2 + 14x + 49 = x^2 + 15x$ বা, $x = 49$.

88(b): ধরি, লুপ্ত পদটি হল = x
$\frac{12}{20} = \frac{x}{25}$ বা, $x = \frac{12 \times 25}{20} = 15$.

89(b): রাম 1 মিনিটে টাইপ করবে $= (500 \div 10) = 50$টি শব্দ
শ্যাম 1 মিনিটে টাইপ করবে $= (400 \div 10) = 40$টি শব্দ
দু'জন 1 মিনিটে টাইপ করবে $= (50 + 40) = 90$টি শব্দ
∴ তারা 3600 শব্দ টাইপ করতে সময় নেবে $= \frac{3600}{90} = 40$ মিনিট।

90(b): ধরি, গোলকের ব্যাসার্ধ r সেমি
প্রশ্নানুসারে, $2\pi r^2 = 3 \times \frac{4}{3}\pi r^3$ বা, $2r = 1$
∴ ব্যাস = 1 সেমি।

91(c): $\sqrt{625} + \sqrt{6.25} + \sqrt{0.0625} = 25 + 2.5 + 0.25 = 27.75$.

92(a): বৃত্তদু'টির ব্যাসার্ধের অনুপাত 5 : 4
∴ বৃত্তদু'টির ক্ষেত্রফলের অনুপাত $= 2\pi.25 : 2.\pi.16 = 25 : 16$.

93(a): বস্তুটির ক্রয়মূল্য $= \frac{100}{125} \times 30 = 24$ টাকা
যদি বস্তুটিকে 33.60 টাকায় বিক্রি করা হয় তবে লাভ হবে $= (33.60 - 24)$ টাকা $= 9.60$ টাকা
∴ শতকরা লাভ $= \frac{9.60}{24} \times 100 = 40\%$.

94(a): ধরি, পরপর তিনটি বিজোড় সংখ্যা যথাক্রমে (x + 1) (x + 3) (x + 5)
প্রশ্নানুসারে, $3(x + 1) = 2(x + 5) + 3$

এরপর তেরোর পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

মাইটোকনড্রিয়ার উপস্থিতি (c) অধিক পরিমাণে অ্যাকটিনের উপস্থিতি (d) অধিক পরিমাণে মায়োসিনের উপস্থিতি

23. ওজনের পরিমাণে মানবদেহে শতকরা কতটা জল?
(a) 60% (b) 50% (c) 33% (d) 10%

24. সর্বাপেক্ষা কম সালোকসংশ্লেষ হয়:
(a) নীল আলোয় (b) কমলা আলোয় (c) সবুজ আলোয় (d) লাল আলোয়

25. যে উদ্ভিদে কাণ্ডের অন্তর্গঠন দেখা যায় তার:
(a) $C_3$ আবর্ত (b) $C_4$ আবর্ত (c) $C_2$ আবর্ত (d) $C_3$ এবং $C_4$ আবর্ত

26. টাইটানিক (1997) ছবিটি কতগুলি অস্কার পুরস্কার পায়:
(a) 9 (b) 10 (c) 11 (d) 8

27. ফ্রান্স-এর পার্লামেন্টের নাম:
(a) শোরা (b) ন্যাশনাল কংগ্রেস (c) ন্যাশনাল অ্যাসেম্বলি (d) পার্লামেন্ট (হাউস অব কমন্স অ্যান্ড হাউস অব লর্ডস)

28. রংয়ের গভীরতামাপক যন্ত্রটি হল:
(a) ডাইনোমিটার (b) কোলোরিমিটার (c) পিকনোমিটার (d) পাইরোমিটার

29. 'Jai Jawan, Jai Kisan' উক্তিটি কার?
(a) লাল বাহাদুর শাস্ত্রী (b) জওহরলাল নেহরু (c) মহাত্মা গান্ধী (d) বালগঙ্গাধর তিলক

30. এরোপ্লেন (1903) -এর আবিষ্কর্তা:
(a) রাইট ভ্রাতৃদ্বয় মার্কিন (USA) (b) কার্লবেঞ্চ (জার্মানি) (c) জন কে ওল্ড (d) নিকোলাস ক্যানেট (ফ্রান্স)

31. 21 মে কী দিবস?
(a) বিশ্ব ঐতিহ্য দিবস (b) সন্ত্রাসবিরোধী দিবস (রাজীব গান্ধীর মৃত্যু দিন) (c) সদভাবনা দিবস (রাজীব গান্ধীর জন্মদিন) (d) বিশ্ব প্রকৃতি দিবস

32. এস চিন্নাস্বামী স্টেডিয়াম কোথায় অবস্থিত?
(a) বেঙ্গালুরু (b) চেন্নাই (c) ইন্দোর (d) পাতিয়ালা

33. 'গাইডিং সোলস: ডায়লগস্ অন দ্য পারপাস অফ লাইফ' বইটি কার লেখা?
(a) আই কে গুজরাল (b) এ পি জে আব্দুল কালাম (c) শশী থারুর (d) কিরণ বেদী

34. রোমান সভ্যতার কালপর্ব:
(a) খ্রিস্টপূর্ব 600 থেকে খ্রিস্টপূর্ব প্রথম শতাব্দী (b) খ্রিস্টপূর্ব 1000 থেকে ষোড়শ শতাব্দী (c) 3200 থেকে 2360 খ্রিস্টপূর্বাব্দ (d) 559 থেকে 330 খ্রিস্টপূর্বাব্দ

35. 'বিজয় কুমারের নেতৃত্বে স্পেশাল টাস্কফোর্স, বীরাপ্পান কে ধরতে' অপারেশনটি হল:
(a) কোকুন (b) রাইনো (c) ব্লু-স্টার (d) বজ্র প্রহর

36. 'রামধনুর দেশ'
(a) প্যালেস্টাইন (b) হাওয়াই দ্বীপপুঞ্জ (c) ফিনল্যান্ড (d) হল্যান্ড

37. সেলুলার ফোনের জনক:
(a) মার্টিন কুপার (b) মার্টিন বার্ড (c) উইলিয়াম হার্ভে (d) রোল্যান্ড হিল

38. 'ভোরের পাখি' নামে কে অভিহিত?
(a) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় (b) বিহারীলাল চক্রবর্তী (c) ভারতচন্দ্র রায় (d) গিরীশচন্দ্র ঘোষ

39. 'বৈশাখী' কোথাকার আঞ্চলিক উৎসব?
(a) অসম ও মণিপুর (b) কাশ্মীর (c) পশ্চিমবঙ্গ (d) উত্তরপ্রদেশ

40. 'নৌটঙ্কি' কোথাকার ধ্রুপদী নৃত্য?
(a) উত্তরপ্রদেশ (b) হিমাচল প্রদেশ (c) অন্ধ্রপ্রদেশ (d) মধ্যপ্রদেশ

41. নাদির শাহের ভারত আক্রমণের সময় মোগল সম্রাট ছিলেন:
(a) নিজাম শাহ (b) জাহান্দার শাহ (c) মহম্মদ শাহ (d) আকবর

42. বেথুন স্কুল প্রতিষ্ঠায় যে বাঙালি মনীষীর অবদান ছিল:
(a) রামমোহন রায় (b) বিদ্যাসাগর (c) কেশবচন্দ্র সেন (d) স্বামী বিবেকানন্দ

43. শিখদের দশম গুরু কে ছিলেন?
(a) তেগবাহাদুর (b) গোবিন্দ সিংহ (c) অর্জুন (d) কেউই নন

44. খানুয়ার প্রান্তে 10 ঘণ্টার যুদ্ধে (1527) বাবর কাকে পরাজিত করেন?
(a) ইব্রাহিম লোদি (b) সংগ্রাম সিংহ (c) হাসান খান (d) মাহমুদ লোদি

45. গুপ্তোত্তর যুগে উত্তর ভারতের বিস্তীর্ণ অঞ্চলকে একীভূত করেছিলেন:
(a) রাজপুতরা (b) চালুক্যরা (c) মৌর্যরা (d) হর্ষবর্ধন

46. ভার্নাকুলার প্রেস অ্যাক্ট (1774) কার আমলে পাশ করানো হয়?
(a) কার্টিয়ার (b) লর্ড লিটন (c) ওয়ারেন হেস্টিংস (d) কর্নওয়ালিস

47. অশোকের শিলালিপির প্রথম পাঠোদ্ধার কে করেন?
(a) ভিনসেন্ট স্মিথ (b) অ্যাডম স্মিথ (c) জেমস প্রিন্সেপ (d) স্টুয়ার্ট পিগট

48. আলিগড় কলেজের প্রথম অধ্যক্ষ কে ছিলেন?
(a) থিয়োডর বেক (b) আহমেদ খান (c) চিরাগ আলি (d) খুদা বক্স

49. প্রস্তর যুগের মানুষের প্রথম গৃহপালিত পশু:
(a) কুকুর (b) ঘোড়া (c) গাধা (d) ভেড়া

50. ধূমকেতু কার চারপাশে পরিক্রমা করে?
(a) পৃথিবীর চারপাশে (b) সূর্যের চারপাশে (c) মঙ্গল গ্রহের চারপাশে (d) বৃহস্পতির চারপাশে

51. উৎস অঞ্চলে ইয়াং সিকিয়াং নদীর নাম কী?
(a) খুও খুও হি (b) ইয়াং সিকিয়াং (c) কানসাকিয়াং (d) চুয়াংহো

52. নীচের কোনটি তাপবিদ্যুৎ কেন্দ্র নয়?
(a) তালচের (b) ওবরা (c) কোর্জ (d) কৈগা

53. গোর্খা হিল কাউন্সিলের সদর দপ্তর কোনটি?
(a) কালিম্পং (b) গ্যাংটক (c) দার্জিলিং (d) শিলিগুড়ি

54. 'গর্জনশীল চল্লিশা' দেখা যায় কোন অক্ষাংশে?
(a) 40° – 60° দক্ষিণ (b) 0° – 10° দক্ষিণ (c) 40° – 50° উত্তর (d) 50° – 60° উত্তর

55. হ্যালির ধূমকেতু কত বছর অন্তর দেখা যায়?
(a) 75 বছর (b) 76 বছর (c) 86 বছর (d) 66 বছর

56. নীচের কোনটি মঙ্গল গ্রহের উপগ্রহ?
(a) ফোবস (b) গ্যানিমিড (c) স্যারেন (d) ওবেরণ

57. মহীশুর কত সালে কর্নাটক নামে পরিচিত হয়?
(a) 1970 সালে (b) 1973 সালে (c) 1975 সালে (d) 1983 সালে

58. আকাশচুম্বী শহর কাকে বলে?
(a) কলকাতা (b) মুম্বই (c) লন্ডন (d) নিউ ইয়র্ক

59. 'Open Market Operation' কীসের সঙ্গে যুক্ত?
(a) ফিসক্যাল পলিসি (b) মানিটারি পলিসি (c) ক্রেডিট পলিসি (d) ইনকাম পলিসি

60. Smart Money কথাটি কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?
(a) Internet Banking (b) Credit Card (c) Public Cash (d) a and b both

61. 'Central Value Added Tax বা CENVAT কোন আর্থিক বছরে চালু হয়?
(a) 2000 – 2001 (b) 2001 – 2002 (c) 2002 – 2003 (d) 2003 – 2004

62. 1960 সালে Committee on Distribution of Income and Levels of Living গঠিত হয়। অন্য কোন নামে এই কমিটি সুপরিচিত?
(a) খোসলা কমিটি (b) চেলিয়া কমিটি (c) মহালানবিশ কমিটি (d) খুসরো কমিটি

63. অতিরিক্ত রাজস্ব আদায়ের জন্য অস্থায়ী যে কর আরোপ করা হয় তার নাম কী?
(a) সারচার্জ (b) সেস (c) রেট (d) ফি

64. ইম্পিরিয়াল ব্যাঙ্ক ভারতে প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) 1911 সালে (b) 1921 সালে (c) 1937 সালে (d) 1952 সালে

65. 'অর্থনীতি সম্পদের বিজ্ঞান' (Science of Wealth) কথাটি কে বলেছিলেন?
(a) অ্যাডাম স্মিথ (b) পল স্যামুয়েলসন (c) রবিনস (d) জেমস বুকানন

66. Tariff কী ধরনের বাধা?
(a) মূল্যগত (b) পরিমাণগত (c) ওজনগত (d) a ও b উভয়ই

67. কৃষকদের স্বল্পমেয়াদি ঋণের জন্য 'কিষাণ ক্রেডিট কার্ড' কবে চালু হয়?
(a) 1972-73 (b) 1982-83 (c) 1998-99 (d) 2002-03

68. পাবলিক অ্যাকাউন্টস কমিটির সদস্য সংখ্যা কত হয়?
(a) 30 (b) 24 (c) 28 (d) 22

69. সর্বোদয় কথাটির অর্থ কী?
(a) গণতন্ত্র (b) সমাজতন্ত্র (c) সমাজের কল্যাণ (d) সকলের বিশ্বাস

70. ভারতীয় সংসদীয় গণতন্ত্রের বৈশিষ্ট্য কোন দেশের সংবিধানের অনুরূপ?
(a) ব্রিটেন (b) মার্কিন (c) কানাডা (d) রাশিয়া

71. ফৌজদারি মামলার বিচার করার ক্ষমতা কার আছে?
(a) জেলাশাসকের (b) মহকুমা শাসকের (c) রাজ্যপালের (d) কোনওটিই নয়

72. এখনও পর্যন্ত সবথেকে বেশি সময়কাল রাষ্ট্রপতি পদে আসীন ছিলেন কে?
(a) ডঃ রাজেন্দ্র প্রসাদ (b) ডঃ জাকির হোসেন (c) ভি ভি গিরি (d) জ্ঞানী জৈল সিং

73. রাজ্য বিধানসভার অধিবেশন কে আহ্বান করেন?
(a) রাজ্যপাল (b) মুখ্যমন্ত্রী (c) স্পিকার (d) আইনমন্ত্রী

74. মহকুমা পরিষদ আছে:
(a) মালদহে (b) দার্জিলিং-এ (c) শিলিগুড়িতে (d) নদীয়ায়

75. লি কমিশন নীচের কোন বিষয়টির সঙ্গে যুক্ত?
(a) রাষ্ট্রকৃত্যক কমিশন গঠন (b) শিল্প (c) কৃষি (d) বাণিজ্য

76. বার্ষিক 5% জটিল সুদে 1000 টাকার 1 বছরের সুদ-আসল কত হবে? [যখন জটিল সুদ অর্ধ-বার্ষিকী (Half yearly) অনুসারে হয়)]
(a) 1050 টাকা (প্রায়) (b) 950 টাকা (প্রায়) (c) 1120 টাকা (প্রায়) (d) 1025 টাকা (প্রায়)

77. বার্ষিক 10% জটিল সুদে 2000 টাকার $1\frac{1}{4}$ বছরের সুদ-আসল কত হবে? [যখন জটিল সুদ ত্রৈমাসিক (Quarterly) অনুসারে হয়?]
(a) 2262.81 টাকা (b) 262.81 টাকা (c) 262.18 টাকা (d) কোনওটিই নয়

78. বার্ষিক 7% সরল সুদে কোনও টাকার 2 বছরের সুদ 200 টাকা হলে, একই সুদ এবং সময়ে ওই টাকা জটিল সুদ ও সরল সুদের পার্থক্য কত হবে?
(a) 7 টাকা (b) 6 টাকা (c) 3.50 টাকা (d) কোনওটিই নয়

79. কোনও টাকার 2 বছরের জটিল সুদ 60.60 টাকা এবং সরল সুদ 60 টাকা হলে, সুদের হার ও আসল কত?
(a) 2%, 1600 টাকা (b) 2%, 1400 টাকা (c) 3%, 1500 টাকা (d) 2%, 1500 টাকা

80. এক ব্যক্তি 2000 টাকা বার্ষিক 4% সরল সুদে একটি ব্যাঙ্কে জমা রাখলেন এবং অপর ব্যাঙ্কে 3000 টাকা বার্ষিক 14% সরল সুদে জমা রাখলেন। ওই ব্যক্তির মোটের ওপর সুদের হার কত?
(a) 18% (b) 12% (c) 10% (d) 9%

81. এক ব্যক্তি বার্ষিক 5% সরল সুদে 5 বছরের জন্য কিছু টাকা ধার করেন। যদি ধার শোধ করার সময় তিনি সুদ বাবদ 100 টাকা দেন, তবে তিনি মোট কত টাকা শোধ করেছিলেন?
(a) 400 টাকা (b) 500 টাকা (c) 550 টাকা (d) কোনওটিই নয়

82. A, B এবং C একটি যৌথ ব্যবসায় 6 : 9 : 10 অনুপাতে টাকা বিনিয়োগ করে। যদি তাদের লভ্যাংশের অনুপাত 2 : 3 : 5 হয় তবে তাদের বিনিয়োগের সময়ের অনুপাত কত?
(a) 3 : 3 : 2 (b) 12 : 27 : 50 (c) 1 : 1 : 2 (d) 2 : 2 : 3

83. A, B ও C একটি যৌথ ব্যবসায় কিছু টাকা বিনিয়োগ করে। যদি তাদের বিনিয়োগের সময়ের অনুপাত 2 : 3 : 4 এবং বছর শেষে লভ্যাংশের অনুপাত 4 : 3 : 2 হয়। তবে তাদের বিনিয়োগের অনুপাত কত?
(a) 1 : 2 : 4 (b) 4 : 2 : 1 (c) 3 : 2 : 1 (d) 4 : 2 : 3

84. A, B ও C একটি যৌথ ব্যবসায় 21600 টাকা বিনিয়োগ করে। বছর শেষে A লভ্যাংশের 700 টাকা, B 800 টাকা এবং C 900 টাকা পায়। তবে B ও C-এর মোট বিনিয়োগ কত?
(a) 15300 টাকা (b) 13500 টাকা (c) 14400 টাকা (d) 16300 টাকা

85. A ও B একটি যৌথ ব্যবসায় 4 : 9 অনুপাতে টাকা বিনিয়োগ করে। যদি মোট লভ্যাংশের 8% দান করার পর A লভ্যাংশ পায় 460 টাকা তবে মোট লভ্যাংশ কত?
(a) 2625 টাকা (b) 2526 টাকা (c) 1526 টাকা (d) 1625 টাকা

*এরপর তেরোর পাতায়*

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

18. The pairs of singular and plural have been given in the options. Three pairs are correct. Identify the pair which is wrong.
(a) Coat-of-mail — Coat-of-mails (b) Step-daughter — step-daughters (c) Maid-servant — maid servants (d) Man-of-war — men-of-war

19. Some nouns have different meanings in the singular and the plural and some nouns have one meaning in singular and two in the plural. Find the odd one out based on foregoing statements.
(a) Good (b) Force (c) Premise (d) Physic

20. Fill in the blank correctly : Ram— left before you go to see him
(a) will have (b) has (c) had been (d) had to

21. Fill in the blank correctly:
When Shekhar's father— the result, he was horrified.
(a) had seen (b) saw (c) has seen (d) would see

22. In the following questions, a word is followed by four choices. Select the choice that is nearly most opposite in meaning to the given word.
ERRATIC
(a) Regular (b) Punctual (c) Blameless (d) Independent

23. In the following questions, a word is followed by four choices. Select the choice that is nearly most opposite in meaning to the given word.
TRANSIENT
(a) Materialistic (b) Permanent (c) Steady (d) Worthless

24. Choose the word from among the four options which is nearest in meaning to the given word.
PREDICT
(a) Analyse (b) Foretell (c) Explain (d) Describe

25. Choose the word from among the four options which is nearest in meaning to the given word.
AVARICIOUS
(a) Jealous (b) Wealthy (c) Envious (d) Greedy

### সাধারণ বিজ্ঞান

26. জলীয় বায়ুকে জলকণায় রূপান্তর ঘটাতে সাহায্য করে:
(a) কার্বন (b) ধূলিকণা (c) হিলিয়াম (d) নাইট্রোজেন

27. নীচের কোন প্রাণী ইকোলোকেশনে সক্ষম?
(a) পায়রা (b) শিম্পি (c) বাদুড় (d) উট

28. জরায়ুজ অঙ্কুরোদগম দেখা যায় যে উদ্ভিদে সেটি হল:
(a) গরাণ (b) মটর (c) তেঁতুল (d) রেড়ি

29. কার দ্রাব্যতার জন্য সোডার বোতল খুললে হিসহিস শব্দ হয়?
(a) অক্সিজেন (b) কার্বন ডাইঅক্সাইড (c) কার্বন মনোক্সাইড (d) নাইট্রোজেন ডাইঅক্সাইড

30. রক্তাল্পতা রোগের কারণ কী?
(a) রক্তে হিমোগ্লোবিনের অপ্রাচুর্যতা (b) রক্তে শ্বেতরক্তকণিকার অপ্রাচুর্যতা (c) রক্তে অনুচক্রিকার অপ্রাচুর্যতা (d) রক্ত ঘনীভূত হলে

31. চৈতালি হল উচ্চফলনশীল:
(a) ধান বীজ (b) গম বীজ (c) পাট বীজ (d) কোনওটিই নয়

32. আধুনিক রেফ্রিজারেটরে যে গ্যাস ব্যবহৃত হয়:
(a) তরল হাইড্রোজেন (b) তরল অ্যামোনিয়া (c) তরল সালফার ডাইঅক্সাইড (d) টেট্রাফ্লুরোইথেন

33. জেটপ্লেন নিউটনের কোন গতিসূত্রানুযায়ী ক্রিয়া করে?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ

34. দইয়ের স্বাদ টক হয় কার উপস্থিতিতে?
(a) টারটারিক অ্যাসিড (b) ল্যাকটিক অ্যাসিড (c) তেঁতুল (d) ভিনিগার

35. স্টেনলেস স্টিল (কলঙ্কহীন ইস্পাত) নীচের কোন ধাতুগুলির সংকর?
(a) লৌহ ও নিকেল (b) লৌহ, ক্রোমিয়াম এবং নিকেল (c) লৌহ, ক্রোমিয়াম ও দস্তা (d) লৌহ ও ম্যাংগানিজ

36. সিসমোগ্রাফ থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে জানা যায়:
(a) মেঘের ছবি (b) ভূমিকম্পের তীব্রতা (c) সমুদ্রের গভীরতা (d) বায়ুমণ্ডলের চাপের পরিবর্তন

37. যখন কোনও বস্তুকে বিষুবরেখা থেকে মেরুতে নিয়ে যাওয়া হয় তখন তার ওজন:
(a) একই থাকে (b) কমে (c) বাড়ে (d) অর্ধেক হয়

38. তারাদের ঝিকমিক করার সঠিক কারণটি হল:
(a) বায়ুমণ্ডলের বিভিন্ন স্তরের রিফ্রাকটিভ ইনডেক্স ক্রমাগত পরিবর্তনের ফলে তারাদের ইমেজও বদলাতে থাকে (b) তারা থেকে নির্গত আলোর প্রাবল্য সময়ের সঙ্গে বদলায় (c) তারার আলো ধূলিকণার ওপর পড়ে বিচ্ছুরিত হয় বায়ুমণ্ডলে (d) পৃথিবীর সঙ্গে তারাদের দূরত্ব বদলায় সময়ের সঙ্গে

39. অগ্নিনির্বাপক যন্ত্রে কোন গ্যাস ব্যবহৃত হয়?
(a) কার্বন মনোক্সাইড (b) কার্বন ডাইঅক্সাইড (c) সালফার ডাইঅক্সাইড (d) নাইট্রাস অক্সাইড

40. ভিনিগারের মধ্যে কোন অ্যাসিড থাকে?
(a) অ্যাসিটিক অ্যাসিড (b) টারটারিক অ্যাসিড (c) কাইনিন (d) ক্লোরিজেন

41. মানুষের সামনের দাঁতকে বৈজ্ঞানিক পরিভাষায় কী বলা হয়?
(a) প্রিমোলার (b) মোলার (c) ক্যানাইন (d) ইনসিজার

*এরপর বারোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

42. এপিকালচার নীচের কোনটি উৎপাদনের বৈজ্ঞানিক বিধি?
(a) মধু (b) আপেল (c) রেশম (d) লাক্ষা
43. রেশমকীটের খাদ্য নীচের কোনটি?
(a) সুন্দরী পাতা (b) শালপাতা (c) তুঁত গাছের পাতা (d) সেগুন পাতা
44. আফিং-এ কী থাকে?
(a) ক্যাফিন (b) নিকোটিন (c) কুইনাইন (d) মরফিন
45. ভিন্ন ভরের দু'টি বস্তুর গতিশক্তি সমান। কার ভরবেগ বেশি হবে?
(a) ভারী বস্তুর (b) হালকা বস্তুর (c) উভয়ের সমান (d) বলা সম্ভব নয়
46. কোনও কণা পরমাণু কেন্দ্রকে যোগ করলে তার রাসায়নিক ধর্ম অপরিবর্তিত থাকে, তাকে কী বলে?
(a) প্রোটন (b) ইলেকট্রন (c) আলফা কণা (d) নিউট্রন
47. আলোকবর্ষ কীসের একক?
(a) সময়ের (b) দূরত্বের (c) আলোর (d) গ্রহের ভর
48. কোনটি তড়িৎ-এর সবচেয়ে ভালো পরিবাহী?
(a) অ্যালুমিনিয়াম (b) তামা (c) রুপো (d) লোহা
49. আলোর বেগ কার ভিতরে সর্বাধিক?
(a) জল (b) বায়ু (c) ইস্পাত (d) শূন্য মাধ্যম
50. ক্যানসার চিকিৎসায় কীসের ব্যবহার আছে?
(a) লোহা (b) রুপো (c) কোবাল্ট (d) সোনা

### ভারতের ইতিহাস

51. জয়দেব রচিত গীতগোবিন্দম লেখা হয়েছিল:
(a) পালি ভাষায় (b) মাগধী ভাষায় (c) সংস্কৃত ভাষায় (d) ব্রাহ্মী ভাষায়
52. কোনটি সঠিক জোড়?
(a) মল্ল—সুমসুমস (b) ভাগ্না—কেশপুত্ত (c) কলমা—পাবা (d) কোল্লিয়—রামগ্রাম
53. গোয়ায় যে খ্রিস্টান সন্ন্যাসীর পবিত্র দেহ সংরক্ষিত আছে, তিনি হলেন:
(a) সেন্ট লাজারুস (b) সেন্ট অগাস্টিন (c) সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স (d) সেন্ট পিটার
54. লালা হরদয়াল ছিলেন:
(a) অনুশীলন সমিতির নেতা (b) গদর দলের নেতা (c) স্বরাজ দলের নেতা (d) হিন্দুস্থান রিপাবলিকের নেতা
55. নীচের কোন অঞ্চলে আর্যজাতি ভারতে এসে প্রথম বসবাস শুরু করে?
(a) গুজরাট (b) কাশ্মীর (c) সিন্ধু (d) পাঞ্জাব
56. হর্ষবর্ধনকে পরাস্ত করেছিলেন:
(a) বিষ্ণুবর্ধন (b) মহেন্দ্রবর্মন (c) দ্বিতীয় পুলকেশী (d) কেউই নন
57. ঋক বৈদিক যুগে বা বৈদিক যুগের পূর্বে আর্যরা কতজন দেবদেবীর পূজা করত?
(a) তিন (b) বারো (c) চব্বিশ (d) তেত্রিশ
58. আকবরের রাজত্বকালে হুমায়ুননামা রচনা করেছিলেন:
(a) গুলবদন বেগম (b) আহমদ ইয়াদগার (c) আব্বাস সরওয়ানি (d) ফৈজি সরহিন্দি
59. ভারতে সর্বপ্রথম ইসলাম ধর্মের প্রবেশ ঘটায়:
(a) তুর্কিরা (b) আকবর (c) খলজিরা (d) দাস শাসকরা
60. ইস্ট ইন্ডিয়া কোম্পানি কার রাজত্বকলে ভারতে প্রথম বাণিজ্যকুঠি নির্মাণ করে?
(a) জাহাঙ্গির (b) শাহজাহান (c) ঔরঙ্গজেব (d) প্রথম বাহাদুর শাহ
61. 1580 সালে আকবর এক নতুন রাজস্ব ব্যবস্থার প্রচলন ঘটান। এটি হল:
(a) দশসালা ব্যবস্থা (b) কাবেরি ব্যবস্থা (c) জাবতি প্রথা (d) বাতাই প্রথা
62. জাহাঙ্গিরের পুত্রদের মধ্যে কে শের আফগানের কন্যা লাডলিকে বিবাহ করেন?
(a) খুররম (b) খুশরু (c) পারভেজ (d) শাহরিয়ার
63. নীচের শিখ গুরুদের মধ্যে কে প্রথম স্বর্ণমন্দির নির্মাণ করেন?
(a) রামদাস (b) অর্জুন (c) হরগোবিন্দ (d) তেগ বাহাদুর
64. জৈনদের মতানুযায়ী জৈন ধর্মের প্রবর্তক কে?
(a) পার্শ্বনাথ (b) মহাবীর (c) তীর্থঙ্কর (d) ঋষভনাথ
65. সুত্তপিটক লেখা হয়:
(a) রোমান ভাষায় (b) মাগধী ভাষায় (c) পালি ভাষায় (d) ফারসি ভাষায়
66. প্রথম বৌদ্ধ মহাসভা কোথায় হয়েছিল?
(a) পাটলিপুত্র (b) রাজগৃহ (c) কনৌজ (d) সাঁচী
67. ভারতে প্রাচীনকালে ও মধ্যযুগের প্রথমদিকে আকর্ষিত এবং নিষ্কর জমিকে বলা হত:
(a) সীতা (b) খর্বটিক (c) খিলক্ষেত্র (d) সীতাধ্যক্ষ
68. প্রাচীনকালে ভারতের উত্তর-পূর্ব অঞ্চল পরিচিত ছিল:
(a) কামরূপ নামে (b) পুণ্ড্রবর্ধনভুক্তি নামে (c) সমতল নামে (d) তাম্রলিপ্ত নামে
69. সম্রাট অশোক কোন বৌদ্ধ সন্ন্যাসী দ্বারা প্রভাবিত হয়েছিলেন?
(a) অশ্বঘোষ (b) উপগুপ্ত (c) বসুমিত্র (d) নাগার্জুন
70. নীচের কোনটি জৈন মন্দির শহর হিসেবে পরিচিত?
(a) উজ্জয়িনী (b) গিরনার (c) আমেদাবাদ (d) রাজগির
71. শাহজাহানের স্থাপত্য কীর্তিতে যে বিষয়টির গুরুত্ব লক্ষ করা যায় না, সেটি হল:
(a) বর্ণ বা রঙ (b) কারুকার্য (c) ভাব গাম্ভীর্য (d) মূল্যবান পদার্থসমূহের প্রবর্তন
72. মারাঠা শাসনের প্রথম দশকে ভূমি রাজস্ব পরিমাপের সবচেয়ে জনপ্রিয় একক ছিল:
(a) গজ (b) কাঠি (c) জরিপ (d) জঞ্জিত
73. পানিপথের তৃতীয় যুদ্ধে মারাঠারা পরাজিত হয়েছিলেন:
(a) রাজপুতদের দ্বারা (b) আফগানদের দ্বারা (c) মুঘলদের দ্বারা (d) শিখদের দ্বারা
74. রামচরিতমানসের রচয়িতা কে?
(a) রামানুজ (b) রামানন্দ (c) বাল্মিকী (d) তুলসীদাস
75. সিন্ধুসভ্যতার অধিবাসীদের প্রধান জীবিকা কী ছিল?
(a) গবাদি পালন (b) শিকার (c) বাণিজ্য (d) কৃষিকার্য

### ভারতের জাতীয় আন্দোলন

76. 'কংগ্রেস যদি দেশ বিভাগ গ্রহণ করতে ইচ্ছুক হয়, তা হবে আমার মৃতদেহের উপর দিয়ে'—এই উক্তিটি কার?
(a) নেহরু (b) গান্ধীজি (c) বল্লভভাই প্যাটেল (d) ডঃ রাজেন্দ্র প্রসাদ
77. কোন অভিযানে নেতৃত্ব দিতে গিয়ে প্রীতিলতা ওয়াদ্দেদারের মৃত্যু হয়?
(a) চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন (b) ফেনি অভিযান (c) কর্পোল অভিযান (d) ইউরোপীয় ক্লাব আক্রমণ
78. 1942 সালে কোথায় 'স্বরাজ পঞ্চায়েত' গঠিত হয়েছিল?
(a) তমলুক (b) কন্টাই (c) কটক (d) পুরী
79. 'ঐক্যবদ্ধ স্বাধীন বাংলার' প্রচারক ছিলেন:
(a) এইচ এস সুহরাবর্দি (b) শ্যামাপ্রসাদ মুখার্জি (c) মৌলানা আবুল কালাম আজাদ (d) কেউই নন
80. 1928 সালে 'ইন্ডিপেন্ডেন্স ফর ইন্ডিয়া লিগ' স্থাপন করেন:
(a) মোতিলাল নেহরু ও চিত্তরঞ্জন দাশ (b) দাদাভাই নৌরজি (c) সুভাষচন্দ্র বসু ও জওহরলাল নেহরু (d) কেউই নন
81. 'ভারতছাড়ো আন্দোলনের নায়িকা' হিসেবে পরিচিত হলেন:
(a) অরুণা আসফ আলি (b) কমলা নেহরু (c) সরোজিনী নাইডু (d) সুচেতা কৃপালনি
82. ভারতের স্বাধীনতা লাভের দিন গান্ধীজি কোথায় ছিলেন?
(a) আলিগড় (b) কলকাতা (c) দিল্লি (d) অমৃতসর
83. সুভাষচন্দ্র বসুকে 'দেশনায়ক' উপাধিতে ভূষিত করেন:
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) মহাত্মা গান্ধী (c) চিত্তরঞ্জন দাশ (d) রাসবিহারী বসু
84. 'আগামী পঞ্চাশ বছর ভারতীয়দের একমাত্র উপাস্য দেবতা হোক ভারতমাতা'—বলেছিলেন:
(a) অরবিন্দ ঘোষ (b) বালগঙ্গাধর তিলক (c) অশ্বিনীকুমার দত্ত (d) স্বামী বিবেকানন্দ
85. 'ভারত ভারতীয়দের জন্য'—উক্তিটি কার?
(a) সুভাষচন্দ্র বসুর (b) গান্ধীজির (c) দয়ানন্দ সরস্বতীর (d) বালগঙ্গাধর তিলকের
86. স্বাধীনতা লাভের সময় কংগ্রেস সভাপতি কে ছিলেন?
(a) জওহরলাল নেহরু (b) রাজেন্দ্রপ্রসাদ (c) মহাত্মা গান্ধী (d) আচার্য কৃপালনি
87. কোন ভাইসরয়ের সময়ে অস্ত্র আইন চালু হয়?
(a) লর্ড লিটন (b) লর্ড রিপন (c) লর্ড আমহার্স্ট (d) কেউই নন
88. ভারত সভা (ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন) কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 1876 (b) 1878 (c) 1880 (d) 1885
89. কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতকদের উদ্দেশে খোলাপত্র কে লিখেছিলেন?
(a) অ্যালান ল্যাম্ব (b) অ্যালান অক্টেভিয়ান হিউম (c) লর্ড রিপন (d) কেউই নন
90. 1905 সাল পর্যন্ত ভারতীয় জাতীয় আন্দোলন পরিচালনা হয় কাদের দ্বারা?
(a) নরমপন্থীদের দ্বারা (b) বিহারের অধিবাসীদের দ্বারা (c) চরমপন্থীদের দ্বারা (d) নবজাগরণে বিশ্বাসীদের দ্বারা
91. প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে ওয়ার্ধা পরিকল্পনার প্রস্তাব করেন:
(a) লিয়াকত আলি খান (b) মহাত্মা গান্ধী (c) এম এ জিন্নাহ (d) জহরলাল নেহরু
92. তৃতীয় গোলটেবিল বৈঠক বসে কোথায়?
(a) লন্ডন (b) কলকাতা (c) দিল্লি (d) লখনউ
93. সুভাষচন্দ্র ভারতবর্ষ ত্যাগ করেন কত সালে?
(a) 1940 সালে (b) 1943 সালে (c) 1942 সালে (d) 1941 সালে
94. 1942-এর ভারতছাড়ো আন্দোলনের সময় কে ভারতের ভাইসরয় ছিলেন?
(a) লিনলিথগো (b) উইলিংটন (c) ওয়াভেল (d) মিন্টো
95. কে ভার্নাকুলার প্রেস অ্যাক্ট প্রণয়ন করেন?
(a) লর্ড লিটন (b) লর্ড ডালহৌসি (c) লর্ড ওয়েলেসলি (d) লর্ড কার্জন
96. ভারত ইউনাইটেড ইস্ট ইন্ডিয়া কোম্পানি কারা প্রতিষ্ঠা করেন?
(a) পোর্তুগিজ (b) ফরাসি (c) ওলন্দাজ (d) ইংরেজ
97. 1948 সালে ফরাসিরা কোন সন্ধি অনুযায়ী মাদ্রাজকে ব্রিটিশদের হাতে তুলে দেয়?
(a) দিল্লি (b) প্যারিস (c) লন্ডন (d) এইক্স-লা-শ্যাপেল
98. কার অনুমতি নিয়ে ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা হয়?
(a) লর্ড ডাফরিন (b) লর্ড রিপন (c) লর্ড কার্জন (d) লর্ড মাউন্টব্যাটেন
99. 'সন্ন্যাসী আন্দোলন' কত সালে শুরু হয়?
(a) 1763 সালে (b) 1752 সালে (c) 1885 সালে (d) 1774 সালে
100. মন্টেগু-চেমসফোর্ড সংস্কার আইনের মুখ্য বৈশিষ্ট্য কী ছিল?
(a) স্বশাসন (b) ফ্যাক্টরি আইন (c) দ্বৈত শাসন (d) কংগ্রেসকে ক্ষমতা হস্তান্তর

### ভারতের সংবিধান ও অর্থনীতি

101. নিরাপত্তা পরিষদে কাদের 'ভেটো' প্রয়োগের ক্ষমতা আছে?
(a) সব সদস্যের (b) দুই-তৃতীয়াংশ সদস্যের (c) স্থায়ী সদস্যদের (d) কোনওটিই নয়
102. 33তম সংবিধান সংশোধনী দ্বারা ভারতের সঙ্গে কোন রাজ্যকে যুক্ত করা হয়েছে?
(a) অরুণাচল প্রদেশ (b) সিকিম (c) মিজোরাম (d) মণিপুর
103. কে উচ্চ আদালতের আইনগত অধিকারের সীমা সম্প্রসারণ করতে পারেন?
(a) সংসদ (b) রাষ্ট্রপতি (c) রাজ্যপাল (d) প্রধানমন্ত্রী
104. সংবিধানের কোন ধারায় রাজ্যের শাসনবিভাগীয় ক্ষমতা দেওয়া হয়েছে?
(a) 156 (b) 155 (c) 153 (d) 154
105. ভারতীয় সংবিধানে প্রজাতন্ত্রের ধারণা কোন দেশের অনুকরণে করা হয়েছে?
(a) জার্মানি (b) আয়ারল্যান্ড (c) ব্রিটেন (d) ফ্রান্স
106. সংবিধানের কত নম্বর ধারাতে অর্থবিলের সংজ্ঞা সম্পর্কে বলা হয়েছে?
(a) 101 নম্বর ধারা (b) 105 নম্বর ধারা (c) 110 নম্বর ধারা (d) 115 নম্বর ধারা
107. কোনও বেসরকারি বিল উত্থাপনের পূর্বে সংশ্লিষ্ট কক্ষে কতদিনের নোটিশ দিতে হয়?
(a) 7 দিনের (b) 14 দিনের (c) 12 দিনের (d) 1 মাসের
108. কোন সংশোধনীর মাধ্যমে সংবিধান সংশোধনের ক্ষমতা সংসদের ওপর ন্যস্ত হয়েছে?
(a) 18তম (b) 26তম (c) 28তম (d) 24তম
109. সংসদে সাধারণ নীতি-সংক্রান্ত ব্যাপারে সরকারি মুখপাত্র হলেন:
(a) অধ্যক্ষ (b) প্রধানমন্ত্রী (c) সংসদ-বিষয়ক মন্ত্রী (d) স্বরাষ্ট্রমন্ত্রী
110. ভারত পরিকল্পনার ধারণা সর্বপ্রথম কে করেন?
(a) গান্ধীজি (b) জওহরলাল নেহরু (c) এম বিশ্বেসভারায়া (d) আর্দেশিব দালাল
111. ভারতে কয় শ্রেণির কর্তৃকের ব্যবস্থা আছে?
(a) দুই শ্রেণির (b) তিন শ্রেণির (c) চার শ্রেণির (d) পাঁচ শ্রেণির
112. ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের সদস্য সংখ্যা কত হবে তা কে ঠিক করে দেন?
(a) রাষ্ট্রপতি (b) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী (c) পার্লামেন্ট (d) সংবিধানে নির্দিষ্ট আছে
113. সমস্ত আঞ্চলিক পরিষদের সাধারণ সভাপতি হলেন:
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) স্বরাষ্ট্রমন্ত্রী (d) প্রতিরক্ষামন্ত্রী
114. ভারতে নির্বাচন ব্যবস্থা গঠিত হয়েছে:
(a) আমেরিকার অনুকরণে (b) ব্রিটেনের অনুকরণে (c) ফ্রান্সের অনুকরণে (d) রাশিয়ার অনুকরণে
115. সংবিধানের কত নম্বর ধারায় ভোটাধিকার সম্পর্কে বলা হয়েছে?
(a) 320 নম্বর (b) 322 নম্বর (c) 326 নম্বর (d) 350 নম্বর
116. লোকসভার আয়ু কে 5 বছরের বেশি বাড়াতে পারেন?
(a) নির্বাচন কমিশন (b) প্রধানমন্ত্রী (c) রাষ্ট্রপতি (d) ভারতের প্রধান বিচারপতি
117. সুপ্রিমকোর্টের বিচারপতিগণ কত বছর বয়সে অবসর গ্রহণ করেন?
(a) 60 বছর (b) 62 বছর (c) 65 বছর (d) 58 বছর
118. অমর্ত্য সেনের মতে ভারতে জন্মহার কমানোর মূল উপায় হল:
(a) নারী শিক্ষার উন্নয়ন (b) মৃত্যুহার কমানো (c) মাথাপিছু আয় বাড়ানো (d) উৎপাদনের হার বাড়ানো
119. সেবী হল (SEBI):
(a) মহিলা কল্যাণ সমিতি (b) সুসংহত ঋণ প্রকল্প (c) আন্তর্জাতিক ক্রীড়া সংগঠন (d) সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ অব ইন্ডিয়া
120. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের বর্তমান গভর্নর কে?
(a) বি ডি জালান (b) ওয়াই জি রেড্ডি (c) পি নরসিমহন (d) শক্তিকান্ত দাস
121. জওহর রোজগার যোজনার উদ্দেশ্য:
(a) গ্রামীণ বেকার যুবকদের কর্মনিযুক্তি (b) শহরের বেকার যুবকদের কর্মনিযুক্তি (c) গ্রামীণ মহিলাদের স্বনিযুক্তি (d) ভূমিহীন চাষিদের কর্মসংস্থান
122. মধ্যাহ্ন আহার প্রকল্প কবে শুরু হয়েছে?
(a) 1996 (b) 1997 (c) 1995 (d) 1998
123. ভারতবর্ষ কোন সংস্থার পূর্ণ সদস্য?
(a) নাফটা (NAFTA) (b) ই ইউ (EU) (c) সার্ক (SAARC) (d) কোনওটিই নয়
124. কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে ভয়াবহ খরা ও যুদ্ধ বিপর্যয় ঘনিয়ে আসে?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) পঞ্চম
125. প্রেবিস-সিঙ্গারের তত্ত্বটি কীসের সঙ্গে যুক্ত?
(a) আন্তর্জাতিক বাণিজ্য (b) সরকারি ব্যয় (c) অর্থ ও ব্যাঙ্ক (d) দাম ব্যবস্থা

### সাধারণ ভূগোল

126. ভারতের একমাত্র রাজ্য যারা কেশর তৈরি করে:
(a) অসম (b) হিমাচলপ্রদেশ (c) জম্মু ও কাশ্মীর (d) মেঘালয়
127. গরম জল স্যাংচুয়ারি কোথায় অবস্থিত?
(a) গ্যাংটক, সিকিম (b) কোহিমা, নাগাল্যান্ড (c) দীপু, অসম (d) জুনাগড়, গুজরাট
128. ভারতের প্রথম জলবিদ্যুৎ কেন্দ্রটির নাম কী?
(a) শিবসমুদ্রম (b) বাসকপিল্লাই (c) তুঙ্গভদ্রা (d) কাঞ্চীপুরম
129. জলবিষুব কত তারিখে হয়?
(a) 21 সেপ্টেম্বর (b) 25 সেপ্টেম্বর (c) 24 সেপ্টেম্বর (d) 26 সেপ্টেম্বর
130. হেক্টর প্রতি চাল উৎপাদনে ভারতের কোন রাজ্য শীর্ষে অবস্থান করেছে?
(a) তামিলনাড়ু (b) পশ্চিমবঙ্গ (c) গুজরাট (d) মধ্যপ্রদেশ
131. আরাবল্লী পর্বত থেকে কোন নদী উৎপন্ন হয়েছে?
(a) যমুনা (b) সরস্বতী (c) মেঘনা (d) সবরমতী
132. বন্দিপুর জাতীয় উদ্যান কোথায় অবস্থিত?
(a) রাজস্থান (b) অন্ধ্রপ্রদেশ (c) কর্নাটক (d) হিমাচল প্রদেশ
133. 'ইসবগুল' কোন রাজ্যের একটি প্রধান অর্থকরী ফসল?
(a) মধ্যপ্রদেশ (b) হরিয়ানা (c) অসম (d) গুজরাট
134. কয়ালি কী?
(a) তৈল শোধনাগার (b) অভ্র খনি (c) তৈল খনি (d) সার কারখানা
135. পরেশনাথ পাহাড় কোথায় অবস্থিত?
(a) ছোটনাগপুর মালভূমিতে (b) দাক্ষিণাত্যের মালভূমিতে (c) গুজরাটের পার্বত্য অঞ্চলে (d) কোনওটিই নয়
136. পশ্চিমবঙ্গের নীচের নদীগুলির সঙ্গে জেলাগুলির সঠিক সম্পর্ক স্থাপন করুন

| | নদী | | জেলা |
|---|---|---|---|
| i. | কংসাবতী | (a) | মুর্শিদাবাদ |
| ii. | তিস্তা | (b) | কোচবিহার |
| iii. | গঙ্গা | (c) | পশ্চিম মেদিনীপুর |
| iv. | তোর্সা | (d) | জলপাইগুড়ি |

(a) 1-a, ii-c, iii-d, iv-b (b) i-d, ii-b, iii-c, iv-a (c) i-c, ii-d, iii-a, iv-b (d) i-b, ii-d, iii-c, iv-a
137. ভারতের স্থায়ী গবেষণাকেন্দ্র 'দক্ষিণ গঙ্গোত্রী' কোথায় অবস্থিত?
(a) আন্টর্কটিকা (b) আরব সাগর (c) ভারত মহাসাগর (d) হিমালয়
138. ফারাক্কা বাঁধটি কোন নদীর ওপর অবস্থিত?
(a) গঙ্গা (b) তিস্তা (c) ভাগীরথী (d) পদ্মা
139. দার্জিলিং শহরের উচ্চতা কত?
(a) 4,440 মিটার (b) 2,352 মিটার (c) 2,230 মিটার (d) 2,231 মিটার
140. শ্রীনগর কোন নদীর তীরে অবস্থিত?
(a) রেবা (b) তাপ্তি (c) ঝিলম (d) চম্বল
141. চেরাপুঞ্জি কোথায় অবস্থিত?
(a) মণিপুর (b) মেঘালয় (c) নাগাল্যান্ড (d) অসম
142. নীচের শস্যগুলির মধ্যে কোনটি রবিশস্য নয়?

*এরপর তেরোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

86. স্রোতের গতিবেগ 6 কিলোমিটার/ঘণ্টা এবং প্রতিকূলের গতিবেগ 16 কিলোমিটার/ঘণ্টা হলে, অনুকূলের গতিবেগ কত?
(a) 10 কিলোমিটার/ঘণ্টা (b) 22 কিলোমিটার/ঘণ্টা (c) 28 কিলোমিটার/ঘণ্টা (d) 24 কিলোমিটার/ঘণ্টা

87. স্রোতের গতিবেগ 3 কিলোমিটার/ঘণ্টা এবং অনুকূলের গতিবেগ 15 কিলোমিটার/ঘণ্টা হলে, প্রতিকূলের গতিবেগ কত?
(a) 12 কিলোমিটার/ঘণ্টা (b) 18 কিলোমিটার/ঘণ্টা (c) 10 কিলোমিটার/ঘণ্টা (d) 9 কিলোমিটার/ঘণ্টা

88. একটি নৌকা স্রোতের অনুকূলে 36 কিলোমিটার/ঘণ্টা বেগে যায় এবং প্রতিকূলে 18 কিলোমিটার/ঘণ্টা বেগে যায়। যদি স্রোতের গতিবেগ 9 কিলোমিটার/ঘণ্টা হয়, তবে নৌকার গতিবেগ কত?
(a) 18 কিলোমিটার/ঘণ্টা (b) 25 কিলোমিটার/ঘণ্টা (c) 27 কিলোমিটার/ঘণ্টা (d) 30 কিলোমিটার/ঘণ্টা

89. একটি নৌকা স্রোতের অনুকূলে 30 কিলোমিটার/ঘণ্টা বেগে যায় এবং প্রতিকূলে 10 কিলোমিটার/ঘণ্টা বেগে যায়। যদি স্থির জলে নৌকার গতিবেগ 20 কিলোমিটার/ঘণ্টা হয়, তবে স্রোতের গতিবেগ কত?
(a) 15 কিলোমিটার/ঘণ্টা (b) 12 কিলোমিটার/ঘণ্টা (c) 10 কিলোমিটার/ঘণ্টা (d) 18 কিলোমিটার/ঘণ্টা

90. এক নৌকারোহীর স্থির জলের নৌকার গতিবেগ 4.5 কিলোমিটার/ঘণ্টা। তিনি স্রোতের প্রতিকূলে নির্দিষ্ট দূরত্ব গিয়ে আবার যাত্রাস্থলে ফিরে আসেন। যদি স্রোতের গতিবেগ 1.5 কিলোমিটার/ঘণ্টা হয়। তবে ওই ব্যক্তির মোট যাত্রাপথের গড় গতিবেগ কত?
(a) 4 কিলোমিটার/ঘণ্টা (b) 6 কিলোমিটার/ঘণ্টা (c) 4.5 কিলোমিটার/ঘণ্টা (d) 5 কিলোমিটার/ঘণ্টা

91. দু'জন ব্যক্তি দু'টি স্থান থেকে একে অপরের দিকে একই সময় যাত্রা শুরু করে। যাত্রা শুরুর যথাক্রমে 4 ও 16 ঘণ্টা পরে তারা একে অপরের সঙ্গে মিলিত হয়। প্রথমজনের ঘণ্টায় গতিবেগ 18 কিলোমিটার হলে, দ্বিতীয়জনের ঘণ্টায় গতিবেগ কত?
(a) 8 কিমি (b) 9 কিমি (c) 12 কিমি (d) 6 কিমি

92. ঘণ্টায় 45 কিলোমিটার বেগে 130 মিটার লম্বা একটি ট্রেন 30 সেকেন্ডে একটি সেতু অতিক্রম করে। সেতুটির দৈর্ঘ্য কত?
(a) 240 মিটার (b) 235 মিটার (c) 250 মিটার (d) 245 মিটার

93. রাঁচি এবং রাউরকেল্লা থেকে দু'টি ট্রেন একই সময় একে অপরের দিকে যথাক্রমে 85 কিমি/ঘণ্টা এবং 63 কিমি/ঘণ্টা বেগে যাত্রা শুরু করে। যখন তারা মিলিত হয় তখন দেখা যায় একটি ট্রেন অপরটি থেকে 11 কিমি বেশি দূরত্ব অতিক্রম করেছে। তবে রাঁচি এবং রাউরকেল্লার মধ্যে দূরত্ব কত?
(a) 89 কিমি (b) 148 কিমি (c) 74 কিমি (d) 95 কিমি

94. বিপরীত দিক থেকে ভিন্ন গতিতে আসা একই দৈর্ঘ্যের দু'টি ট্রেন একটি পোস্টকে যথাক্রমে 10 সেকেন্ড ও 15 সেকেন্ডে অতিক্রম করে। তবে তারা এক অপরকে কত সময়ে অতিক্রম করবে?
(a) 13 সেকেন্ডে (b) 11 সেকেন্ডে (c) 12.5 সেকেন্ডে (d) 12 সেকেন্ডে

95. 250 মিটার দৈর্ঘ্যের একটি ট্রেন 350 মিটার দৈর্ঘ্যের একটি সেতুকে 50 সেকেন্ডে অতিক্রম করে। ওই ট্রেনটি কত সময়ে 230 মিটার দৈর্ঘ্যের একটি প্ল্যাটফর্মকে অতিক্রম করবে?
(a) 45 সেকেন্ডে (b) 50 সেকেন্ডে (c) 40 সেকেন্ডে (d) 54 সেকেন্ডে

96. একটি সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 8 সেমি হলে ক্ষেত্রফল কত?
(a) $2\sqrt{3}$ বর্গসেমি (b) $8\sqrt{3}$ বর্গসেমি (c) $16\sqrt{3}$ বর্গসেমি (d) $12\sqrt{3}$ বর্গসেমি

97. একটি বৃত্তাকার মাঠের চারিদিকে অপরিসর রাস্তা আছে। রাস্তার ভেতরে ও বাইরের দিকে পরিধির পার্থক্য 88 মিটার হলে, রাস্তার প্রশস্ততা কত?
(a) 14 মিটার (b) 3.5 মিটার (c) 10.5 মিটার (d) 7 মিটার

98. দু'টি বৃত্তাকার চাকার ব্যাসার্ধ যথাক্রমে 12 সেমি ও 4 সেমি। বড় চাকাটি 70 বার ঘুরে যে দূরত্ব অতিক্রম করে, সেই একই দূরত্ব অতিক্রম করতে ছোট চাকাটি কতবার ঘুরবে?
(a) 210 বার (b) 120 বার (c) 240 বার (d) 225 বার

99. 12 মিটার দৈর্ঘ্য ও 6 মিটার প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার মাঠের পরিসীমা বরাবর বাইরের চারদিকে 3 মিটার চওড়া রাস্তা থাকলে, শুধুমাত্র রাস্তার ক্ষেত্রফল কত?
(a) 120 বর্গমিটার (b) 136 বর্গমিটার (c) 156 বর্গমিটার (d) 160 বর্গমিটার

100. আয়তাকার একটি ক্ষেত্রের একদিকের বাহু অপরিবর্তিত রেখে অপর বাহু 10% হ্রাস পেলে ক্ষেত্রফলের পরিবর্তন হয়:
(a) 10% হ্রাস (b) 0.1% হ্রাস (c) 1% বৃদ্ধি (d) 10% বৃদ্ধি

#### উত্তর

1(c), 2(b), 3(b), 4(c), 5(c), 6(b), 7(b), 8(d), 9(a), 10(d), 11(a), 12(d), 13(a), 14(a), 15(a), 16(b), 17(a), 18(c), 19(a), 20(c), 21(a), 22(b), 23(a), 24(c), 25(b), 26(c), 27(c), 28(b), 29(a), 30(a), 31(b), 32(a), 33(b), 34(a), 35(a), 36(b), 37(a), 38(b), 39(b), 40(a), 41(c), 42(b), 43(b), 44(b), 45(d), 46(b), 47(c), 48(a), 49(d), 50(c), 51(a), 52(d), 53(c), 54(a), 55(b), 56(a), 57(b), 58(d), 59(c), 60(b), 61(a), 62(c), 63(a), 64(b), 65(a), 66(a), 67(c), 68(d), 69(c), 70(a), 71(b), 72(a), 73(a), 74(c), 75(a), 76(a), 77(a), 78(a), 79(d), 80(c), 81(b), 82(d), 83(b), 84(a), 85(d), 86(c), 87(d), 88(c), 89(c), 90(a), 91(b), 92(d), 93(c), 94(d), 95(c), 96(c), 97(a), 98(a), 99(c), 100(a).

পি এস সি-র মাধ্যমে

## রাজ্য সরকারে ক্লার্ক

### পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

বা, $3x + 3 = 2x + 10 + 3$ বা, $x = 10$
$\therefore$ তৃতীয় সংখ্যাটি হল $10 + 5 = 15$.

95(b): কোনও সংখ্যার জোড় ও বিজোড় স্থানের অঙ্কগুলির যোগফলের বিয়োগফল 0 বা 11 হলে, সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হবে

$(a + 8) - (3 + 1) = 0$ | $(a + 8) - (3 + 1) = 11$
বা, $a + 8 - 4 = 0$ | বা, $a + 8 - 4 = 11$
বা, $a = -4$ | বা, $a = 7$

(আমরা ঋণাত্মক মানটি অগ্রাহ্য করব)

96(c): ধরি আসল = P টাকা এবং বার্ষিক সুদ = $\uparrow$
$\therefore P + 10\uparrow = 1600$ ... (i)
বা, $P + 4\uparrow = 1240$ ... (ii)
(i) নম্বর সমীকরণকে 11 দ্বারা এবং (ii) নম্বর সমীকরণকে 5 দ্বারা গুণ করে সমীকরণ দু'টি বিয়োগ করে পাই, $(2P + 20\uparrow) - (5P + 20\uparrow) = 3200 - 6200$
বা, $3P = 3000$ $\therefore P = 1000$.

97(a):

| | রূপম | অরুণ |
|---|---|---|
| | 130 | 100 |
| | 100 | ? |

অরুণের বেতন $= \frac{100 \times 100}{130} = \frac{1000}{13}$

অরুণের বেতন রূপমের থেকে কম $= \left(100 - \frac{1000}{13}\right)\% = \left(\frac{1300 - 1000}{13}\right)\%$
$= \frac{300}{13}\% = 23.07\%$.

98(c): রাম ও শ্যামের 1 দিনের কাজ $= \left(\frac{1}{8} + \frac{1}{10}\right) = \frac{5+4}{40} = \frac{9}{40}$
$\therefore$ সময় $= \frac{40}{9}$ দিন।

99(d): প্রশ্নানুসারে, $\frac{100}{125} \times 100 = 80\%$.

100(b): শিক্ষকের সংখ্যা $= \sqrt{12544} = 112$.

*প্রস্তুত করেছেন: ধীমান ঘোষ*

#### সমাধান

76(a): সুদ-আসল $= 1000\left(1 + \frac{5}{200}\right)^2 = 1000 \times \frac{41}{40} \times \frac{41}{40}$
= 1050 টাকা (প্রায়)।

77(a): সুদ-আসল $= 2000\left(1 + \frac{10}{400}\right)^{4 \times \frac{5}{4}} = 2000 \times \left(\frac{41}{40}\right)^5$
= 2262.81 টাকা।

78(a): জটিল সুদ ও সরল সুদের পার্থক্য $= \frac{200 \times 7}{200} = 7$ টাকা।

79(d): সুদের হার $= \left(2 \times \frac{(60.60 - 60)}{60} \times 100\right) = 2\%$ এবং
আসল $= \frac{60 \times 100}{2 \times 2} = 1500$ টাকা।

80(c): মোটের ওপর সুদের হার $= \frac{2000 \times 4 + 3000 \times 14}{2000 + 3000} = \frac{50000}{5000} = 10\%$.

81(b): সুদ-আসল $= 100 \times \left(1 + \frac{100}{5 \times 5}\right) = 500$ টাকা।

82(d): সময়ের অনুপাত $= \frac{2}{6} : \frac{3}{9} : \frac{5}{10} = \frac{1}{3} : \frac{1}{3} : \frac{1}{2} = 2 : 2 : 3$.

83(b): বিনিয়োগের অনুপাত $= \frac{4}{2} : \frac{3}{3} : \frac{2}{4} = 2 : 1 : \frac{1}{2} = 4 : 2 : 1$.

84(a): লভ্যাংশের অনুপাত = 700 : 800 : 900 = 7 : 8 : 9 = মূলধনের অনুপাত
B ও C মোট বিনিয়োগ করেছিল $= \frac{8+9}{(7+8+9} \times 21600$
$= (17 \times 900) = 15300$ টাকা।

85(d): মোট লভ্যাংশ $= \left[460\left(\frac{100}{100-8}\right)\left(1 + \frac{9}{4}\right)\right]$ টাকা
$= 5 \times 100 \times \frac{13}{4} = (125 \times 13) = 1625$ টাকা।

86(c): অনুকূলের গতিবেগ $= (16 + 2 \times 6) = 28$ কিলোমিটার/ঘণ্টা।

87(d): প্রতিকূলের গতিবেগ $= (15 - 2 \times 3) = 9$ কিলোমিটার/ঘণ্টা।

88(c): অনুকূলের গতিবেগ : প্রতিকূলের গতিবেগ = 36 : 18 = 2 : 1
$\therefore$ স্থির জলে নৌকার গতিবেগ $= 9 \times \frac{3}{1} = 27$ কিলোমিটার/ঘণ্টা।

89(c): অনুকূলের গতিবেগ : প্রতিকূলের গতিবেগ = 30 : 10 = 3 : 1
$\therefore$ স্রোতের গতিবেগ $= 20 \times \frac{1}{2} = 10$ কিলোমিটার/ঘণ্টা।

90(a): গড় গতিবেগ $= \frac{(4.5+1.5)(4.5-1.5)}{4.5} = \frac{6 \times 3}{4.5} = 4$ কিলোমিটার/ঘণ্টা।

91(b): গতিবেগের অনুপাত $= \sqrt{16} : \sqrt{4} = 4 : 2$
প্রথম জনের গতিবেগ = 18 কিলোমিটার/ঘণ্টা হলে,
দ্বিতীয় জনের গতিবেগ $= \frac{2}{4} \times 18 = 9$ কিলোমিটার/ঘণ্টা।

92(d): সেকেন্ডে গতি $= 45 \times \frac{5}{18} = \frac{25}{2}$ মিটার
$\therefore$ সেতুটির দৈর্ঘ্য $= \left(30 \times \frac{25}{2} - 130\right)$ মিটার $= (375 - 130) = 245$ মিটার।

93(c): রাঁচি এবং রাউরকেল্লার মধ্যে দূরত্ব $= \frac{85+63}{85-63} \times 11$ কিমি
$= \frac{148}{22} \times 11 = 74$ কিলোমিটার।

94(d): নির্ণেয় সময় $= \frac{2 \times 10 \times 15}{10 + 15}$ সেকেন্ড = 12 সেকেন্ড।

95(c): নির্ণেয় সময় $= \frac{250 + 230}{250 + 350} \times 50$ সেকেন্ড = 40 সেকেন্ড।

96(c): ক্ষেত্রফল $= \left(\frac{\sqrt{3}}{4} \times 8^2\right) = \left(\frac{\sqrt{3}}{4} \times 8 \times 8\right)$ বর্গসেমি $= 16\sqrt{3}$ বর্গসেমি।

97(a): পরিধির পার্থক্য = 88 মিটার $= (4 \times 22)$ মিটার
$\therefore$ রাস্তার প্রশস্ততা $= (3.5 \times 4) = 14$ মিটার।

98(a): ছোট চাকা ঘুরবে $= \frac{12}{4} \times 70 = 210$ বার।

99(c): রাস্তার ক্ষেত্রফল $= \{2(12 + 8) \times 3 + 4 \times 3^2\} = (120 + 36)$
= 156 বর্গমিটার।

100(a): আয়তক্ষেত্রের একদিকের বাহু অপরিবর্তিত রেখে অপরদিকের a% বাহু হ্রাস পেলে ক্ষেত্রফলও a% হ্রাস পাবে
$\therefore$ ক্ষেত্রফল 10% হ্রাস পাবে।

*এরপর চোদ্দোর পাতায়*

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

(a) মটরশুঁটি (b) ঢ্যাড়স (c) গাজর (d) কোনওটিই নয়

143. সাইক্লোনের সৃষ্টি হয় যখন বাতাসের কেন্দ্রে চাপ এবং তার চতুর্দিকে চাপ থাকে:
(a) উচ্চ, নিম্ন (b) নিম্ন, মাঝারি (c) নিম্ন, উচ্চ (d) উচ্চ, মাঝারি

144. ব্রাজিলের নিরক্ষীয় চিরহরিৎ অরণ্য নীচের কোন নামে পরিচিত?
(a) সেলভাস (b) পম্পাস (c) তুন্দ্রা (d) সাভানা

145. পৃথিবীর আকাশে সর্বাধিক উজ্জ্বল তারা কী?
(a) সেরিয়েস (b) সূর্য (c) প্রেইসেপে (d) হাইয়াদেস

146. বিশ্বের সবচেয়ে বড় জাহাজ নির্মাণ শিল্প কোন দেশে গড়ে উঠেছে?
(a) জার্মানি (b) সুইডেন (c) ব্রিটিশ যুক্তরাষ্ট্র (d) জাপান

147. শৈল শহর 'ল্যান্সডাউন' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) উত্তরপ্রদেশ (b) মধ্যপ্রদেশ (c) মণিপুর (d) অরুণাচল প্রদেশ

148. দক্ষিণ গোলার্ধে সবচেয়ে বড় দিন হয়:
(a) 25 ডিসেম্বর (b) 21 জুন (c) 21 ডিসেম্বর (d) 21 মার্চ

149. ওজোন গ্যাসের ঘনত্ব পরিমাপের একক হল:
(a) ফরমেন (b) ডবসন (c) লিভেম্যান (d) ওয়েগনার

150. সমগ্র ভারতে প্রথম জনগণনা হয়:
(a) 1972 সালে (b) 1872 সালে (c) 1772 সালে (d) কোনওটিই নয়

#### সাম্প্রতিক ঘটনাবলি

151. সম্প্রতি RBI দ্রুত লাইসেন্স প্রদানের জন্য নতুন ব্যাঙ্কগুলিকে যে সুবিধা দিচ্ছে:
(a) পকেট উইন্ডো (b) অন ট্যাপলাইসেন্স (c) লাইসেন্স টু স্পিড (d) নিউ এরা

152. সম্প্রতি কোন রাজ্যে লঞ্চ হয়েছে 'ওয়ান ফ্যামিলি, ওয়ান জব' স্কিম?
(a) গোয়া (b) সিকিম (c) মিজোরাম (d) রাজস্থান

153. 2019 আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (IMF) ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ করেন:
(a) বান কি মুন (b) ক্রিস্টিলিনা জর্জিয়েভা (c) ভ্লাদেমির পুতিন (d) হিলারি ক্লিন্টন

154. 2019 সালে অর্থনীতিতে কোন ভারতীয় নোবেল পুরস্কার পেলেন?
(a) অর্মত্য সেন (b) অভিজিৎ সেন (c) অভিজিৎ চক্রবর্তী (d) অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়

155. per capita income-এর নিরিখে বিশ্বের ধনীতম দেশ কোনটি?
(a) সৌদি আরব (b) কুয়েত (c) কাতার (d) মার্কিন যুক্তরাষ্ট্র

156. 1 জানুয়ারি, 2019-এ OPEC থেকে নিজেদের সদস্যপদ প্রত্যাহার করেছে:
(a) সৌদি আরব (b) ভেনেজুয়েলা (c) কাতার (d) কুয়েত

157. নির্মল পুর্জা 190 দিনের মধ্যে বিশ্বের 14টি সর্বোচ্চ শৃঙ্গকে অতিক্রম করে ইতিহাস তৈরি করেছেন। তিনি কোন দেশের বাসিন্দা?
(a) নেপাল (b) ভুটান (c) ভারত (d) বাংলাদেশ

158. সম্প্রতি কোন রাজ্য লঞ্চ করেছে 'মুখ্যমন্ত্রী কৃষি আশীর্বাদ যোজনা'?
(a) উত্তরপ্রদেশ (b) হরিয়ানা (c) মধ্যপ্রদেশ (d) ঝাড়খণ্ড

159. কোন শহরে স্থাপিত হয়েছে ভারতের প্রথম 'Insect Museum'?
(a) হায়দরাবাদ (b) বেঙ্গালুরু (c) কোয়েম্বাটুর (d) ইন্দোর

160. সম্প্রতি কোন দেশ লঞ্চ করল বিশ্বের প্রথম হাইড্রোজেন পাওয়ার ট্রেন?
(a) জাপান (b) জার্মানি (c) রাশিয়া (d) অস্ট্রেলিয়া

161. মিজোরামের নবনিযুক্ত মুখ্যমন্ত্রী হলেন:
(a) নেফিউ রিও (b) কনরাড সাংমা (c) পবন চামলিং (d) জোরামথাঙ্গা

162. শিশুর জন্মের নথিভুক্তকরণের সময় 'Birth Certificate'-এ পিতার নাম প্রদান বাধ্যতামূলক নয়, এই মর্মে রায় প্রদান করেছে:
(a) মাদ্রাজ হাইকোর্ট (b) দিল্লি হাইকোর্ট (c) এলাহাবাদ হাইকোর্ট (d) সুপ্রিম কোর্ট

163. জর্জিয়ার প্রথম মহিলা রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হয়েছেন:
(a) স্ট্যাসে কার্ডিং হাম (b) মিল্লি ববি ব্রাউন (c) ম্যালন জুরানিশভিলি (d) মিয়া আথোর মোওলে

*এরপর চোদ্দোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

164. সর্বাধিক ঝুঁকির গর্ভবতী মহিলাদের শনাক্তকরণের জন্য 'High Risk Pregnancy Postal' প্রথম লঞ্চ হয়েছে ভারতের:
(a) পাঞ্জাবে (b) মহারাষ্ট্রে (c) সিকিমে (d) হরিয়ানায়
165. কোন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম রাজনৈতিক বিজ্ঞাপন নিষিদ্ধ করার সিদ্ধান্ত নিয়েছে?
(a) Facebook (b) Instagram (c) Twitter (d) Whatsapp
166. সদ্যপ্রয়াত কল্পনা লাজমি কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) সাহিত্য (b) চলচ্চিত্র (c) রাজনীতি (d) ক্রীড়া
167. ভারতের প্রথম হিন্দি স্পিকিং রোবটের নাম:
(a) দোস্ত (b) প্রত্যুষ (c) নাবিক (d) রেশমি
168. কোন শহরে অনুষ্ঠিত হয়েছিল— 'সার্ক এগ্রি কো-অপারেটিভ বিজনেস ফোরাম 2018'?
(a) ঢাকা (b) ইসলামাবাদ (c) কলম্বো (d) কাঠমান্ডু
169. রঞ্জি ট্রফিতে 1000 রান অর্জনকারী প্রথম ক্রিকেটার:
(a) শিবম চৌধুরী (b) হিমাংশু আসনোনা (c) আলমাস শওকত (d) ওয়াসিম জাফর
170. Paytm Payments Bank-এর নতুন CEO হিসেবে নিযুক্ত হয়েছেন:
(a) সতীশকুমার গুপ্তা (b) ছন্দা কোচর (c) অভিজিৎ বোস (d) অরুন্ধতি ভট্টাচার্য
171. Indian Skill Report, 2019 অনুযায়ী এমপ্লয়েবিলিটি রেট-এর নিরিখে ভারতের প্রথম স্থানাধিকারী রাজ্য:
(a) রাজস্থান (b) গুজরাট (c) মহারাষ্ট্র (d) অন্ধ্রপ্রদেশ
172. মিজোরামের নতুন গভর্নর পদে কে নিযুক্ত হলেন?
(a) গীতা নায়েক (b) রাম নায়েক (c) পি এস শ্রীধরণ পিল্লাই (d) কলরাজ মিশ্র
173. 2019 বিশ্বকাপ ক্রিকেটে সর্বোচ্চ রান করেন:
(a) রোহিত শর্মা (b) ডেভিড ওয়ার্নার (c) সাকিব আল হাসান (d) কেভিন উইলিয়ামসন
174. পেরুর প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন:
(a) ভিসেন্তে জেবাল্লোস (b) নিকোলো ফার্নান্ডোজ (c) কেভিন পিটারসন (d) পোহিভা ইউয়োনিতোয়া
175. '2019 বিজয় হাজারে ট্রফি' (ক্রিকেট) কোন রাজ্য চ্যাম্পিয়ন হল?
(a) তামিলনাড়ু (b) কর্নাটক (c) অসম (d) ওড়িশা

### সাধারণ মানসিক দক্ষতা

176. যদি আলোকে অন্ধকার, অন্ধকারকে সবুজ, সবুজকে নীল, নীলকে লাল, লালকে সাদা, সাদাকে হলুদ বলা হয় তবে রক্তের রং কী?
(a) লাল (b) অন্ধকার (c) সাদা (d) হলুদ
177. যদি বৃষ্টি হয় জল, জল হয় রাস্তা, রাস্তা হয় মেঘ, মেঘ হয় আকাশ, আকাশ হয় সমুদ্র এবং সমুদ্র হয় পথ, তবে এরোপ্লেন কোথায় ওড়ে?
(a) রাস্তা (b) সমুদ্র (c) মেঘ (d) জল
178. ম্যাগাজিন : এডিটর : : নাটক : ?
(a) নায়ক (b) নায়িকা (c) সংগীত (d) নির্দেশক
179. ব্রহ্মপুত্র : গুয়াহাটি : : সবরমতী : ?
(a) ইন্দোর (b) ভদোদরা (c) রাজকোট (d) আমেদাবাদ
180. বেমানান সালটি নির্বাচন করুন:
(a) 2084 (b) 2052 (c) 1994 (d) 1984
181. নীচের কোনটি বিসদৃশ?
(a) কলকাতা (b) পাটনা (c) ভুবনেশ্বর (d) নাগপুর
182. সোমা শুভ্রার চেয়ে লম্বা, অমৃতা সোমার চেয়ে লম্বা, রমা অমৃতার চেয়ে লম্বা পূর্ণিমা সবচেয়ে লম্বা, যদি তারা তাদের উচ্চতার অধঃক্রম অনুসারে দাঁড়ায়, তবে মধ্যবর্তী স্থানে কে থাকবে?
(a) সোমা (b) শুভ্রা (c) রমা (d) অমৃতা
183. 5 জন লোকের একটি গ্রুপ B, C, E-এর মধ্যে কেউ টেনিস, কেউ দাবা ও কেউ হকি খেলে। A এবং D অবিবাহিত মহিলা এবং কোনও খেলায় অংশ নেয় না। E, G -এর স্বামী। কোনও মহিলাই দাবা বা হকি খেলে না। B, C-এর ভাই এবং সে দাবা বা টেনিস খেলে না। হকি খেলোয়াড় কে?
(a) C (b) E (c) B (d) A
184. শূন্যস্থানে কী বসবে?
bb ____ cd ___ bcc ____ db ____ c ____ dd.
(a) cdbdbc (b) cdbbdc (c) cdcbbd (d) cddbcc
185. 8 9 5 3 2 5 3 8 5 5 6 8 7 3 3 5 7 7 5 3 6 5 3 3 5 7 3 8 এই সংখ্যা সারিতে কতগুলি 5 আছে, যার আগে 3 আছে কিন্তু পরে 7 নেই?
(a) 1 (b) 2 (c) 0 (d) 3
186. যদি P নির্দেশ করে গুণ ×, T নির্দেশ করে বিয়োগ (–), M নির্দেশ করে যোগ (+) এবং B নির্দেশ করে ভাগ (÷) তাহলে, 12 P 6 M 15 T 16 B 4 = ?
(a) 70 (b) 83 (c) 75 (d) 110
187. যদি '–' মানে ভাগ, '+' মানে গুণ, '÷' মানে বিয়োগ এবং '×' মানে যোগ হয়, তাহলে প্রদত্ত সমীকরণগুলির মান কোনটি সঠিক?
(a) $5 \div 20 \times 12 + 7 - 1 = 70$ (b) $6 + 20 - 12 \div 7 \times 1 = 62$ (c) $6 - 20 \div 12 \times 7 + 1 = 57$ (d) কোনওটিই নয়
188. একটি সারিতে অনীকের ক্রম যদি উভয়দিক থেকেই 19 হয়, তাহলে উক্ত সারির সদস্যসংখ্যা কত?
(a) 27 (b) 37 (c) 38 (d) 39
189. একটি সারির দু'জন সদস্য P এবং Q। P এর ক্রম বাঁদিক থেকে 14তম এবং Q-এর ক্রম ডানদিক থেকে 7। P এবং Q-এর মধ্যে 4 জন আছে। সারির মোট সদস্যসংখ্যা কত?
(a) 24 (b) 26 (c) 25 (d) কোনওটিই নয়
190. দেওয়াল সংলগ্ন একটি ঘড়িতে সময় দেখাচ্ছে 4.25। উল্টোদিকের দেওয়ালে রাখা একটি সমতল দর্পণে প্রতিফলিত হলে ঘড়িটিতে ক'টা বেজেছে বলে মনে হবে?
(a) 8.35 (b) 7.25 (c) 7.35 (d) 8.25
191. গতকালের আগের দিন যদি সোমবার হয়, তাহলে আগামীকালের পরের তৃতীয় দিনটি কী হবে?
(a) বৃহস্পতিবার (b) শুক্রবার (c) শনিবার (d) রবিবার
192. নীচের দেওয়া শব্দগুলিকে সাজালে কোনটি ক্রম হবে?
1. Independence Day 2. Christmas 3. Diwali 4. Holi 5. Republic Day
(a) 54132 (b) 51432 (c) 23415(d) 43152
193. 'Pic, Vic, nic' বলতে Winter is cold. 'to nic re' বলতে Summer is hot. ' re pic boo' বলতে Winter and Summer. 'Vic tho pa' বলতে night are cold বোঝায় তাহলে Summer শব্দটির কোড কী?
(a) nic (b) boo (c) to (d) re
194. যদি 'mu mit es' বলতে 'who is she' 'elb me es' বলতে where is she বোঝায় তাহলে 'where' এর জন্য কোন কোডটি ব্যবহার করা হয়েছে?
(a) es (b) elb (c) mu (d) mit
195. কোনও নিয়মে তিনটি একইরকম, তবে বিজাতীয় কোনটি?
(a) Sun (b) Universe (c) Moon (d) Star
196. কোনটি বেমানান?
(a) CX (b) DW (c) JQ (d) LR
197. উপযুক্ত বর্ণ বসিয়ে শূন্যস্থান পূরণ করুন।
a __ ba ___ a ____ ba ___ ba ___ a ___ ba.
(a) ababba (b) bbabba (c) bbaabb (d) abbaab
198. '?' চিহ্নিত স্থানে কী বসবে?

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 3 | 2 | 2 | –1 | 6 | 5 |
| 4 | 24 | –2 | 4 | 0 | ? |

(a) 30 (b) 11 (c) 0 (d) 1
199. যদি M = 13 হয়, KITE = ?
(a) 35 (b) 45 (c) 50 (d) 65
200. কোনও কোড অনুযায়ী STABLE হল 123456 এবং ওই কোডে LABOUR হল 534789। তবে ওই কোড অনুসারে BOTTLE -এর কোডটি হবে:
(a) 472265 (b) 472256 (c) 452276 (d) 483356

### উত্তর

1(b), 2(c), 3(d), 4(c), 5(a), 6(b), 7(b), 8(b), 9(a), 10(a), 11(a), 12(b), 13(c), 14(a), 15(a), 16(a), 17(c), 18(a), 19(c), 20(a), 21(b), 22(a), 23(b), 24(b), 25(d), 26(b), 27(c), 28(a), 29(b), 30(a), 31(c), 32(d), 33(c), 34(b), 35(b), 36(b), 37(c), 38(a), 39(b), 40(a), 41(d), 42(c), 43(c), 44(d), 45(a), 46(d), 47(b), 48(c), 49(d), 50(c), 51(c), 52(d), 53(c), 54(b), 55(d), 56(c), 57(d), 58(a), 59(b), 60(a), 61(a), 62(a), 63(b), 64(d), 65(c), 66(b), 67(c), 68(a), 69(b), 70(b), 71(c), 72(b), 73(b), 74(d), 75(d), 76(b), 77(d), 78(a), 79(a), 80(c), 81(a), 82(b), 83(a), 84(d), 85(d), 86(d), 87(a), 88(a), 89(b), 90(a), 91(b), 92(a), 93(d), 94(a), 95(a), 96(c), 97(d), 98(a), 99(b), 100(c), 101(c), 102(b), 103(b), 104(d), 105(d), 106(c), 107(a), 108(d), 109(b) 110(c), 111(b), 112(a), 113(c), 114(b), 115(c), 116(c), 117(c), 118(a), 119(d), 120(d), 121(a), 122(c), 123(c), 124(c), 125(c), 126(c, 127(c), 128(a), 129(d), 130(a), 131(d), 132(c), 133(d), 134(c), 135(a), 136(c), 137(a), 138(a), 139(c), 140(c), 141(b), 142(b), 143(c), 144(a), 145(c), 146(d), 147(a), 148(c), 149(b), 150(b), 151(c), 152(b), 153(b), 154(d), 155(c), 156(c), 157(a), 158(d), 159(c), 160(b), 161(d), 162(a), 163(c), 164(d), 165(c), 166(b), 167(d), 168(d), 169(d), 170(a), 171(d), 172(c), 173(a), 174(b), 175(c), 176(c), 177(b), 178(d), 179(d), 180(c), 181(d), 182(d), 183(c), 184(a), 185(c), 186(b), 187(a), 188(b), 189(c), 190(c), 191(d), 192(a), 193(d), 194(b), 195(b), 196(d), 197(b), 198(c), 199(b), 200(b).

### সমাধান

176(c): রক্তের রং লাল, কিন্তু এক্ষেত্রে লালকে বলা হয় সাদা।
177(b): এরোপ্লেন আকাশে ওড়ে। এখানে আকাশ হল সমুদ্র।
178(d): ম্যাগাজিনের সর্বোচ্চ দায়িত্বে থাকেন এডিটর, এইরকমভাবে নাটকের সর্বোচ্চ দায়িত্বে থাকেন নির্দেশক।
179(d): কারণ, ব্রহ্মপুত্রের তীরে গুয়াহাটি শহরটি অবস্থিত। অনুরূপভাবে, আমেদাবাদ সবরমতী নদীর তীরে অবস্থিত।
180(c): বাকি তিনটি সালের মতো 1994 অধিবর্ষ (Leap year) নয়।
181(d): কারণ, বাকি শহরত্রয় সংশ্লিষ্ট রাজ্যের রাজধানী।
182(d): সোমা > শুভা ...
(i) অমৃতা > সোমা ... (ii) রমা > অমৃতা ... (iii) পূর্ণিমা > রমা > অমৃতা > সোমা > শুভ্রা।
183(c): E, C-এর স্বামী এবং সে দাবা বা হকি খেলে না, অর্থাৎ C টেনিস খেলে। B, C-এর ভাই এবং B দাবা বা টেনিস খেলে না।
B অবশ্যই হকি খেলে।
184(a): শ্রেণিটির ক্রম হল: b b c c d d / b b c c d d/b b c c d d.
185(c): এই শ্রেণিটিতে আগে 3 আছে কিন্তু পরে 7 নেই এমন একটিও 5 নেই।
186(b): $12\ P\ 6\ M\ 15\ T\ 16\ B\ 4 = 12 \times 6 + 15 - 16 \div 4$
$= 12 \times 6 + 15 - 4 = 72 + 15 - 4 = 83.$
187(a): প্রদত্ত সমস্যা = $6 \div 20 \times 12 + 7 - 1$
সঠিক চিহ্ন পরিবর্তনের পর = $6 - 20 + 12 \times 7 \div 1 = 70.$
188(b): সারির সদস্যসংখ্যা = $(19 + 19) - 1 = 37.$
189(c): মোট সদস্যসংখ্যা = $(14 + 7) + 4 = 25.$
190(c): কোনও ঘড়ির সময়ের প্রতিবিম্ব নির্ণয়ের ক্ষেত্রে সব সময় 11.60 থেকে প্রদত্ত সময় বিয়োগ করতে হয়।
নির্ণেয় আপাত সময় = $(11.60 - 4.25) = 7.35.$
191(d): গতকালের আগের দিন সোমবার হলে, গতকাল ছিল মঙ্গলবার ও আজ হল বুধবার। সুতরাং, আগামীকাল হবে বৃহস্পতিবার এবং তার পরের তৃতীয় দিন হবে রবিবার।
192(a): তারিখের নিরিখে বিচার করলে যে ক্রমটি হবে তা হল:
Republic Day — Holi — Independence Day — Diwali — Christmas.
193(d): Summer শব্দটি দ্বিতীয় ও তৃতীয় বাক্যে Common আছে তাই Summer-এর কোড re.
194(b): দ্বিতীয় কোডে mu ও es শব্দ দু'টি পুনর্বার ব্যবহার করা হয়েছে কিন্তু elb শব্দটি একবার ব্যবহার করা হয়েছে। তাই 'where' শব্দটির কোড হল 'elb'।
195(b): Sun, Moon ও Star এই তিনটিই পৃথকভাবে Universe-এ অবস্থান করে। তাই Universe হল বিজাতীয়।
196(d): কারণ Reverse letter গুলিকে Code করা হয়েছে CX, DW, JQ-তে, কিন্তু LR এ কোনও Reverse order পালন করা হয়নি।
197(b): a b ba/ b a a b/a b ba/ b a a b/a.
198(c): $3 \times 2 \times 4 = 24$, $2 \times -1 \times -2 = 4$, $6 \times 0 \times 5 = ?$
199(b): বর্ণমালায় 'M'-এর ক্রম = 13 (প্রদত্ত), K-এর ক্রম = 11,
I-এর ক্রম = 9, T-এর ক্রম = 20, E-এর ক্রম = 5
KITE = 11 + 9 + 20 + 5 = 45.
200(b):

| S | T | A | B | L | E | | L | A | B | O | U | R |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | | 5 | 3 | 4 | 7 | 8 | 9 |

একইভাবে,

| B | O | T | T | L | E |
|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 4 | 7 | 2 | 2 | 5 | 6 |

*প্রস্তুত করেছেন: কমল বৈদ্য*

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

### দ্বিতীয় সেট

1. বায়ুমণ্ডলে ওজোন গ্যাস কোন স্তরে ঘনীভূত থাকে?
(a) স্ট্র্যাটোস্ফিয়ার (b) মেসোস্ফিয়ার (c) আয়নোস্ফিয়ার (d) ট্রপোস্ফিয়ার
2. 'ভ্যান অ্যালেন বিকিরণ বলয়' বায়ুমণ্ডলের কোন স্তরে দেখা যায়?
(a) মেসোস্ফিয়ার (b) ম্যাগনেটোস্ফিয়ার (c) এক্সোস্ফিয়ার (d) থার্মোস্ফিয়ার
3. স্ট্র্যাটোপজে বায়ুর উষ্ণতা হল:
(a) $-15^{\circ}C$ (b) $-93^{\circ}C$ (c) $0^{\circ}C$ (d) $1200^{\circ}C$
4. থার্মোস্ফিয়ারে উচ্চতা বৃদ্ধির সঙ্গে উষ্ণতা:
(a) বাড়ে (b) কমে (c) প্রথমে বাড়ে তারপর কমে (d) কোনওটিই নয়
5. বায়ুমণ্ডলের কোন স্তর জলচক্র ও উষ্ণতা নিয়ন্ত্রণ করে?
(a) স্ট্র্যাটোস্ফিয়ার (b) থার্মোস্ফিয়ার (c) মেসোস্ফিয়ার (d) ট্রপোস্ফিয়ার
6. আন্টার্কটিকা অঞ্চলে ওজোনস্তরের সবচেয়ে বেশি ক্ষয় হয় কোন সময়ে?
(a) এপ্রিল-জুন (b) মার্চ-আগস্ট (c) জানুয়ারি-মার্চ (d) সেপ্টেম্বর-নভেম্বর
7. CFC অতিবেগুনি রশ্মির আঘাতে বিভাজিত হয়ে উৎপন্ন করে:
(a) সক্রিয় ফ্লুরিন পরমাণু (b) সক্রিয় হাইড্রোজেন পরমাণু (c) সক্রিয় কার্বন পরমাণু (d) সক্রিয় ক্লোরিন পরমাণু
8. বিশ্ব উষ্ণায়নের ফলে বিংশ শতাব্দীতে সমুদ্রতলে জলের উচ্চতা বেড়েছে:
(a) 1-5 cm (b) 3-8 cm (c) 18-25 cm (d) 10-15 cm
9. কোনটি জীবাশ্ম-জ্বালানি নয়?
(a) কয়লা (b) ডিজেল (c) সৌরশক্তি (d) পেট্রল
10. মিষ্টি গ্যাস নামে পরিচিত:
(a) মিথেন (b) কয়লাখনির মিথেন (c) মিথেন হাইড্রেট (d) এল পি জি
11. কোন জীবাশ্ম-জ্বালানির তাপনমূল্য সবচেয়ে বেশি?
(a) কয়লা (b) ডিজেল (c) প্রাকৃতিক গ্যাস (d) পেট্রল
12. বায়ুশক্তি সবচেয়ে বেশি ব্যবহৃত হয় কোন দেশে?
(a) ভারতবর্ষ (b) জার্মানি (c) আমেরিকা (d) ডেনমার্ক
13. ভারতবর্ষে সবচেয়ে বড় 'বায়ুশক্তি খামার' স্থাপিত হয়েছে কোন স্থানের কাছে?
(a) সুরাট (b) কন্যাকুমারী (c) সাগরদ্বীপ (d) হরিদ্বার
14. সৌরশক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়:
(a) প্রাণীদেহে (b) সমুদ্রে (c) মাটিতে (d) উদ্ভিদদেহে
15. সোলার কুকারের উপরিভাগ একটি কাচের প্লেট দ্বারা আবৃত রাখা হয় যাতে:
(a) ছ্যাঁকা না লাগে (b) ধুলোবালি না লাগে (c) তাপ সহজে বিকিরিত হয় (d) ভিতরের তাপমাত্রা বৃদ্ধি পায়
16. ভারতবর্ষে কোন নদীর অববাহিকা পৃথিবীর বৃহত্তম মিথেন হাইড্রেট ভাণ্ডারগুলির একটি?
(a) নর্মদা-তাপ্তি (b) কৃষ্ণা-গোদাবরী (c) যমুনা (d) গঙ্গা

### উত্তর

1(a), 2(b), 3(a), 4(a), 5(d), 6(d), 7(d), 8(b), 9(c), 10(b), 11(a), 12(b), 13(b), 14(d), 15(d), 16(b).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ ও অভিষেক রায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রাজ্যের ডাকবিভাগে ৫৭৭৮ গ্রামীণ ডাক সেবক

*প্রথম পাতার পর*

অনুযায়ী 'কর্মক্ষেত্র'-র ১৩ এপ্রিল, ২০১৮ সংখ্যায় 'রাজ্যে ৫৭৭৮ গ্রামীণ ডাক সেবক' শীর্ষক সংবাদে সেই নিয়োগের পূর্ণাঙ্গ খবর জানানো হয়। সম্প্রতি ভারতীয় ডাকবিভাগের পশ্চিমবঙ্গ সার্কেলের তরফে আর-একটি বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়েছে কেস নম্বর AST No. 21/2018, WPCT No. 6356 (w)/2018 এবং AST No.-22/2018-এর পরিপ্রেক্ষিতে ১৮-৫-২০১৯ তারিখে প্রকাশিত হাইকোর্টের নির্দেশ অনুসারে শুধুমাত্র ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব মাদ্রাসা এডুকেশন (দশম শ্রেণি উত্তীর্ণ) প্রার্থীরা ১৪ ডিসেম্বর পর্যন্ত অনলাইন আবেদন করতে পারবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Rectt/R-100/Online/GDS/VOL-VIII. মনে রাখবেন, ৫-৪-২০১৮-য় প্রকাশিত বিজ্ঞপ্তি নম্বর: Rectt/R-100/Online/GDS/VOL-VI বিজ্ঞপ্তি অনুসারে যেসব ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব মাদ্রাসা এডুকেশন প্রার্থী অফলাইনে দরখাস্ত করেছিলেন তাঁদের পুনরায় দরখাস্ত করতে হবে না।

নতুন আবেদনকারীদের সুবিধার জন্য শূন্যপদের বিন্যাস ও নিয়োগের অন্যান্য খুঁটিনাটি বিশদে জানানো হল। **মোট শূন্যপদ:** ৫,৭৭৮টি (সাধারণ ২,৭৬০, তফসিলি জাতি ১,১৮৪, তফসিলি উপজাতি ২৮৬, ও বি সি ১,৩২৮, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ৮৬, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৮৩, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ৫১)।

**শিক্ষাগত যোগ্যতা:** পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড পাশ (দশম শ্রেণি উত্তীর্ণ) প্রার্থীরা আবেদন করতে পারেন। এর পাশাপাশি প্রার্থীর কম্পিউটার ব্যবহারের জ্ঞান থাকতে হবে এবং কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ৬০ দিনের কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট থাকতে হবে। তবে কম্পিউটার সার্টিফিকেট না থাকলেও আবেদন করা যাবে। নিয়োগের সময় এই সার্টিফিকেট জমা দিতে হবে।

**বয়স:** ৫-৪-২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ বছরের ছাড় পাবেন।

গ্রামীণ ডাক সেবক (ব্রাঞ্চ পোস্ট মাস্টার) পদে নির্বাচিত প্রার্থী যদি সংশ্লিষ্ট অঞ্চলের বাসিন্দা না হয়ে থাকেন, তাহলে, কাজে যোগদানের আগে তাঁকে সংশ্লিষ্ট শাখা ডাকঘর-সংলগ্ন গ্রামে বসবাসের ব্যবস্থা করতে হবে। এই মর্মে প্রার্থীকে আবেদনের সময়ই একটি ঘোষণাপত্র জমা দিতে হবে। ব্রাঞ্চ পোস্ট মাস্টার ছাড়া বাকি সব পদের ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম বা সংশ্লিষ্ট শাখা ডাকঘরের ডাক বিতরণের এলাকার বাসিন্দা হতে হবে।

ডাক বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রার্থীর অন্যান্য সূত্র থেকেও উপার্জনের ব্যবস্থা থাকতে হবে। তবে বর্তমানে অন্য কোনও সূত্র থেকে উপার্জনের ব্যবস্থা না থাকলেও আবেদন করা যাবে। নির্বাচিত হিসেবে ঘোষিত প্রার্থীদের ১ মাসের মধ্যে, কাজে যোগদানের আগে অন্য সূত্র থেকে উপার্জনের প্রমাণ দাখিল করতে হবে।

ডাকঘর হিসেবে কাজ চালানোর উপযোগী জায়গার ব্যবস্থা করতে হবে ব্রাঞ্চ পোস্ট মাস্টার পদে নির্বাচিত প্রার্থীকেই এবং সে-বাবদ খরচও বহন করতে হবে সংশ্লিষ্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টারকে।

গ্রামীণ ডাক সেবক (ব্রাঞ্চ পোস্ট মাস্টার) পদে নির্বাচিতদের ২৫,০০০ টাকা এবং ব্রাঞ্চ পোস্ট মাস্টার ছাড়া অন্য ডাক সেবকদের ১০,০০০ টাকা ফিডেলিটি গ্যারান্টি বন্ড বা ন্যাশনাল সেভিংস সার্টিফিকেটের মাধ্যমে ডাক বিভাগে জমা রাখতে হবে।

ডাক সেবকদের এমন কোনও এজেন্সির সঙ্গে যুক্ত থাকা চলবে না যার কাজকর্ম ডাক বিভাগের কাজের পক্ষে ক্ষতিকারক হয়ে দাঁড়ায়।

ডাক সেবকরা তাঁদের কাজের বিনিময়ে অ্যালাওয়েন্স পাবেন। পদ অনুসারে অ্যালাওয়েন্সের পরিমাণ: ব্রাঞ্চ পোস্ট মাস্টার: ২,৭৪৫-৪,২৪৫ টাকা, মেল ডেলিভারার: ২,৬৬৫-৪,১৬৫ টাকা, মেলম্যান: ২,২৯৫-৩,৬৯৫ টাকা, প্যাকার: ২,২৯৫-৩,৬৯৫ টাকা, স্ট্যাম্প ভেন্ডর: ২,৬৬৫-৪,১৬৫ টাকা।

প্রার্থী বাছাই হবে দশম শ্রেণির বোর্ড পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে স্বয়ংক্রিয় পদ্ধতিতে তৈরি মেধা তালিকা অনুসারে। প্রতিটি বিষয়েই পাশ নম্বর থাকতে হবে। একাধিক প্রার্থীর একই নম্বর থাকলে বয়সের নিরিখে (উচ্চতর বয়সের প্রার্থীরা অগ্রগণ্য) মেধা তালিকা তৈরি হবে।

মাদ্রাসা বোর্ডের প্রার্থীরা অনলাইন আবেদন করবেন ১৪ ডিসেম্বরের মধ্যে। অনলাইন আবেদনের জন্য প্রথমে নাম রেজিস্টার করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: https://indiapost.gov.in, http://appost.in/gdsonline রেজিস্টার করার পরে রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এটি টুকে রাখবেন।

ফি বাবদ সাধারণ এবং ও বি সি ক্যাটেগরির পুরুষ প্রার্থীদের ১০০ টাকা জমা দিতে হবে নিকটবর্তী কোনও পোস্ট অফিসে। নির্দিষ্ট পোস্ট অফিসগুলির তালিকা পাবেন এই ওয়েবসাইটে: http://appost.in/gdsonline পোস্ট অফিসের কাউন্টারে রেজিস্ট্রেশন নম্বরটি জানাতে হবে। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি লাগবে না।

রেজিস্ট্রেশন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফি পেমেন্ট নম্বর উল্লেখ করে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://indiapost.gov.in দরখাস্তে পছন্দের ক্রমানুসারে পদের নাম উল্লেখ করা যাবে।

দরখাস্তে এইসব নথিপত্র জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করে আপলোড করতে হবে: (১) মাধ্যমিকের মার্কশিট বা সার্টিফিকেট। ফাইল সাইজ হতে হবে ২০০ কেবি-র মধ্যে। (২) কম্পিউটার সার্টিফিকেট (থাকলে)। ফাইল সাইজ হতে হবে ২০০ কেবি-র মধ্যে। (৩) প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট। ফাইল সাইজ হতে হবে ২০০ কেবি-র মধ্যে। (৪) ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ কেবি সাইজের মধ্যে)। (৫) সই (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ কেবি সাইজের মধ্যে) (৬) দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (২০০ কেবি সাইজের মধ্যে)।

নির্বাচিত হলে প্রার্থী ডাক বিভাগ থেকে এস এম এস ও ই-মেল পাবেন।

খুঁটিনাটি তথ্য এবং অঞ্চল অনুসারে শূন্যপদের তালিকা দেখা যাবে উপরোক্ত দুই ওয়েবসাইটে। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন ওয়েস্ট বেঙ্গল সার্কেলের এই হেল্প ডেস্ক নম্বরে: ০৩৩-২২১২-০৫৭৮। তথ্যের জন্য মেল করতে পারেন এই ই-মেল অ্যাড্রেসেও: gdsrecttenquiry450@gmail.com

# মেডিক্যাল সায়েন্সেসের স্নাতক কোর্সের সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা ৩ মে

*প্রথম পাতার পর*

অনলাইন আবেদন করতে পারবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ntaneet.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩১ ডিসেম্বর। মনে রাখবেন, অনলাইনে দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে (সাদা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা), পোস্ট কার্ড মাপের (৪ ইঞ্চি×৬ ইঞ্চি) ফটো (৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে, সাদা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা), সই (জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) এবং বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ১-৯-২০১৯-এর আগে তোলা ফটো চলবে না। ফটো তোলার সময় একটি সাদা কাগজে প্রার্থীর নাম ও সেই দিনের তারিখ লিখে কাগজটি সামনে ধরে রেখে ফটো তুলবেন।

পরীক্ষার ফি সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১,৫০০ টাকা, [illegible] ১,৪০০ টাকা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৮০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেওয়া যাবে। সব ক্ষেত্রেই অতিরিক্ত সার্ভিস বা প্রসেসিং চার্জ দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১ জানুয়ারি। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্মের (কনফার্মেশন পেজ) ৪ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

অনলাইন দরখাস্ত পূরণের সময় কোনও ত্রুটি হয়ে থাকলে, তা ১৫ থেকে ৩১ জানুয়ারির মধ্যে ওয়েবসাইটে গিয়ে সংশোধন করা যাবে। ২৭ মার্চ থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.nta.ac.in

# ইস্ট কোস্ট রেলে ১২১৬

*প্রথম পাতার পর*

১)। মোট আসনের মধ্যে ১০টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৭টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**খুরদা রোড ডিভিশন: ফিটার:** ১১২টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ২৮, ও বি সি ৩০, আর্থিকভাবে অনগ্রসর ১১)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৩৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৩)। **টার্নার:** ৬টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রিশিয়ান:** ৫৩টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ১৪, আর্থিকভাবে অনগ্রসর ৫)। **মেশিনিস্ট:** ১২টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ড্রাফটসম্যান (মেকানিক্যাল):** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **ড্রাফটসম্যান (সিভিল):** ১টি (সাধারণ)। **রেফ্রিজারেশন অ্যান্ড এ সি মেকানিক:** ১১টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ওয়্যারম্যান:** ১২টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **কার্পেন্টার:** ৪০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১০, ও বি সি ১১, আর্থিকভাবে অনগ্রসর ৪)। **ইলেক্ট্রনিক্স মেকানিক:** ১৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ২)। **প্লাম্বার:** ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ম্যাসন:** ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। মোট আসনের মধ্যে ১৩টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১০টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ওয়ালটেয়ার ডিভিশন: ফিটার:** ২৫৬টি (সাধারণ ১০৭, তফসিলি জাতি ৩৭, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৬৯, আর্থিকভাবে অনগ্রসর ২৬)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৬৪টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৭, আর্থিকভাবে অনগ্রসর ৬)। **টার্নার:** ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রিশিয়ান:** ১২০টি (সাধারণ ৫১, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩২, আর্থিকভাবে অনগ্রসর ১২)। **মেশিনিস্ট:** ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ২)। **ড্রাফটসম্যান (মেকানিক্যাল):** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ড্রাফটসম্যান (সিভিল):** ১টি (সাধারণ)। **রেফ্রিজারেশন অ্যান্ড এ সি মেকানিক:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ওয়্যারম্যান:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **কার্পেন্টার:** ২৪টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২)। **ইলেক্ট্রনিক্স মেকানিক:** ১১টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২)। **প্লাম্বার:** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ম্যাসন:** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। মোট আসনের মধ্যে ২২টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১৭টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**সম্বলপুর ডিভিশন: ফিটার:** ৩৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৪)। **ইলেক্ট্রিশিয়ান:** ১৫টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ড্রাফটসম্যান (সিভিল):** ১টি (সাধারণ)। **ওয়্যারম্যান:** ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **কার্পেন্টার:** ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রনিক্স মেকানিক:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **প্লাম্বার:** ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ম্যাসন:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। মোট আসনের মধ্যে ৩টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ২টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। শুধু ওয়েল্ডার (জি অ্যান্ড ই), শিট মেটাল ওয়ার্কার, ওয়্যারম্যান ও কার্পেন্টার ট্রেডের ক্ষেত্রে ক্লাস এইট পাশ হলেই চলবে। সেইসঙ্গে সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**বয়স:** ২৮-১২-২০১৯ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের নথিপত্র যাচাই করা হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcbbs.org.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৬ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। যে-কোনও একটি ইউনিটের আসনে আবেদন করবেন। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০-৫০ কেবি সাইজের মধ্যে প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (১০০×১২০ পিক্সেল ডাইমেনশনে), কালো কালির বলপেনে করা সই (১৬০×৭০ পিক্সেল ডাইমেনশনে), পি ডি এফ ফর্ম্যাটে ৫০-২০০ কেবি সাইজের মধ্যে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট আপলোড করতে হবে। অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ই-ওয়ালেটের মাধ্যমে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বাঁকুড়ায় সরকারি প্রকল্পে চাকরি

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট এবং প্রোগ্রাম অ্যাসিস্ট্যান্ট পদে ১৪ জনকে নেবে বাঁকুড়ার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অফিস। মহাত্মা গান্ধি ন্যাশনাল রুর্যাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিমের অধীনে চুক্তিতে নিয়োগ হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 1110/MGNREGS.

শূন্যপদের বিবরণ: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

প্রোগ্রাম অ্যাসিস্ট্যান্ট: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। এর পাশাপাশি অন্তত ছয় মাস মেয়াদের কম্পিউটার সার্টিফিকেট কোর্স পাশ। বেতন: প্রতি মাসে ১৬,০০০ টাকা। বয়স: ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankura.nic.in দরখাস্তের শেষ তারিখ ২৬ ডিসেম্বর।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ICA EDU SKILLS PVT. LTD.
India's No.1 Vocational Training Institute
URGENTLY REQUIRED

| Faculty Required | Qualification |
|---|---|
| NURSING | B.SC Nursing / GNM |
| PLUMBING | Diploma Civil / Mechanical |
| COMPUTER | Graduation / MCA |
| ELECTRICAL | Diploma Electrical / B.Tech / ITI |

- Min. Exp. required 1-3 Yrs.
- TOT Certified trainer preferred
- Walk-in-Interview on 16-17th Dec '19

Drop your CV saurav.chatterjee@icagroup.in
98300 88695

Interview @ PMKK Centres
Hindmotor : G.T. Road, Sitala Mandir, Joynagar : Uttar Durgapur, Haripal : Pepsi Godown, Kalna : Above UBI Bank, Asansol : [illegible]

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশনে চাকরি

বিভিন্ন বিভাগে ৭৫ জন কর্মী নেবে খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন। প্রাথমিকভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ হবে। প্রয়োজন অনুসারে সর্বাধিক ৩ বছরের জন্য চুক্তি বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর Adm./RW/Engagement Y.P./(105)/2019-20.

শিক্ষাগত যোগ্যতা: নির্দিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি বা ২ বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা। এম এস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টের ব্যবহার জানতে হবে ও লেখার দক্ষতা থাকতে হবে। স্কিম বা প্রোগ্রাম মনিটরিং ও ইভ্যালুয়েশন-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১০-১-২০২০ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতন: সর্বাধিক ৩০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নিয়োগ করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.kvic.org.in প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ১০ জানুয়ারি। মনে রাখবেন, দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (৫০-১০০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১০-৫০ কেবি সাইজের মধ্যে), বয়সের প্রমাণপত্র (৫০ কেবি থেকে ১ এম বি সাইজের মধ্যে), স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমার ফাইনাল সার্টিফিকেট (৫০ কেবি থেকে ১ এম বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। তিন সপ্তাহের পুরনো ফটো চলবে না। দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। শিক্ষাগত যোগ্যতার বিষয় ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চে টেকনিশিয়ান

৭১ জন টেকনিশিয়ান 'এ' নেবে ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশন। এটি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থী বাছাই করা হবে টেকনিশিয়ান 'এ' এক্সামিনেশন, ২০১৯-এর মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৩১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯, আর্থিকভাবে অনগ্রসর ৭। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি ট্রেডে আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। ট্রেডগুলি হল: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং, কম্পিউটার হার্ডওয়্যার, নেটওয়ার্ক টেকনিশিয়ান, ডেস্ক টপ পাবলিশিং অপারেটর, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক্স সিস্টেম, কম্পিউটার সফটওয়্যার অ্যাপ্লিকেশন মেইন্টেন্যান্স, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং, আই টি অ্যান্ড কমিউনিকেশন সিস্টেম মেইন্টেন্যান্স, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স মেকানিক, রেডিও অ্যান্ড টেলিভিশন মেকানিক, রেফ্রিজারেটর অ্যান্ড এয়ারকন্ডিশনার, মেকাট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল মেইন্টেন্যান্স, ইলেক্ট্রিশিয়ান। পাশাপাশি, প্রার্থীর কম্পিউটার জ্ঞান থাকা বাধ্যতামূলক। **বয়স:** ২৩-১২-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন। **বেতনক্রম:** ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে জানুয়ারি-ফেব্রুয়ারি মাস নাগাদ।

অনলাইন দরখাস্ত করতে হবে যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: https://ntrorectt.in, https://ntro.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৩ ডিসেম্বর পর্যন্ত।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইনস্টিটিউট অব প্লাজমা রিসার্চে চাকরি

প্রোজেক্ট সায়েন্টিফিক অফিসার, প্রোজেক্ট সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট এবং প্রোজেক্ট টেকনিশিয়ান পদে ৩০ জনকে নেবে ইনস্টিটিউট অব প্লাজমা রিসার্চ। প্রাথমিকভাবে ২ বছরের চুক্তিতে নিয়োগ হবে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ ১ বছর বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 10/2019.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ০১: প্রোজেক্ট সায়েন্টিফিক অফিসার (মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল/ফিজিক্স): শাখানুসারে শূন্যপদের বিন্যাস: মেকানিক্যাল ৫, ইলেক্ট্রিক্যাল ৪, ফিজিক্স ৩। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: ১২টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক অথবা ফিজিক্সে এম এসসি। বেতন: প্রতি মাসে ৭১,০০০ টাকা।

পোস্ট কোড ০২: প্রোজেক্ট সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল/ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল/ফিজিক্স): শাখানুসারে শূন্যপদের বিন্যাস: মেকানিক্যাল ৪, ইলেক্ট্রিক্যাল ৬, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ১, ফিজিক্স ২। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা অথবা ফিজিক্সে বি এসসি। বেতন: প্রতি মাসে ৪৪,০০০ টাকা।

পোস্ট কোড ০৩: প্রোজেক্ট টেকনিশিয়ান (মেকানিক্যাল/ওয়েল্ডার/ইলেক্ট্রিশিয়ান/ফিটার): শাখানুসারে শূন্যপদের বিন্যাস: মেকানিক্যাল ১, ওয়েল্ডার ২, ইলেক্ট্রিশিয়ান ১, ফিটার ১। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: ৫টি (সাধারণ ৩, আর্থিকভাবে অনগ্রসর ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে মেকানিক্যাল বা ওয়েল্ডার বা ইলেক্ট্রিশিয়ান বা ফিটার ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন প্রতি মাসে: ২৬,০০০ টাকা।

বয়স: প্রোজেক্ট সায়েন্টিফিক অফিসার পদের ক্ষেত্রে ৪০ বছর এবং বাকি দু'টি পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নিয়োগ করা হবে লিখিত পরীক্ষা বা ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইনে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ipr.res.in দরখাস্তের শেষ তারিখ ১৬ ডিসেম্বর বিকেল ৫টার মধ্যে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কালেক্ট বা অফলাইনে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফটটি 'Institute for Plasma Research'-এর অনুকূলে গান্ধীনগরে প্রদেয় হতে হবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

**দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন**

✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি দরখাস্তের প্রিন্ট আউটে নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓প্রার্থীর বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓ফি জমা দেওয়ার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্তের প্রিন্ট আউট-ভরা খামের ওপর বিজ্ঞপ্তি নম্বর এবং যে-পদের জন্য দরখাস্ত করেছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত ২৩ ডিসেম্বর বিকেল ৫টার মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Chief Administrative Officer, Institute for Plasma Research, Near Indira Bridge, Bhat Village, Gandhinagar-382 428, Gujarat (India).

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।




# রাজ্যের পরিবহণ দপ্তরে মোটর ভেহিক্যাল ইনস্পেক্টর

মোটর ভেহিক্যাল ইনস্পেক্টর পদে ১৯ জনকে নেবে রাজ্যের পরিবহণ দপ্তর। প্রার্থী বাছাই করবে পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 32/2019.

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। দৈহিক মাপজোক: উচ্চতা ১৭০ সেমি (তফসিলি উপজাতি এবং পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ সেমি ও ৮৬ সেমি (তফসিলি উপজাতি এবং পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি)। ওজন অনুসারে মানানসই উচ্চতা থাকতে হবে।

বয়স: ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in দরখাস্তের শেষ তারিখ ৩০ ডিসেম্বর। ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না)। ফি দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
**প্রধান সম্পাদক**: অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক**: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swa

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad